প্রকাশ থাকে যে, নেক আ'মল সমূহের ভিতরে নফল নামাযই অত্যাধিক মর্যাদাশালী, অতএব নফল নামাযের মাধ্যমেই বেশী বেশী গুনাহ্ মাফ হইয়া থাকে। সুতরাং বেশী বেশী নফল নামায আদায় করা উচিৎ।

ত্যাহিয়্যাতুল অজু নামাযের বিবরণ

অজু করিবার পর দুই রাকয়া'ত নফল নামায আদায় করাকে 'তাহিয়্যাতুল অজুর' নামায বলা হয়।

❐ কোন ব্যক্তি গুনাহের কাজ করিবার পরে অজু করতঃ দুই রাকয়া'ত (নফল) নামায আদায় করতঃ তওবা করিলে, আল্লাহ তাআ'লা তাহার গুনাহ ক্ষমা করিয়া দেন। (তিরমিযী)

তাহিয়্যাতুল অজু নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ التَّحِيَّةُ الْوُضُوْءِ سُنَّةُ رَسُوْلِ اللّٰهِ تَعَالٰى مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ۔

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা রাক্য়া'তায় ছলাতিত তাহিয়্যাতুল উযুয়ি সুন্নাতু রাসূলিল্লাহি তাআ'লা, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ্ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলায় নিয়ত ঃ আমি ক্বেলামুখী হইয়া আল্লাহর উদ্দেশ্যে দুই রাকয়া'ত তাহিয়্যাতুল অজু নামায আদায় করিবার নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

এশরাক নামাযের বিবরণ

এশরাক নামায সম্পর্কে হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ

❐ যেই ব্যক্তি ফজরের নামায আদায় করতঃ সূর্য উদয় পর্যন্ত আল্লাহ তাআ'লার যিকিরে মশগুল থাকিয়া সূর্যোদয়ের পরে দুই রাকয়া'ত নামায আদায় করিবে, সেই ব্যক্তি একটি হজ্জ ও একটি উমরার সওয়াব লাভ করিবে। (তিবরাণী)

❐ যেই ব্যক্তি ফজরের নামায আদায় করতঃ জায়নামাযে বসিয়া কথাবার্তা না বলিয়া যিকরে ইলাহীতে মশগুল থাকিবে এবং সূর্যোদয়ের পরে দুই রাকয়া'ত ইশরাক নামায আদায় করিবে। তাহার সমস্ত গুনাহ্ ক্ষমা করিয়া দেওয়া হইবে ; যদিও তাহার গুনাহ্ সমূদ্রের অসংখ্য বুদবুদের (ফেনার) তুল্য হইয়া থাকে। (আহমদ)

এই নামাযের ওয়াক্ত সূর্যোদয়ের পর হইতে বৃক্ষের মাথায় সূর্য উঠা পর্যন্ত থাকে। সূরা ফাতিহার পরে যেই কোন সূরা মিলাইয়া এই নামায আদায় করা যায়। এই নামায চার রাকয়া'ত তবে দুই রাকয়া'তও আদায় করা যায়।

এশরাক নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ الْاِشْرَاقِ سُنَّةُ رَسُوْلِ اللّٰهِ تَعَالٰى مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা রাক্য়া'তায় ছলাতিল ইশরাক্বি সুন্নাতু রাসূলিল্লাহি তাআ'লা, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ্ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলায় নিয়ত ঃ আমি ক্বেলামুখী হইয়া আল্লাহর উদ্দেশ্যে দুই রাকয়া'ত ইশরাকের নামায আদায় করিবার নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

চাশ্ত নামাযের বিবরণ

চাশত নামায সম্পর্কে হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ

❐ মানুষের শরীরের মধ্যে যতগুলি জোড়া আছে, উহার প্রত্যেকটির সদক্বা রহিয়াছে, "সুবহান আল্লাহ" বলা সদ্ক্বাহ্ ; "আল্হামদু লিল্লাহ" বলা সদ্ক্বাহ্ ; আর "আল্লাহু আকবার" বলা সদ্ক্বাহ্। আর সৎকার্যের উপদেশ দেওয়া এবং মন্দ কাজ হইতে বিরত রাখিবার চেষ্টা করাও একটি সদ্ক্বাহ্। আর যদি কোন লোক চাশ্তের দুই রাকয়া'ত নামায আদায় করে, তবে তাহার সমস্ত অঙ্গ সমূহের সদ্ক্বাহ্ আদায় হইয়া যায়। (মুসলিম)

❐ আল্লাহ তাআ'লা এরশাদ করিয়াছেন ঃ হে আদম সন্তান ! যদি তোমরা দিনের প্রথম ভাগে চার রাকয়া'ত নামায আদায় কর, তবে আমি সমস্ত দিনের জন্য তোমাদের নিরাপত্তার দায়িত্ব গ্রহণ করিয়া থাকি। (আহমদ)

এই নামায দুই, চার, আট বা ১২ রাকয়া'ত পর্যন্ত আদায় করা যায়। এই নামাযের প্রতি রাকয়া'তে সূরা ফাতিহার পর একবার আয়াতুল কুরসী এবং তিনবার সূরা ইখলাছ পড়া যায়। অথবা শুধু সূরা এখ্লাছ (কুলহু আল্লাহু) দ্বারাও আদায় করা যায় কিংবা যে কোন সূরা মিলাইয়া আদায় করা যায়। এই নামাযের ওয়াক্ত এক প্রহর হইতে আরম্ভ হইয়া বেলা দ্বিপ্রহরের পূর্ব পর্যন্ত থাকে। এই নামাযকে " দ্বোহা" নামাযও বলা হয়।

চাশত্ নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ الضُّحٰى سُنَّةُ رَسُوْلِ اللّٰهِ تَعَالٰى مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা রাকয়া'তাই ছলাতিদ্ দ্বোহা সুন্নাতু রাসূলিল্লাহি তাআ'লা, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল, কা'বাতিশ্ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলায় নিয়ত ঃ আমি ক্বেবলামুখী হইয়া আল্লাহর উদ্দেশ্যে দুই রাকয়া'ত চাশতের নামায আদায়ের নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

যাওয়াল নামাযের বিবরণ

যাওয়ালের নামায আদায়কারী অসংখ্য সওয়াব লাভ করিয়া থাকে। বর্ণিত আছে, এই নামায আদায়কারীর সহিত ৭০ হাজার ফেরেশতা শরীক হইয়া থাকে এবং তাহার জন্য রাত্র পর্যন্ত আল্লাহর দরবারে মাগফিরাত কামনা করিয়া থাকে। হযরত নবী করীম (সঃ) এই নামায আদায় করিতেন। তিনি বলেন ঃ

❐ যাওয়ালের নামাযের সময় আসমানের দরজা উম্মুক্ত হইয়া যায় এবং আমার ইচ্ছা এই যে, এখনই আমার আ'মল আসমানে পৌঁছিয়া যায়। এই নামাযের ওয়াক্ত সূর্য পশ্চিম দিকে গড়াইবার সঙ্গে সঙ্গে আরম্ভ হইয়া আছরের পূর্ব পর্যন্ত থাকে। এই নামায চার রাকয়া'ত এবং এক নিয়তে আদায় করিতে হয়। সূরা ফাতিহার পরে যে কোন সূরা মিলাইয়া এই নামায আদায় করা যায়।

যাওয়াল নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّيَ لِلّٰهِ تَعَالٰى اَرْبَعَ رَكْعَاتِ صَلٰوةِ الزَّوَالِ سُنَّةَ رَسُوْلِ لِلّٰهِ تَعَالٰى ـ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা আরবায়া' রাকয়াতি ছলাতিয্ যাওয়ালি সুন্নাতু রাসূলিল্লাহি তাআ'লা মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ্ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলায় নিয়ত ঃ আমি ক্বেবলা মুখী হইয়া আল্লাহর উদ্দেশ্যে যাওয়ালের চার রাকয়া'ত নামায আদায়ের নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

আউয়াবীন নামাযের ফযীলত

আউয়াবীনের নামাযের ফযলীত সম্পর্কে হযরত রাসূলুল্লাহ (সঃ) বলিয়াছেনঃ

❐ যেই লোক মাগরিব নামাযের পর ৬ রাকয়া'ত (নফল) নামায আদায় করিবে এবং নামাযের মধ্যবর্তী সময়ে কথাবার্তা না বলিয়া থাকে, তাহা হইলে সে ব্যক্তি ১২ বৎসর ইবাদত করিবার তুল্য সওয়াব লাভ করিবে। (ইবনে মাজা)

❐ মাগরিব নামাযের পর ২০ রাকয়া'ত নফল নামায আদায়কারীর জন্য বেহেশতে বালাখানা নির্মাণ করা হইবে। (তিরমিযী)

আউয়াবীন নামায আদায়ের নিয়ম এই যে, মাগরিব নামাযের ফরজ ও সুন্নাত আদায়ের পর দুই দুই রাকয়া'তের নিয়তে কমের পক্ষে ৬ রাকয়া'ত নামায এবং বেশির পক্ষে বিশ রাকয়াত' নামায আদায় করিতে হয়। এই নামাযকে আউয়াবীন নামায বলা হয়। এই নামাযের প্রতি রাকয়া'তে সূরা ফাতিহার পরে একবার আয়াতুল কুরসী ও তিনবার সূরা এখলাছ পাঠ করিতে হয়। আয়াতুল কুরসী মুখস্ত না থাকিলে সূরা এখলাছ ৩ বার করিয়া পাঠ করিবে অথবা যে কোন সূরা মিলাইয়া আদায় করা যায়।

আউয়াবীন নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ الْاَوَّبِيْنِ سُنَّةَ رَسُوْلِ اللّٰهِ تَعَالٰى ـ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা, রাকআ'তাই ছলাতিল্ আউয়্যাবীনি সুন্নাতু রাসূলিল্লাহি তাআ'লা মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ্ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলায় নিয়ত ঃ আমি ক্বেবলামুখী হইয়া আল্লাহর উদ্দেশ্যে দুই রাকয়া'ত আউয়াবীন নামায আদায়ের নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

তাহাজ্জুদ নামাযের ফযীলত

তাহাজ্জুদ নামায সম্পর্কে পবিত্র কুরআন শরীফে আল্লাহ বলিয়াছেন ঃ

وَمِنَ اللَّيْلِ فَتَهَجَّدْ بِهٖ نَافِلَةً لَّكَ عَسٰى اَنْ يَّبْعَثَكَ رَبُّكَ مَقَامًا مَّحْمُوْدًا ـ

উচ্চারণ ঃ ওয়া মিনাল্লাইলি ফাতাহাজ্জাদ বিহী- না-ফিলাতাল্লাকা আ'সা-আইঁয়্যাব্ আ'ছাকা রব্বুকা মাক্বামাম্ মাহমূ-দা।

অর্থ ঃ (হে আল্লাহর নবী !) রাত্রির কিছু অংশ বাকী থাকিতে জাগিয়া আপনি তাহাজ্জুদ নামায আদায় করিবেন। অসম্ভব নয় যে, ইহার পরিবর্তে আপনার প্রভু রোজ কেয়ামতে আপনাকে 'মাক্বামে মাহমুদে' (প্রশংসিত স্থানে) পৌছাইবেন। সকল নফল নামাযের মধ্যে তাহাজ্জুদের ফযীলত বেশী।

❐ বেহেশতের মধ্যে এমন কতকগুলি মহল এমনি কৌশলে নির্মাণ করা হইয়াছে, যাহার বহির্ভাগ হইতে ভিতরে এবং ভিতর হইতে বাহিরে দৃষ্টিগোচর হয় (অর্থাৎ অতিস্বচ্ছ)। এই মহলসমূহ মধ্য রাত্রিতে ইবাদতকারীগণের নছীব হইবে। অর্থাৎ তাহাজ্জুদ নামাযীদের জন্য। (ইবনে হাব্বান)

❐ আল্লাহ তাআ'লা শেষ রাত্রিতে বান্দার অতি নিকটবর্তী হইয়া থাকেন। যদি তুমি সেই সময় তোমার নাম যিকির কারীদের অন্তর্ভুক্ত করিতে সক্ষম হও তবে অলস্য করিও না। (তিরমিযী)

❐ রাত্রে জাগরিত হইয়া নামায আদায় করা পূর্ববর্তী নেক্কারগণের নিয়ম। এই নিয়মে আল্লাহর নৈকট্যতা লাভ করা যায়। ইহার ফলে পূর্ববর্তী গুনাহ মাফী এবং পরবর্তী গুনাহ হইতে রক্ষা পাওয়া যায়। (তিরমিযী)

তাহাজ্জুদ নামাযের ওয়াক্ত হইতেছে রাত্রি দ্বিপ্রহর হইতে সুবহে কাযিব অর্থাৎ সুবহে সাদিকের পূর্ব পর্যন্ত। এই নামায ১২ রাকয়াত তবে সামর্থানুযায়ী ৪ রাকয়া'ত বা ৮ রাকয়া'তও আদায় করা যায়। হযরত নবী করীম (সঃ) কোন কোন সময় এই নামায ৪ রাকয়া'ত, ৮ রাকয়া'ত বা ১২ রাকয়া'ত আদায় করিতেন। এই নামায দুই দুই রাকয়া'তের নিয়তে আদায় করিতে হয় এবং প্রতি রাকয়া'তে সূরা ফাতিহার পরে ৩ বার সূরা ইখলাছ মিলাইয়া পড়িতে হয়। নামায শেষে কিছু দরূদ শরীফ পাঠ করতঃ বিতের নামায আদায় করিতে হয়।

তাহাজ্জুদ নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ التَّهَجُّدِ سُنَّةَ رَسُوْلِ اللّٰهِ تَعَالٰى ـ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা রাকয়া'তাই ছলাতিত্ তাহাজ্জুদি সুন্নাতু রাসূলিল্লাহি তাআ'লা, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ্ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলায় নিয়ত ঃ আমি ক্বেলামুখী হইয়া আল্লাহর উদ্দেশ্যে তাহাজ্জুদের দুই রাকয়া'ত নামায আদায়ের নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

সলাতুত্ তাস্‌বীহ্ এর বিবরণ

❐ হযরত রাসূলুল্লাহ (সঃ) স্বীয় চাচা আব্বাস (রাঃ)-কে ফরমাইয়াছেন ঃ হে চাচাজান ! আমি কি আপনাকে এমন নামাযের কথা বলিব না, যেই নামায আদায় করিলে সমস্ত গুনাহ্ মাফ হইয়া যায়। চাচাজান আপনি এই নামায এই নিয়মে চার রাকয়া'ত আদায় করিবেন। উহার প্রথম রাকয়া'তে সানা "সুব্‌হানাকা" পাঠ করিবার পরে নিম্নের দোয়াটি ১৫ বার পাঠ করিবেন। অতঃপর রুকুর পূর্বে ১০ বার, রুকুর তাসবীহ্ পরে ১০ বার, রুকু হইতে দাঁড়াইয়া ১০ বার, প্রথম সিজদার তাসবীহর পরে ১০ বার, দুই সেজদার মাঝে বসা অবস্থায় ১০ বার এবং দ্বিতীয় সেজদার তাসবীহ শেষ করে বসা অবস্থায় ১০ বার এইভাবে এক রাকয়া'তে মোট ৭৫ বার হইল। এই রূপে চার রাকয়াতে মোট ৭৫X৪= ৩০০ বার তাসবীহ পাঠ করিতে হইবে। হে চাচাজান ! সম্ভব হইলে এই নামায প্রত্যহ একবার আদায় করিবেন, ইহা সম্ভব না হইলে সপ্তাহে শুক্রবার দিনে একবার, ইহা সম্ভব না হইলে প্রতি মাসে একবার, ইহা সম্ভব না হইলে বৎসরে একবার, ইহাও সম্ভব না হইলে জীবনে একবার আদায় করিবেন। (বায়হাকী, ইবনে মাযা ও আবু দাউদ)

দোয়া

سُبْحَانَ اللّٰهِ وَالْحَمْدُ لِلّٰهِ وَلَا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاللّٰهُ اَكْبَرُ۔

উচ্চারণ ঃ সুব্‌হানাল্লাহি ওয়ালহামদু লিল্লাহি ওয়া লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আকবার।

সালাতুত্ তাসবীহ্ এর নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى اَرْبَعَ رَكْعَاتِ صَلٰوةِ التَّسْبِيْحِ سُنَّةُ رَسُوْلِ اللّٰهِ تَعَالٰى ۔ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ۔

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা আরবাআ' রাক্‌আ'তি ছলাতিত্ তাস্‌বীহি সুন্নাতু রাসূলিল্লাহি তাআ'লা, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ্ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলায় নিয়ত ঃ আমি ক্বেলামুখী হইয়া আল্লাহর উদ্দেশ্যে চার রাক্‌আ'ত তাসবীহের নামায আদায়ের নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

তওবার নামাযের বিবরণ

কোন মু'মিন ব্যক্তি যদি ঘটনাচক্রে কোন গুনাহের কার্য বা কথাবার্তা বলিয়া থাকে কিংবা করিয়া বসে যাহা কবীরা গুনাহের মধ্যে শামিল হইয়া যায়, তখন বিলম্ব না করিয়া অজু করতঃ দুই রাকয়া'ত নফল নামায আদায় করিবে। অতঃপর তওবা ও কান্নাকাটি করতঃ আল্লাহর দরবারে গুনাহ্ মাফীর জন্য দোয়া' প্রার্থনা করিবে। আর অন্তরে এইভাবে শপথ গ্রহণ করিবে যে, জীবনে এইরূপ কার্য করিব না বা বলিব না। এইভাবে দোয়া' প্রার্থনা করিলে আল্লাহ গাফূরুর রহীম বান্দার গুনাহখাতা মাফ করিয়া দিবেন, যেহেতু তিনি তওবা কবুলকারী ও ক্ষমাকারী। এই সম্পর্কে আল্লাহর রাসূল (সঃ) বলেন ঃ

❐ কখনো কোন বান্দা যদি গুনাহের কার্য করিয়া ফেলে, তবে সে সঙ্গে সঙ্গে অজু করতঃ দুই রাকয়া'ত নফল নামায আদায় করিবে এবং তওবা করিবে, হয়তঃ আল্লাহ তাআ'লা গুনাহ ক্ষমা করিয়া দিবেন। (তিরমিযী ও ইবনে হাব্বান)

তওবার নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ التَّوْبَةِ سُنَّةُ رَسُوْلِ اللّٰهِ تَعَالٰى ـ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা রাক্য়া'তাই ছালতিত্তাওবাতি সুন্নাতু রাসূলিল্লাহি তাআ'লা, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ্ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলায় নিয়ত ঃ আমি ক্বেবলা মুখী হইয়া আল্লাহর উদ্দেশ্যে দুই রাক্য়া'ত তওবার নামায আদায় করিবার নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

সালাতুল হাযাতের ফযীলত

যদি কোন বান্দাহর জরুরী কোন হাযত দেখা দেয়, তখন উহা পূর্ণ হইবার উদ্দেশ্যে খালেছ দিলে দুই রাকয়া'ত নফল নামায আদায় করিবে। নামায শেষে নিম্নের দোয়াটি পাঠ করতঃ কয়েকবার দরূদ শরীফ পড়িয়া এস্তেগফার করিয়া আল্লাহ তাআ'লার দরবারে দুই হাত তুলিয়া কান্নাকাটি সহকারে স্বীয় হাযত পূরা হইবার জন্য দোয়া' প্রার্থনা করিবে।

سُبْحَانَكَ اَللّٰهُمَّ وَبِحَمْدِكَ وَتَبَارَكَ اسْمُكَ وَتَعَالٰى جَدُّكَ وَلَااِلٰهَ غَيْرُكَ ـ

উচ্চারণ ঃ সুবহানাকা আল্লাহুম্মা ওয়া বিহামদিকা ওয়া তাবারকাস্‌মুকা ওয়া তাআ'লা জাদ্দুকা ওয়া লা-ইলাহা গাইরুক।

সালাতুল হাযতের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ الْحَاجَاتِ سُنَّةَ رَسُوْلِ اللّٰهِ تَعَالٰى ـ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা রাকয়াতাই ছলাতিল হাযাতি সুন্নাতু রাসূলিল্লাহি তাআ'লা, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলা নিয়ত ঃ অমি ক্বেবলামুখী হইয়া আল্লাহর উদ্দেশ্যে দুই রাকয়াত ছলাতিল হাযত আদায় করিবার নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

কুসূফ নামাযের বিবরণ

সূর্য গ্রহণকালে যেই দুই রাকয়াত নামায আদায় করা হইয়া থাকে, তাহাকে ছলাতুল কুসূফ বলা হয়। ইহা সুন্নাতে গায়ের মুয়াক্কাদাহ্। এই নামায একা একা আদায় করা যায় এবং জামায়া'তের সহিতও আদায় করা যায়। তবে ইহাতে আযান ও এক্বামতের প্রয়োজন নাই। এই নামায মসজিদে যাইয়া আদায় করিবে আর মহিলারা নিজ নিজ গৃহে থাকিয়া আদায় করিবে। এই নামাযের ইমামতি করিবে রাষ্ট্রের প্রতিনিধি বা মহল্লার ইমাম সাহেব। এই নামাযে চুপে চুপে লম্বা কেরায়াত পড়িতে হয়, ইহা সুন্নাত। এই নামায দুই রাকয়া'ত আদায় করিতে হয়।

নামায শেষ হইলে ইমাম সাহেব কেবলামুখী অথবা মুক্তাদীগণের দিকে ফিরিয়া দাঁড়াইয়া সকলে আল্লাহর দরবারে হাত তুলিয়া কান্নাকাটি সহকারে যতক্ষণ সূর্য গ্রহন থাকিবে ততক্ষণ দোয়া' মুনাজাত করিতে থাকিবে। সূর্যগ্রহণ ছাড়িয়া গেলে মুনাজাত শেষ করিবে।

কুসূফ্ নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ الْكُسُوْفِ سُنَّةَ رَسُوْلِ اللّٰهِ تَعَالٰى ـ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ উছল্লিয়া লিল্লাহি তাআ'লা রাকয়া'তাই ছলাতিল কুসূফি সুন্নাতু রাসূলিল্লাহি তাআ'লা, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ্ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলায় নিয়ত ঃ আমি ক্বেবলামুখী হইয়া আল্লাহর উদ্দেশ্যে এই ইমামের পিছনে দুই রাকয়া'ত কুসূফের নামায আদায় করিবার নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

খুসূফ নামাযের বিবরণ

চন্দ্র গ্রহণকালে যেই দুই রাকয়া'ত নামায আদায় করা হয়, তাহাকে খুসূফের নামায বলা হয়, ইহা সুন্নাত। এই নামায একাকী গৃহে বসিয়া আদায় করিবার নিয়ম। মহিলারাও এই নামায নিজ গৃহে থাকিয়া আদায় করিতে পারে। এই নামাযের প্রতি রাকয়া'তে সূরা কেরায়াত চুপে চুপে পড়িতে হয়। নামায শেষ করতঃ চন্দ্র গ্রহণ শেষ না হওয়া পর্যন্ত হাত তুলিয়া আল্লাহর দরবারে দোয়া' প্রার্থনা করিতে হয়।

কোন দুর্ঘটনা বা বালা মুসীবত দেখা দিলে এই নামায আদায় করা যায়, যেমন- যান বাহনে দুর্ঘটনা, বজ্রপাত, ঝড়-তুফান, অতি-বৃষ্টিপাত, শীলাবৃষ্টি, বরফ পড়া, কলেরা-বসন্ত ইত্যাদি। এই নামাযও সুন্নাত।

খুসূফ নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ الْخُسُوْفِ سُنَّةَ رَسُوْلِ اللّٰهِ تَعَالٰى ـ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা রাকয়া'তাই ছলাতিল খুসূফি সুন্নাতু রাসূলিল্লাহি তাআ'লা, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ্ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলায় নিয়ত ঃ আমি কেবলামুখী হইয়া আল্লাহর উদ্দেশ্যে দুই রাকয়া'ত খুসূফের সুন্নাত নামায আদায় করিবার নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

শুকূর গুজারী নামাযের বিবরণ

মহান প্রতিপালক আল্লাহ তাআ'লা তাঁহার বান্দাগণকে যে, অসংখ্য নিয়ামত দ্বারা পরিপূর্ণ করিয়া দিয়াছেন, এই জন্য আল্লাহ পাকের শুকূর আদায় করা

কর্তব্য যেমন ঃ আল্লাহ তাআ'লা বান্দাগণকে বেশুমার ধন-সম্পদ, গাড়ী-বাড়ী, স্ত্রী-পুত্র, পোশাক-পরিচ্ছদ ও আরাম আয়েশের বস্তুসমূহ ইত্যাদি দিয়াছেন। যখন মানুষ কোন নেয়ামতের অধিকারী হইয়া থাকে কিংবা বিদেশ হইতে গৃহে প্রত্যাবর্তন করিয়া থাকে কিংবা কোন মুসীবত হইতে পরিত্রাণ লাভ করিয়া থাকে, তখন তাহাদের মুনীবের শুকূর গুজারী করা একান্ত কর্তব্য। তাই আল্লাহর কৃতজ্ঞতা প্রকাশের জন্য অজু করতঃ দুই রাকয়াত শুকূরানা নামায আদায় করা উচিৎ। এই নামায মাকরূহ ওয়াক্ত বাদে যে কোন সময় যে কোন দিবসে আদায় করা যায় এবং সূরা ফাতিহার পরে যে কোন সূরা মিলাইয়া পড়া যায়।

শুকূরানা নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ الشُّكْرِ ـ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতুআন্ উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা রাকায়া'তাই ছলাতিশ্ শুক্‌রি, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ্ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলায় নিয়ত ঃ আমি কেবলামুখী হইয়া আল্লাহর জন্য দুই রাকয়া'ত শুকূরানা নামায আদায় করিবার নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

ভ্রমণে বাহির হইবার সময় নফল নামাযের নিয়মাবলী

সফরের নিয়তে বিদেশে রওনা করিবার পূর্বে দুই রাকয়াত নফল নামায আদায় করতঃ রওনা করা এবং বিদেশ হইতে প্রত্যাবর্তন করিয়া গৃহে প্রবেশের পূর্বে মসজিদে গমন করতঃ দুই রাকয়া'ত নফল নামায আদায় করিয়া গৃহে প্রবেশ করা নবীর সুন্নাত। এই সম্পর্কে রাসূলুল্লাহ (সঃ) বলিয়াছেন ঃ

❐ যেই বান্দা সফরে বাহির হইবার পূর্বে দুই রাকয়া'ত নফল নামায আদায় করতঃ গৃহে রাখিয়া যায়, ইহার চেয়ে উত্তম পুঁজি অন্যটি নাই।

❐ হযরত রাসূলুল্লাহ্ (সঃ) বলেন ঃ তিনি প্রবাস হইতে প্রত্যাবর্তন করতঃ মসজিদে গমণ করিয়া দুই রাকয়া'ত নামায আদায় করিয়া গৃহে প্রবেশ করিতেন।

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ النَّفْلِ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা রাক্‌য়াতাই ছলাতিন নফলি, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ্ শারীফাতি আল্লাহু আকবার।

এস্তেস্কা নামাযের নিয়ম

দেশ-দেশান্তরে অনাবৃষ্টির কারণে ক্ষেত-খামার বিপদের সম্মুখীন হইলে এলাকার সমস্ত লোক একযোগে মাঠে গমন করতঃ আল্লাহ পাকের উদ্দেশ্যে বৃষ্টির আকাংখায় জামায়া'তের সহিত দুই রাক্‌াত নামায আদায় করাকে এস্তেস্কার নামায বলা হয়। ইহা সুন্নাতে নববী। এই নামায আদায়ের নিয়ম এই যে, এলাকার সকল মুসলমান প্রাপ্ত ও অপ্রাপ্ত বয়স্ক লোকজন দলবদ্ধভাবে পদব্রজে মাঠে গমন করতঃ খালেছ দিলে তওবা করিয়া দুই রাকয়াত নামায আদায়ের জন্য প্রস্তুতি গ্রহণ করিবে। আর কাহারো কোন দেনা-পাওনা থাকিলে উহা পরিশোধ করিয়া লইবে অথবা মাফ করাইয়া লইতে হইবে।

অতঃপর একজন ধার্মিক বুজুর্গ আলেম ব্যক্তিকে ইমাম নির্বাচন করতঃ সকলে তাহার পিছনে দুই রাকয়াত "ছলাতুল এস্তেস্কা" আদায় করিবে। এই নামাযে আযান ও একামতের দরকার হয় না, তবে ইমাম সাহেব সূরা-কেরায়াত শব্দ করিয়া পাঠ করিবেন। নামায শেষে ইমাম সাহেব মাটিতে দাঁড়াইয়া দুইটি খুৎবা পাঠ করিবেন। অতঃপর ইমাম সাহেব ক্বেবলামুখী দাড়াইয়া এবং মুক্তাদীরা বসিয়া হস্তসমূহ মস্তক পর্যন্ত উঠাইয়া আল্লাহ তাআ'লার দরবারে রহমতের বৃষ্টি বর্ষণের জন্য কান্নাকাটি করতঃ দোয়া' করিবে। বৃষ্টি বর্ষিত না হওয়া পর্যন্ত তিন দিন যাবৎ এই প্রকারে নামায আদায় করিতে হইবে। ইনশাআল্লাহ বৃষ্টি বর্ষিত হইবে। এই তিন দিবস্ রোজা রাখা মুস্তাহাব।

এস্তেস্কা নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّيَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ الْاِسْتِسْقَاءِ سُنَّةَ رَسُوْلِ اللّٰهِ تَعَالٰى ـ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা রাকয়া'তাই ছলাতিল্ ইস্তিস্কায়ি সুন্নাতু রাসূলিল্লাহি তাআ'লা, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ্ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলা নিয়ত ঃ আমি ক্বেবলামুখী হইয়া আল্লাহর জন্য দুই রাকয়া'ত এস্তেস্কার নামায এই ইমামের পিছনে আদায় করিবার নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

এস্তেস্কা নামাযের দোয়া'

اَللّٰهُمَّ اَسْقِنَا غَيْثًا مُّغِيْثًا مَّرِيْعًا نَّافِعًا غَيْرَ ضَارٍّ عَاجِلًا غَيْرَ اٰجِلٍ رَائِثٍ مُّمَرِّعًا النَّبَاتِ ـ اَللّٰهُمَّ اَسْقِ عِبَادَكَ وَ بَهَائِمَكَ وَانْزِلْ رَحْمَتَكَ اَحْيِ بَلَدَكَ الْمَيِّتَ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা আসক্বিনা গাইছাম্ মুগীছাম্ মারীয়ান্ না-ফিয়া'ন্ গায়রা দ্বা-ররিন্ আ'জিলান্ গায়রা আজলিন্ রা-য়িছিম্ মুমাররিআ'ন্ নাবা-তি। আল্লাহুম্মা আস্‌ক্বি ই'বাদাকা ওয়া বাহা-য়িমাকা ওয়া আংযিল রহ্‌মাতাকা আহ্‌য়ি বালাদাকাল্ মাইয়্যিতা।

মৃত্যুর পূর্বে নফল নামাযের বিবরণ

কোন মু'মিন বান্দা যদি তাহার মৃত্যু আসন্ন বলিয়া ধারণা করিয়া থাকে, তবে সেই বান্দা জীবনের শেষ সময় খাছ নিয়তে জীবনের গুনাহ্‌সমূহ মার্জনার নিয়তে দুই রাকয়া'ত নামায আদায় করিবে এবং নামায শেষে জীবনের সমস্ত গুনাহ মার্জনার জন্য আল্লাহর দরবারে প্রার্থনা করিবে।

বর্ণিত আছে, মক্কার কাফেররা হযরত খোবায়েব (রাঃ)-কে মহা খুশির সহিত শহীদ করিয়াছিল। হযরত খোবায়েব (রাঃ) কাফেরদের আয়োজন দেখিয়া তিনি তাঁহার জীবনের শেষ অবস্থা স্মরণ করতঃ কাফেরদের নিকট নামাযের অনুমতি নিয়া দুই রাকয়া'ত নফল নামায আদায় করিয়া ছিলেন। তৎসময় হইতে এই নামায মুস্তাহাবরূপে গণ্য হইয়া আসিয়াছে। এই নামায জীবনের শেষ প্রহরে সকল মু'মিন মুসলমানের আদায় করা উচিৎ। এই নামায যে কোন সময় আদায় করা যায় এবং যে কোন সূরা মিলাইয়া পড়া যায়। এই নামায নফলের নিয়তে আদায় করিতে হয়।

মান্নত নামাযের বিবরণ

যদি কোন বান্দা নামায মান্নত করিয়া থাকে, তবে মান্নতের শর্ত পূরা হইলে এই নামায আদায় করা ওয়াজিব হইয়া যায়। আর এই নামায আদায় না করিলে ওয়াজিব তরকের গুনাহে লিপ্ত হইবে। অতএব মান্নত পূরা হইলে এই নামায আদায় করিতেই হইবে। এই নামায যে কোন সময় যে কোন সূরা মিলাইয়া

আদায় করা যায়। ইহার নিয়ত এইরূপে করিতে হইবে আমি কেবলামুখী হইয়া আল্লাহর জন্য দুই বা চার রাকয়া'ত মান্নতের নামায আদায় করিবার নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

এস্তেখারা নামাযের বিবরণ

কোন মু'মিন বান্দা যখন কোন নূতন কার্যাদি আরম্ভ করিবার নিয়ত করে, তখন আল্লাহ্ তাআ'লার রহমত ও বরকত লাভের জন্য দোয়া' ও মোনাজাত করিয়া লইতে হয়। অতঃপর নূতন কাজ আরম্ভ করিতে হয়। এই প্রকার দোয়াকে শরীয়াতের পরিভাষায় এস্তেখারা বলা হয়। হযরত রাসূলুল্লাহ (সঃ) প্রত্যেক কাজের শুরুতে এস্তেখারা করিবার জন্য বিশেষভাবে বলিয়াছেন।

❐ বর্ণিত আছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ

আল্লাহ্ তাআ'লার নিকট কল্যাণ ও বরকত লাভের উদ্দেশ্যে প্রার্থনা কামনা না করা দুর্ভাগ্যের লক্ষণ।

মাসয়ালা ঃ ফরজ, ওয়াজিব ও নাযায়েয কার্যাদীর জন্য এস্তেখারা করা জায়েয নাই। বিবাহ, শাদী, সফরে গমন, ক্রয়-বিক্রয়, বাড়ী-ঘর নির্মাণ ইত্যাদির ব্যাপারে এস্তেখারা করা জায়েয আছে। এই সকল বিষয় এস্তেখারা করিয়া লইলে আল্লাহর রহমতে মঙ্গলজনক হইবে, অকল্যাণের কোন কারণ হইবে না।

এস্তেখারা করিবার নিয়ম

রাত্রিবেলা নিদ্রা যাইবার পূর্বে অজু করতঃ পাক-পবিত্র পোশাক পরিধান করিয়া খালেছ দিলে দুই রাকয়া'ত নফল নামায আদায় করিবে। অতঃপর নিম্নের দোয়াটি পাঠ করিয়া উত্তর দিকে মাথা রাখিয়া ক্বেবলামুখী কাত হইয়া নিদ্রা যাইবে। আল্লাহ্ তাআ'লার অসীম রহমতে কার্যের ফলাফল স্বপ্নের মাধ্যমে জানিতে পারিবে। এক রাত্রিতে কাংখিত বিষয়ের ফলাফল জানিতে না পারিলে তিন রাত্রি পর্যন্ত এস্তেখারা করিতে হইবে।

দোয়াটির মধ্যে "হাযাল আমরা" কালামটি উচ্চারণকালে যেই কার্যের জন্য এস্তেখারা করিতেছে সেই বিষয় খেয়াল করিতে হইবে। দোয়াটি পাঠ করিবার পরে উদ্দেশ্য সম্পর্কে আল্লাহ পাকের দরবারে কান্নাকাটি করিয়া দোয়া প্রার্থনা করিয়া নিদ্রা যাইবে।

দোয়া

اَللّٰهُمَّ اِنِّىْ اَسْتَخِيْرُكَ بِعِلْمِكَ وَاَسْتَقْدِرُكَ بِقُدْرَتِكَ وَاَسْئَلُكَ مِنْ فَضْلِكَ الْعَظِيْمِ ـ فَاِنَّكَ تَقْدِرُ وَلَا اَقْدِرُ وَتَعْلَمُ وَلَا اَعْلَمُ وَاَنْتَ عَلَّامُ الْغُيُوْبُ ـ اَللّٰهُمَّ اِنْ كُنْتَ تَعْلَمُ اَنَّ **هٰذَا الْاَمْرَ**

خَيْرٌ لِّىْ فِىْ دِيْنِىْ وَمَعَاشِىْ وَعَاقِبَةُ اَمْرِىْ ـ فَقَدِّرْهُ لِىْ وَيَسِّرْهُ لِىْ ثُمَّ بَارِكْ لِىْ فِيْهِ ـ وَ اِنْ كُنْتَ تَعْلَمُ اَنَّ هٰذَا الْاَمْرَ شَرٌّ لِّىْ فِىْ دِيْنِىْ وَمَعَاشِىْ وَعَاقِبَةُ اَمْرِىْ ـ فَاصْرِفْهُ عَنِّىْ وَاصْرِفْنِىْ عَنْهُ وَاقْدُرْ لِىَ الْخَيْرَ حَيْثُ كَانَ ثُمَّ اَرْضِنِىْ بِهٖ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা ইন্নী আস্তাখীরুকা বিই'লমিকা ওয়াআস্তাক্বদিরুকা বিক্বদরাতিকা ওয়া-আ্যালুকা মিন্ ফাদ্বলিকাল্ আ'যীম। ফা ইন্নাকা তাক্বদিরু ওয়া লা আক্বদিরু ওয়া তা'লামু ওয়া লা আ'লামু ওয়া আংতা আ'ল্লামুল্ গুয়ূব। আল্লাহুম্মা ইং কুংতা তা'লামু আন্না **হাযাল্ আম্‌রা** খাইরুল্লী ফী দ্বীনী ওয়া মাআ'শী ওয়া আ'ক্বিবাতু আম্‌রী; ফাক্বাদ্দিরহু লী ওয়া ইয়াচ্ছিরহু লী, ছুম্মা বারিক লী ফীহি। ওয়া ইং কুংতা তা'লামু আন্না **হাযাল আম্‌রা** শাররুল্লী ফী দ্বীনী ওয়া মাআ'শী ওয়া আ'ক্বিবাতু আম্‌রী; ফাস্‌রিফ্‌হু আ'ন্নী ওয়াস্‌রিফ্‌নী আ'নহু,। ওয়া-আকদির লিয়াল খাইরা হাইছু কা না ছুম্মা আরদ্বিনী বিহী।

শ্রেষ্ঠ ইবাদত নামাজ সংক্রান্ত সূক্ষ্ম আলোচনা

ফারসীতে বলা হয় নামাজ আর আরবীতে সালাত। ইহার শব্দগত অর্থ হইতেছে ঃ প্রার্থনা, অনুগ্রহ, পবিত্রতা বর্ণনা করা ও ক্ষমা প্রার্থনা করা। আর উর্দু ভাষায় সালাতকে নামায বলা হয়। ইসলামী পরিভাষায় এমনি একটি নির্দিষ্ট উপাসনা বা ইবাদতকে বলা হয় যাহা নির্দিষ্ট সময় নির্দিষ্ট নিয়মে মুসলমানগণ আদায় করিয়া থাকে।

ইসলামের পঞ্চ বেনা বা পাঁচটি মূল ভিত্তির দ্বিতীয় ভিত্তি হইতেছে নামায। ইহা ইবাদত সমূহের মধ্যে সর্বশ্রেষ্ঠ ইবাদত। স্রষ্টা ও সৃষ্টির মাঝে নিবিড় সম্পর্ক গড়িয়া তুলিবার মাধ্যম হইতেছে এই নামায। হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ

اَلصَّلٰوةُ مِعْرَاجُ الْمُؤْمِنِيْنَ ـ (আচ্ছালাতু মি'রাজুল মু'মিনীন)

অর্থ ঃ নামায হইতেছে মুমিনদের জন্য মি'রাজ স্বরূপ।

হযরত রাসূলুল্লাহ (সঃ) আরও ফরমাইয়াছেন ঃ

اَلصَّلٰوةُ مِفْتَاحُ الْجَنَّةَ ـ (আচ্ছালাতু মিফ্তাহুল জান্নাহ্)

অর্থ ঃ নামায হইতেছে বেহেশতের চাবিকাঠি।

নামাযের উদ্দেশ্য সম্পর্কে হযরত রাসূলুল্লাহ্ (সঃ) ফরমাইয়াছেন ঃ

اَلصَّلٰوةُ عِمَادُ الدِّيْنِ ـ مَنْ اَقَامَهَا فَقَدْ اَقَامَ الدِّيْنَ ـ وَمَنْ تَرَكَهَا فَقَدْ هَدَمَ الدِّيْنَ ـ

উচ্চারণ ঃ "আচ্ছালাতু ই'মাদুদ্দীন, মান্ আক্বামাহা ফাকাদ্ আক্বামাদ্দীনা, ওয়া মান তারাকাহা ফাকাদ হাদামাদ্দীন।

অর্থ ঃ "নামায ইসলাম ধর্মের ভিত্তি বা স্তম্ভ। যে ব্যক্তি নামাযকে কায়েম (প্রতিষ্ঠিত) করিল সে ধর্মকে প্রতিষ্ঠিত করিল। আর যে ব্যক্তি নামাযকে ত্যাগ করিল সে ধর্মকেই নষ্ট করিয়া দিল"।

বান্দার জন্য কায়িক, মানসিক, মৌখিক ও আর্থিক যত প্রকার ইবাদত রহিয়াছে, উহার মধ্যে নামাযই হইতেছে আল্লাহ তা'আ'লার নিকট অত্যাধিক পছন্দনীয় ইবাদত। আল্লাহ তা'আলা কুরআন পাকের ভিতরে নামায সম্পর্কে যত বেশি বার আদেশ করিয়াছেন অন্য কোন ইবাদতের জন্য উহা করেন নাই। তিনি কুরআন শরীফে ৮২ জায়গায় নামায কায়েম করিবার জন্য তাক্বীদ করিয়াছেন। ইহা দ্বারাই নামাযের গুরুত্ব অনুধাবন করা যায়।

নামায সম্পর্কে আল্লাহ তা'আলা সূরা বাক্বারার তৃতীয় আয়াতে বলেন ঃ

اَلَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِالْغَيْبِ وَيُقِيْمُوْنَ الصَّلٰوةَ وَمِمَّا رَزَقْنٰهُمْ يُنْفِقُوْنَ ـ

উচ্চারণ ঃ আল্লাযীনা ইয়ু'মিনূনা বিল্ গাইবি ওয়া ইয়ুক্বীমূনাচ্ছালাতা ওয়া মিম্মা রাযাক্বনাহুম্ ইয়ুংফিক্বূন।

অর্থ ঃ "যাহারা অদৃশ্যকে বিশ্বাস করিয়াছে (ঈমান লইয়াছে) এবং নামায কায়েম করিয়াছে এবং আমি যে রিযিক তাহাদিগকে দান করি তাহা হইতে খরচ করে।"

আল্লাহ তা'আলা সূরা আনয়া'ম-এর ৭২ তম আয়াতে বলেন ঃ

وَاَنْ اَقِيْمُوا الصَّلٰوةَ وَاتَّقُوْهُ ـ وَهُوَ الَّذِىْ اِلَيْهِ تُحْشَرُوْنَ ـ

উচ্চারণ ঃ ওয়া আন্ আক্বীমুচ্ছালাতা ওয়াত্তাক্বূহু ; ওয়া হুওয়াল্লাযী ইলাইহি তুহ্শারূন।

অর্থ ঃ "আর তোমরা নামায কায়েম কর এবং তাঁহাকে (আল্লাহকে) ভয় করিয়া চল ; এবং তাঁহারই নিকট তোমাদিগকে সমবেত করা হইবে"।

আল্লাহ তা'আলা নামাযের ওয়াক্ত সম্পর্কে সূরা হুদ-এর ১১৪তম আয়াতে আরও বলেন ঃ

وَاَقِمِ الصَّلٰوةَ طَرَفَىِ النَّهَارِ وَزُلَفًا مِّنَ الَّيْلِ ط اِنَّ الْحَسَنٰتِ يُذْهِبْنَ السَّيِّاٰتِ ط ذٰلِكَ ذِكْرٰى لِلذّٰكِرِيْنَ ـ

উচ্চারণ ঃ ওয়া আক্বিমিচ্ছালাতা ত্বারাফায়িন্ নাহা-রি ওয়া যুলাফাম্ মিনাল্ লাইলি ইন্নাল্ হাসানা-তি ইয়ুযহিব্নাস্ সাইয়্যিআ-তি যা-লিকা যিক্রা লিয্যা-কিরীন।

অর্থ ঃ "তোমরা দিনের দুই প্রান্তভাগে এবং রজনীর প্রথমাংশে নামায কায়েম করিবে। নিশ্চয়ই নেক কাজ গুনাহ সমূহকে দূর করিয়া দেয়। যাহারা উপদেশ মানিয়া চলে, ইহা তাহাদের জন্য মূল্যবান উপদেশ।"

আল্লাহ তা'আলা জামায়াতের সহিত নামায আদায় করিবার জন্য সূরা বাক্বারার ৪৩ নম্বর আয়াতে বলেন ঃ

وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَارْكَعُوْا مَعَ الرّٰكِعِيْنَ

উচ্চারণ ঃ ওয়া আক্বীমুচ্ছালা-তা ওয়া আ-তুয্যাকা-তা ওয়ারকাঊ' মায়া'র রা-কিয়ী'ন।

অর্থ ঃ "তোমরা নামায কায়েম কর এবং যাকাত দাও এবং রুকুকারীদের সঙ্গে রুকু কর।" (অর্থাৎ জামায়াতের সহিত নামায কায়েম কর)।

নামাযের ওয়াক্ত অনুযায়ী নামায আদায় করিবার জন্য আল্লাহ তা'আলা সূরা নিসা-এর ১০৩ নম্বর আয়াতে নির্দেশ করিতেছেন ঃ

اِنَّ الصَّلٰوةَ كَانَتْ عَلَى الْمُؤْمِنِيْنَ كِتٰبًا مَّوْقُوْتًا ـ

উচ্চারণ ঃ ইন্নাচ্ছালা-তা কা-নাত আ'লাল্ মু'মিনীনা কিতা-বাম্ মাওকূ-তা।

অর্থ ঃ "নিশ্চয়ই নির্দিষ্ট সময় মু'মিনদের জন্য নামায (পড়া) ফরজ করা হইয়াছে।"

মহান রব্বুল আলামীন তাঁহার প্রিয় বান্দাগণকে সফর ও যুদ্ধের ময়দানে কষ্ট লাঘবের জন্য ফরজ চার রাকআত নামাযকে দুই রাকআত কছর পড়িবার জন্য কুরআন শরীফের সূরা নিসা-এর ১০১ নম্বর আয়াতে এরশাদ করেন ঃ

وَاِذَا ضَرَبْتُمْ فِى الْاَرْضِ فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَنْ تَقْصُرُوْا مِنَ الصَّلٰوةِ ق اِنْ خِفْتُمْ اَنْ يَّفْتِنَكُمُ الَّذِيْنَ كَفَرُوْا ط اِنَّ الْكٰفِرِيْنَ كَانُوْا لَكُمْ عَدُوًّا مُّبِيْنًا ـ

উচ্চারণ ঃ ওয়া ইযা দ্বারাব্তুম্ ফিল্ আরদ্বি ফালাইসা আ'লাইকুম্ জুনাহুন্ আন্ তাকছুরূ মিনাচ্ছালাতি ; ইন্ খিফতুম্ আইঁয়্যাফতিনাকুমুল্ লাযীনা কাফারূ ইন্নাল কাফিরীনা কানূ লাকুম্ আ'দুওয়্যাম্ মুবীনা।

অর্থ ঃ "এবং তোমরা যখন দেশ-বিদেশে ভ্রমণ কর তখন যদি তোমাদের আংশকা হয় যে, কাফেররা তোমাদের জন্য ফেৎনা সৃষ্টি করিবে, তবে (তখন) নামায সংক্ষিপ্ত (কছর) করিলে তোমাদের জন্য কোন গুনাহ্ হইবে না। কাফেরগণ তোমাদের প্রকাশ্য শত্রু।

নামায আদায় করিলে উহাতে কি উপকার সাধিত হয় সেই সম্পর্কে আল্লাহ তা'আলা সূরা আন্কাবুত-এর ৪৫ তম আয়াতে এরশাদ করেন ঃ

اُتْلُ مَآ اُوْحِىَ اِلَيْكَ مِنَ الْكِتٰبِ وَاَقِمِ الصَّلٰوةَ ط اِنَّ الصَّلٰوةَ تَنْهٰى عَنِ الْفَحْشَآءِ وَالْمُنْكَرِ ط وَلَذِكْرُ اللّٰهِ اَكْبَرُ ط وَاللّٰهُ يَعْلَمُ مَا تَصْنَعُوْنَ ـ

উচ্চারণ ঃ উত্লু মা-উহিয়া ইলাইকা মিনাল্ কিতা-বি ওয়া আকিমিছ্ ছালা-তা; ইন্নাচ্ছালা-তা তান্হা আ'নিল্ ফাহ্শা-য়ি ওয়াল্ মুন্কার। ওয়ালা যিকরুল্লা-হি আকবার। ওয়াল্লাহু ইয়া'লামু মা-তাছ্নাউ'ন।

অর্থ ঃ"(হে আল্লার রাসূল !) আপনি পাঠ করুন কুরআন হইতে যাহা আপনার প্রতি নাযিল করা হইয়াছে। আর নামায ক্বায়েম করুন, নিশ্চয়ই নামায অশ্লীল ও গর্হিত কাজ হইতে বিরত রাখে; আর নিশ্চয়ই আল্লাহর যিকির সর্বোত্তম। আর তোমরা যাহা কর আল্লাহ তাহা অবগত আছেন।"

আল্লাহ তা'আলা নামায পড়িবারকালে উত্তম পোশাক পরিধানের বিষয় ও সুসজ্জিত হইবার প্রসঙ্গে সূরা আ'রাফের ৩১ তম আয়াতে এরশাদ করেন ঃ

يٰبَنِىْٓ اٰدَمَ خُذُوْا زِيْنَتَكُمْ عِنْدَ كُلِّ مَسْجِدٍ وَّكُلُوْا وَاشْرَبُوْا وَلَاتُسْرِفُوْا ج اِنَّهٗ لَايُحِبُّ الْمُسْرِفِيْنَ ـ

উচ্চারণ ঃ ইয়া-বানী আ-দামা খুযূ যীনাতাকুম্ ই'ন্দা কুল্লি মাসাজিদিওঁ ওয়া কুলূ ওয়াশ্‌রাবু ওয়ালা- তুস্‌রিফূ, ইন্নাহূ লা-ইয়ুহিব্বুল মুস্‌রিফীন।

অর্থ ঃ "হে আদম সন্তানগণ ! তোমরা নামাযের সময় সুন্দর পোশাক পরিধান করিবে। আর তোমরা আহার করিবে ও পান করিবে কিন্তু অপব্যয় করিবে না যেহেতু আল্লাহ অপচয়কারীকে ভালবাসেন না।"

নামাযের ফযীলত সম্পর্কে আল্লাহ তা'আলা কুরআন শরীফে বলেন ঃ

اِنَّ الصَّلٰوةَ تَنْهٰى عَنِ الْفَحْشَآءِ وَالْمُنْكَرِ ـ

উচ্চারণ ঃ ইন্নাচ্ছালা-তা তান্‌হা আ'নিল ফাহ্‌শা-য়ি ওয়াল্ মুংকার।

অর্থ ঃ "নিশ্চয়ই নামায মানুষকে অশ্লীলতা ও অন্যায় কার্য হইতে ফিরাইয়া রাখে।"

আল্লাহ তা'আলা অন্য এক আয়াতে এরশাদ করেন ঃ

قَدْاَفْلَحَ الْمُؤْمِنُوْنَ اَلَّذِيْنَ هُمْ فِىْ صَلٰوتِهِمْ خٰشِعُوْنَ ـ

উচ্চারণ ঃ ক্বদ্ আফলাহাল্ মু'মিনূনাল্ লাযীনা হুম্ ফী ছ্বলা-তিহিম্ খা-শিউঁন।

অর্থ ঃ যে সকল মুমিনগণ ভয় ও নম্রতার সহিত নামায আদায় করে তাহারাই মুক্তি লাভ করিবে।

আল্লাহ তা'আলা অন্য আর এক আয়াতে এরশাদ করেন ঃ

وَالَّذِيْنَ هُمْ عَلٰى صَلٰوتِهِمْ يُحَافِظُوْنَ ـ اُولٰئِكَ فِىْ جَنّٰتٍ مُّكْرَمُوْنَ ـ

উচ্চারণ ঃ ওয়াল্লাযীনা হুম্ আ'লা- ছ্বালা-তিহিম্ ইয়ুহা-ফিযূন। উলা-য়িকা ফী জান্না-তিম্ মুকরামূন।

অর্থ ঃ "যাহারা স্বযত্নে নামায আদায় করিবে, তাহারাই বেহেশতে মর্যাদার অধিকারী হইবে।"

কুনূতে নাযেলা

দুর্ভিক্ষ, মহামারী, শত্রুর আক্রমণ ও যুদ্ধ-বিগ্রহের সময় ফজর, মাগরিব অথবা এশার নামাজের শেষ রাকাআতের রূকুর পর কুনূতে নাযেলা পড়িতে হয়। কুনূতে নাযেলার দুইটি দোয়া এই খানে দেওয়া হইলঃ

اَللّٰهُمَّ اهْدِنِىْ فِيْمَنْ هَدَيْتَ وَعَافِنِىْ فِيْمَنْ عَافَيْتَ وَتَوَلَّنِىْ فِيْمَنْ تَوَلَّيْتَ وَبَارِكْ لِىْ فِيْمَنْ اَعْطَيْتَ وَقِنِىْ شَرَّمَا قَضَيْتَ اِنَّكَ تَقْضِىْ وَلَا يُقْضٰى عَلَيْكَ وَاِنَّهُ لَا يَذِلُّ مَنْ وَالَيْتَ وَلَا يَعِزُّ مَنْ عَادَيْتَ تَبَارَكْتَ رَبَّنَا وَتَعَالَيْتَ نَسْتَغْفِرُكَ وَنَتُوْبُ اِلَيْكَ وَصَلَّى اللّٰهُ عَلَى النَّبِىِّ

উচ্চারণঃ আল্লাহুম্মাহদিনী ফীমান হাদাইতা-ওয়া'আ-ফিনী ফীমান'আ-ফাইতা-ওয়াতাওয়াল্লিনী ফীমান-তাওয়াল্লাইতা, ওয়াবারিকলী ফীমান আ'তাইতা, ওয়াকিনী শাররা মা কাযাইতা- ইন্নাকা তাকদী ওয়ালা ইউকদা আলাইকা- ওয়া-ইন্নাহু লা-ইয়াযিল্লু মান ওয়াল্লাইতা-ওয়ালা ইয়াইয্যূ মান আদা-ইতা- তাবারাকতা রাব্বানা ওয়াতা'আলাইতা-নাসতাগফিরুকা ওয়ানাতুবু ইলাইকা ওয়াসাল্লাল্লাহু আলান্নাবি-ই।

অর্থঃ হে আল্লাহ! তোমার প্রদর্শিত পথে যাহারা চলিয়াছে আমাকে তাহাদের পথে পরিচালিত কর।

তুমি যাহাদের সুখ-শান্তি দিয়াছ আমাকে তাহাদের একজন কর। যাহাদের তুমি অভিভাকত্ব দিয়াছ আমাকেও তাহাদের দলে স্থান দাও। আমাকে যাহা তুমি দান করিয়াছ তাহাতে তুমি বরকত দান কর। যাহা কিছু ঘটিয়া থাকে সবই তোমার হুকুমে ঘটিয়া থাকে। অতঃএব কোন অনিষ্ট হইতে কেবল তুমিই রক্ষা করিতে পার।

হে প্রভু! তুমি যাহার অভিভাবক তাহার অপদস্থ হওয়ার কোন আশংকা নাই। আর যাহাকে তুমি শত্রু মনে কর তাহার মর্যাদা পাওয়ার কোন উপায় নাই। হে প্রভু! তুমি আমাদের বরকত দাও। আমাদের যিম্মাদার তুমি হয়ে যাও। আমরা তোমার কাছে ক্ষা প্রার্থনা করছি এবং তোমর কাছে তাওবা করছি। আয় আল্লাহ! নবীর উপর রহমত ও অনুগ্রহ কর।

(দুই)

اَللّٰهُمَّ اغْفِرْ لَنَا وَلِلْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنَاتِ وَالْمُسْلِمِيْنَ وَالْمُسْلِمَاتِ وَاَلِّفْ بَيْنَ قُلُوْبِهِمْ وَاَصْلِحْ ذَاتَ بَيْنِهِمْ وَانْصُرْهُمْ عَلٰى عَدُوِّهِمْ - اَللّٰهُمَّ الْعَنِ الْكَفَرَةَ الَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ سَبِيْلِكَ وَيُكَذِّبُوْنَ رُسُلَكَ وَيُقَاتِلُوْنَ اَوْلِيَاءَكَ- اَللّٰهُمَّ خَالِفْ بَيْنَ كَلِمَتِهِمْ وَزَلْزِلْ اَقْدَامَهُمْ وَاَنْزِلْ بِهِمْ بَأْسَكَ الَّذِىْ لَا تَرُدُّهٗ عَنِ الْقَوْمِ الْمُجْرِمِيْنَ-

উচ্চারণঃ আল্লাহুম্মাগফির লানা ওয়ালিল মু'আমিনীনা ওয়াল মু'আমিনাত। ওয়াল মুসলিমীনা ওয়াল মুসলিমাত, ওয়-আল্লিফ বাইনা কুলু বিহিম, ওয়াআসলিহ-যাতা বাইনিহিম, ওয়ানসুরহুম আলা আদুয়িকা আদুয়িহিম। আল্লাহুম্মাল আনিল কুফ্‌রা-তাল্লাযিনা ইয়াসুদ্দুনা আন সাবিলিকা- ওয়াইউ কায্যিবুনা রুসুলুকা ওয়া ইউকাতিলুনা আউলিয়া উকা- আল্লাহুম্মা খালিফ বাইনা কালিমাতি-হিম, ওয়াযাল যিল আকদামাহুম, ওয়া আনযিল বিহিম বাসাকাল্লাযি লা তারুদ্দুহু আনিল কাউমিল মুজরিমীন

অর্থঃ হে আল্লাহ তুমি আমাদের সকল মুসলমান নর-নারীকে ক্ষমা কর এবং সকলের মধ্যে একটা সৎ সম্পর্ক গড়িয়া দাও। নিজেদের আপোসে বিবাদ-বিসংবাদ মিটাইয়া দাও। হে আল্লাহ! দুশমনদের মোকাবেলায় মুসলমানদের সাহায্য কর। তোমার প্রদর্শিত পথে চলায় যাহারা প্রতিবন্ধকতা সৃষ্টি করিয়াছে, যাহারা তোমার রাসূল (সঃ)কে মিথ্যা বলিয়াছে এবং যাহারা তোমার অনুসারীদিগকে হত্যা করিয়াছে তুমি তাহাদের অভিশম্পাত কর।

হে আল্লাহ! তুমি তোমার অবাধ্যদের মাঝে বিভেদ সৃষ্টি করিয়া দাও। তাহাদের দৃঢ়তায় ভাঙ্গন ধরাইয়া দাও। তোমার অবধ্যদের মাঝে এমন আযাব প্রদান কর যাহা তাহাদের জন্য অপ্রতিরোধ্য হইয়া যায়।

সপ্তাহের নফল নামাযসমূহ

শুক্রবার রাত্রির নফল নামায

সাহাবী হযরত আনাস ইবনে মালিক (রাঃ) হইতে বর্ণিত, তিনি বলিয়াছেন, বৃহস্পতিবার দিনগত রাত্রিতে মাগরিব ও এশার ওয়াক্তের মধ্যবর্তী সময় ১২ রাকআত নফল নামায আদায় করিতে হয়। এই নামায সূরা ফাতিহার পরে যে কোন সূরা মিলাইয়া পড়া যায়। যে ব্যক্তি এই নামায আদায় করিবে, তাহার জন্য আল্লাহ তাআ'লা বেহেশতের ভিতরে একটি উঁচু বালাখানা তৈয়ার করিবেন। সে যেন সমস্ত মুসলমানের পক্ষে সদকা দিল। আল্লাহ পাক তাহাকে মাফ করিয়া দিবেন।

শুক্রবার দিবসের নফল নামায

হযরত মুজাহিদ (রঃ) হযরত ইবনে আব্বাস (রাঃ) হইতে বর্ণনা করেন, জুময়া'র দিবসে যোহর ও আছরের মধ্যবর্তী সময় দুই রাকআ'ত নফল নামায পড়া যায়। উহার প্রথম রাকআতে সূরা ফাতিহার পর একবার আয়াতুল কুরসী ও ২৫ বার সূরা ফালাক্ব দ্বিতীয় রাকআতে একবার সূরা এখলাস ও ২০ বার সূরা ফালাক এবং নামায শেষে নিম্নের দোয়া ৫০ বার পড়িতে হয়। যে ব্যক্তি এই নামায আদায় করিবে সে আল্লাহকে স্বপ্নে এবং বেহেশতে স্বীয় স্থান না দেখিয়া মৃত্যু বরণ করিবে না। **দোয়া'টি এই ঃ**

لَاحَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ الْعَلِيِّ الْعَظِيْمِ ـ

উচ্চারণ ঃ লা-হাওলা ওয়া লা-কুওয়্যাতা ইল্লা বিল্লাহিল আলিয়্যিল আযীম।

শনিবার রাত্রির নফল নামায

হযরত আনাস্ ইবনে মালিক (রাঃ) হইতে বর্ণিত, তিনি বলেন, এই রাত্রিতে যে কোন সময় ২০ রাকআত নামায পড়া যায়। ইহার প্রতি রাকআতে সূরা ফাতিহার পরে ৫০ বার সূরা এখলাস এবং একবার করিয়া সূরা ফালাক ও নাস এবং নামাযের পর ১০০ বার করিয়া ইস্তিগফার ও দরূদ শরীফ পড়িতে হয়। অতঃপর নিম্নের দোয়া দুইটির প্রতিটি ১০০ বার করিয়া পড়িতে হয়। **প্রথম**

দোয়াটি এই ঃ ـ لَاحَوْلَ وَلَاقُوَّةَ اِلَّابِاللّٰهِ الْعَلِيِّ الْعَظِيْمِ

উচ্চারণ ঃ লা-হাওলা ওয়া লা- কুওয়া ইল্লা বিল্লাহিল আ'লিয়্যিল আযীম।

দ্বিতীয় দোয়াটি এই ঃ

اَشْهَدُ اَنْ لَّا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاَشْهَدُ اَنَّ اٰدَمُ صَفِيُّ اللّٰهِ وَفِطْرَتُهٗ وَاِبْرَاهِيْمُ خَلِيْلُ اللّٰهِ عَزَّ وَجَلَّ ـ وَمُوْسٰى كَلِيْمُ اللّٰهِ تَعَالٰى ـ وَعِيْسٰى رُوْحُ اللّٰهِ سُبْحَانَهٗ ـ وَمُحَمَّدُ حَبِيْبُ اللّٰهِ عَزَّ وَجَلَّ ـ

উচ্চারণ ঃ আশহাদু আল্লা ইলাহা ইল্লাল্লাহু ওয়া আশহাদু আন্না আদামু সফীউল্লাহি ওয়া ফিত্‌রাতুহু; ওয়া ইব্রাহীমু খলীলুল্লাহি আ'য্‌যা ওয়া জাল্লা ; ওয়া মূসা কালীমুল্লাহি তা'আলা; ওয়া ঈ'সা রুহুল্লাহি সুব্‌হানাহু; ওয়া মুহাম্মাদু হাবীবুল্লাহি আয্‌যা ওয়া জাল্লা।

শনিবার দিনের নফল নামায

হযরত সাঈদ (রঃ) হযরত আবু হুরায়রা (রাঃ) হইতে বর্ণনা করেন, শনিবার দিবসের ভিতরে যে কোন সময় চারি রাকআ'ত নামায পড়া যায়। এই নামায এক সালামে পড়িতে হয়। ইহার প্রতি রাকআতে সূরা ফাতিহার পরে ৩ বার সূরা কাফিরূন মিলাইয়া পড়িবে। নামায শেষে আয়াতুল কুরসী পড়িতে হইবে। এই নামাযি ব্যক্তি এক বৎসর রোজা রাখার এবং একটি হজ্জ ও ওমরার সমান সওয়াব পাইবে আর কেয়ামতের দিবসে আরশের ছায়ায় নবী ও শহীদগণের সঙ্গে স্থান লাভ করিবে। নামায শেষে নিজের ও পিতা-মাতার গুনাহ্ মার্জনার জন্য দোয়া' করিবে।

রবিবার রাত্রির নফল নামায

হযরত আমস (রঃ) হযরত আনাস (রাঃ) হইতে বর্ণনা করেন, রবিবার রাত্রের মধ্যে যে কোন সময় এক নিয়তে চারি রাকআত নামায পড়িতে হইবে। এই নামাযের প্রথম রাকয়াতে সূরা ফাতিহার পরে ১০ বার সূরা এখলাস দ্বিতীয় রাকআতে ২০ বার, তৃতীয় রাকআতে ৩০ বার এবং চতুর্থ রাকআতে ৪০ বার পড়িতে হইবে। নামাযের পর সূরা এখলাস ৭৫ বার ইস্তিগ্‌ফার ৭৫ বার এবং

দরূদ শরীফ ৭৫ বার পড়িতে হইবে। অতঃপর পরে আল্লাহর নিকট গুনাহ মার্জনার জন্য প্রার্থনা করিতে হইবে। তিনি তাহার দিলের বাসনা পূর্ণ করিয়া দিবেন।

রবিবার দিবসের নফল নামায

হযরত আবু হুরায়রা (রাঃ) বর্ণনা করেন, রবিবার দিবসে যে কোন সময় এক নিয়তে চারি রাকআত নামায আদায় করা যায়। ইহার প্রতি রাকআ'তে সূরা ফাতিহার পরে সূরা বাকারার **"আমানার রাসূলু"** হইতে **"আ'লাল ক্বাওমিল কাফিরীন"** পর্যন্ত পড়িতে হয়। এই নামাযির আমল নামায় খৃষ্টানদের তাঁহাদের নবীর সংখ্যার তুল্য এবং একটি হজ্জ একটি ওমরার তুল্য সওয়াব লিপিবদ্ধ করা হইবে। ইহা ব্যতীত প্রতি রাকয়াতের বদলে এক হাজার রাকয়াতের সওয়াব লিখা হইবে এবং বেহেশতের ভিতরে ইহার প্রত্যেকটি অক্ষরের বদলে মেশকের শহর লাভ করিবে। নামাযের পরে নিজের ও পিতা-মাতার গুনাহ্ মার্জনার জন্য আল্লাহর দরবারে দোয়া' প্রার্থনা করিবে।

সোমবার রাত্রি বেলার নফল নামায

বর্ণিত আছে, এই রাত্রির যে কোন সময় ১২ রাকআত নামায পড়া যায়। ইহার প্রত্যেক রাকআতে সূরা ফাতিহার পরে ৫ বার করিয়া সূরা 'নসর' (ইযাজাআ) পড়িতে হইবে। এই নামায আদায়কারীকে আল্লাহ তাআ'লা বেহেশতের মধ্যে পৃথিবীর সমান ৭টি মহল দান করিবেন।

সোমবার দিবসের নফল নামায

হযরত আবু জোবায়ের (রঃ) হযরত জাবের ইবনে আব্দুল্লাহ (রাঃ) হইতে বর্ণনা করেন, এই দিবসে চাশ্তের ওয়াক্তে দুই রাকআত নামায পড়া যায়। প্রত্যেক রাকয়াতে সূরা ফাতিহার পরে একবার করিয়া আয়াতুল কুরসী, সূরা এখলাস, সূরা ফালাক্ব ও সূরা নাস এবং নামাযের পরে ১০ বার ইস্তিগফার ও ১০ বার দরূদ শরীফ পাঠ করিতে হয়। আল্লাহ পাক এই ব্যক্তির সমস্ত গুনাহ মাফ করিয়া দিবেন ইনশাআল্লাহ্।

মঙ্গলবার রাত্রিবেলার নফল নামায

বর্ণিত আছে, মঙ্গলবার রাত্রিবেলা যে কোন সময় ২ রাকআত নামায পড়া যায়। এই নামাযের প্রথম রাকয়াতে সূরা ফাতিহার পর ১০ বার সূরা ফালাক্ব এবং দ্বিতীয় রাকয়াতে ১০ বার সূরা নাস পাঠ করিতে হয়। এই ব্যক্তির জন্য ৭০

সহস্র ফেরেশতা দুনিয়ায় অবতীর্ণ হইয়া কেয়ামত পর্যন্ত তাহার আমলনামায় সওয়াব লিখিতে থাকিবে।

মঙ্গলবার দিবসের নফল নামায

হযরত ইয়াজীদ রুফায়ী (রঃ) হযরত আনাস (রাঃ) হইতে বর্ণনা করেন, এই দিবসে চাশ্‌তের ওয়াক্তে ১০ রাকআত নামায আদায় করা যায়। এই নামাযের প্রত্যেক রাকআতে সূরা ফাতিহার পরে একবার আয়াতুল কুরসী এবং তিনবার সূরা এখলাস পড়িতে হয়। এই ব্যক্তির আমল নামায় সত্তর দিবস পর্যন্ত কোন গুনাহ লিপিবদ্ধ করা হইবে না। আর ঐ ব্যক্তি এই দিবসে মৃত্যুবরণ করিলে তাহাকে আল্লাহ তা'আলা শহীদী দরজা প্রদান করিবেন এবং তাহার ৭০ বৎসরের পাপ মোচন করিয়া দিবেন।

বুধবার রাত্রি বেলার নফল নামায

হযরত আবু সালেহ (রঃ) হযরত আবু হুরায়রা (রাঃ) হইতে বর্ণনা করেন, এই রাত্রিতে মাগরিব ও এশার ওয়াক্তের মধ্যবর্তী সময় দুই রাকআত নামায পড়া যায়। এই নামাযের প্রত্যেক রাকআতে সূরা ফাতিহার পর ৫ বার করিয়া আয়াতুল কুরসী, সূরা এখলাস, সূরা ফালাক্ব ও সূরা নাস পড়িতে হইবে। ১৫ বার ইস্তিগফার পড়িয়া ইহার সওয়াব মাতা-পিতার রূহের প্রতি বখশিশ করিয়া দিবে। ইহা দ্বারা মাতা-পিতার হক আদায় হইয়া যাইবে। আল্লাহ তাআ'লা এই ব্যক্তিকে সিদ্দীকীন ও শহীদানের তুল্য সওয়াব প্রদান করিবেন ইনশা-আল্লাহ্‌।

বুধবার দিবসের নফল নামায

হযরত আবু ইদ্রিস খাওলানী (রাঃ) বর্ণনা করেন, এই দিবসে চাশ্‌তের ওয়াক্তে ১২ রাকআত নফল নামায আদায় করা যায়। ইহার প্রতি রাকআ'তে সূরা ফাতিহার পর একবার আয়াতুল কুরসী এবং তিন বার করিয়া সূরা এখলাস, সূরা ফালাক্ব, ও সূরা নাস পড়িতে হয়। আসমানের ফেরেশতাগণ এই নামাযিকে ডাকিয়া বলে, আপনি নূতনভাবে ইবাদত আরম্ভ করুন। আপনার পূর্ববর্তী গুনাহ্‌ আল্লাহ ক্ষমা করিয়া দিয়াছেন। আল্লাহ পাক তাঁহার কবর আজাব ও কবরের সংকীর্ণতা এবং অন্ধকার দূর করিয়া দিবেন। তাহার অমলনামা নবীদের আমলনামার ন্যায় দেখা যাইবে। আল্লাহ পাক কেয়ামতের দিন তাহার আজাব মাফ করিয়া দিবেন।

বৃহস্পতিবার রাত্রের নফল নামায

হযরত জাবের ইবনে আব্দুল্লাহ্ (রাঃ) বর্ণনা করেন, এই রাত্রিতে মাগরিব ও এশার মধ্যবর্তী সময় ১২ রাকআত নফল নামায পড়া যায়। ইহার প্রতি রাকআ'তে সূরা ফাতিহার পরে ১০ বার করিয়া সূরা এখলাস মিলাইয়া পড়িতে হয়। এই নামাযি ব্যক্তিকে আল্লাহ্ তাআ'লা ১২ বৎসরের রোজার এবং ১২ বৎসরের রাত্রি বেলার ইবাদতের তুল্য সওয়াব দান করিবেন।

বৃহস্পতিবার দিবসের নফল নামায

বৃহস্পতিবার যোহর ও আছরের মধ্যবর্তী সময় দুই রাকআত নফল নামায আদায় করা যায়। এই নামাযের প্রথম রাকআতে ১০০ বার আয়াতুল কুরসী এবং দ্বিতীয় রাকআতে ১০০ বার সূরা এখলাস পড়িতে হয়। নামাযের পর ১০০ বার দরূদ শরীফ পড়িতে হয়। এই ব্যক্তিকে আল্লাহ তাআ'লা রজব, শাবান ও রমজান মাসের রোজার এবং কা'বা শরীফ তওয়াফকারী হাজীদের মু'মীনগণের সংখ্যাতুল্য সওয়াব দান করিবেন। হে আল্লাহ ! আমাদিগকে উক্তরূপ নফল ইবাদত করিবার তওফীক দান করুন।

বার চান্দের ফযীলত ও ইবাদতের বিবরণ

মহররম মাসের ইবাদতের বিবরণ

হযরত মাওলানা শাহ্ সুফী বাহাউদ্দীন নকশবন্দী (রহঃ) বলিয়াছেন, মহররম মাসের চাঁদ দেখার রাত্রিতে দুই রাকআত নফল নামায আদায় করা যায়। প্রত্যেক রাকআতে সূরা ফাতিহার পরে ১১ বার করিয়া সূরা এখলাস পড়িতে হয়। নামাযের পরে নিম্নের দোয়াটি ৩ বার পড়িতে হইবে।

দোয়াটি এই ঃ سُبُّوحٌ قُدُّوسٌ رَبُّنَا وَرَبُّ الْمَلٰئِكَةِ وَالرُّوحِ ـ

উচ্চারণ ঃ সুব্বূহুন্ কুদ্দূসুন্ রাব্বুনা ওয়া রাব্বুল্ মালায়িকাতি ওয়াররূহ্।

মহররমের ১লা তারিখের নফল নামায

"জাওয়াহিরে গায়বী ও রাহাতুল কুলূব" কিতাবে বর্ণিত আছে, মহররমের ১লা তারিখ্ দিনের বেলা যে কোন সময় দুই রাকআ'ত নফল নামায পড়া যায়।

ইহার প্রত্যেক রাকআতে সূরা ফাতিহার পরে সূরা এখলাস ৩ বার করিয়া পড়িতে হয়। আর নামাযের পরে হাত উঠাইয়া নিম্নের দোয়াটি ৩ বার পড়িতে হয়। যে ব্যক্তি এই নামায পড়িবে তাহার জন্য আল্লাহ তা'আলা দুইজন ফেরেশতা নিযুক্ত করিয়া দিবেন, তাঁহারা নামাযি ব্যক্তির কাজেকর্মে সাহায্য করিবে এবং শয়তান যাহাতে তাহাকে ধোঁকা দিতে না পারে সেই ব্যবস্থা করিবে। **দোয়াটি এই ঃ**

اَللّٰهُمَّ اَنْتَ اللّٰهُ الْاَبَدُ الْقَدِيْمُ ـ هٰذِهٖ سَنَةٌ جَدِيْدَةٌ اَسْئَلُكَ فِيْهَا الْعِصْمَةَ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ ـ وَالْاَمَانَ مِنَ السُّلْطَانِ الْجَابِرِ ـ وَمِنْ كُلِّ ذِىْ شَرٍّ وَّ مِنَ الْبَلَاءِ وَالْاٰفَاتِ ـ وَاَسْئَلُكَ الْعَوْنَ وَالْعَدْلَ عَلٰى هٰذِهِ النَّفْسِ الْاَمَّارَةِ بِالسُّوْءِ وَالْاِشْتِغَالَ بِمَا يُقَرِّبُنِىْ اِلَيْكَ يَا بَرُّ يَا رَؤُفُ ـ يَارَحِيْمُ يَاذَا الْجَلَالِ وَالْاِكْرَامِ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা আন্তাল্লাহুল্ আবাদুল্ ক্বাদীমু হাজিহী সানাতুন জাদীদাতুন্ আস্য়ালুকা ফীহাল ই'ছমাতা মিনাশ্ শায়ত্বানির্ রাযীমি ; ওয়াল্ আমানা মিনাস সুলত্বানিল্ জাবিরি ওয়া মিন্ কুল্লি যী শাররিওঁ ওয়া মিনাল বালায়ি ওয়াল্ আফাতি ওয়া আস্য়ালুকাল্ আ'ওনা ওয়াল্ আ'দ্লা আ'লা হাযিহিন্ নাফ্সিল্ আম্মারাতি বিচ্ছুয়ি ওয়াল্ ইশ্তিগালা বিমা ইয়ুক্বার্রিবুনী ইলাইকা ইয়া বাররু ইয়া রউ'ফু ইয়া রহীমু ইয়া যাল্ জালালি ওয়াল্ ইক্রামি।

আর এক বর্ণনায় আছে, মহররম মাসের প্রথম রত্রিতে যদি কোন ব্যক্তি আট রাকআত নামায এইরূপে আদায় করে যে, উহার প্রত্যেক রাকআতে সূরা ফাতিহার পরে ১০ বার সূরা এখলাস পাঠ করিবে দুই দুই রাকআ'তের নিয়তে চারি রাকাআত নামায পড়িবে। যদি নামাযি ব্যক্তি ও তাহার পরিবার পরিজন শিরক বিদআ'তে শরীক না হইয়া থাকে, তবে তাহাকে ও তাহার পরিবারবর্গের জন্য রোজ কেয়ামতে হযরত রাসূলুল্লাহ (সঃ) অবশ্যই শাফায়া'ত করিবেন।

আশুরার রাত্রি বেলার নফল নামায

হাদীস ঃ হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ যে লোক মহররম মাসের দশ তারিখ রাত্রিতে দুই রাকআত করিয়া মোট আট রাকআ'ত নামায আদায় করিবে এবং উহার প্রত্যেক রাকআতে সূরা ফাতিহার পরে ১০ বার করিয়া সূরা

এখলাস পাঠ করিবে আল্লাহ তাআ'লা তাঁহার মাল-আসবাব ও সন্তান সন্ততিদিগকে সমস্ত বৎসর হেফাজত করিবেন এবং নিজের সন্তুষ্টির দিকে ধাবিত করিবেন। আর নামাযি ব্যক্তির পূর্বের এক বৎসরের গুনাহ্ ক্ষমা করিয়া দিবেন।

আশুরার দিনের বেলার নফল ইবাদত

হাদীস ঃ হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ যে ব্যক্তি নিজের জন্য জাহান্নামের আজাব হারাম করিতে ইচ্ছা করে, সে যেন মহররম মাসে আশুরার দিন (নফল) রোজা রাখে।

হাদীস ঃ হযরত রাসূলুল্লাহ (সঃ) এরশাদ করিয়াছেন ঃ যে ব্যক্তি মহররম মাসের প্রথম ১০ দিন রোজা রাখিবে, সে যেন ১০ হাজার বৎসর যাবত দিনের বেলা রোজা রাখিল এবং রাত্রিবেলা ইবাদতে জাগরিত থাকিল।

হাদীস ঃ হযরত ওসমান (রাঃ) হইতে বর্ণিত, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন, তোমরা আল্লাহ তাআ'লার পছন্দনীয় মাস মহররমের প্রতি সম্মান প্রদর্শন করিও। যে ব্যক্তি মহররম মাসের সম্মান করিবে, আল্লাহ তাআ'লা তাহাকে জান্নাতের মধ্যে সম্মানিত করিবেন এবং জাহান্নামের আজাব হইতে বাঁচাইয়া রাখিবেন।

হাদীস ঃ হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ রমজানের রোজার পরে মহররমের ১০ তারিখের রোজা অন্যান্য সমস্ত রোজা হইতে উত্তম।

হাদীস ঃ হযরত রাসূলুল্লাহ্ (সঃ) ফরমাইয়াছেন ঃ মহররমের ১০ তারিখে রোজা রাখা হযরত আদম (আঃ) ও অন্যান্য নবীদের উপর ফরজ ছিল। এই দিবসে ২০০০ নবী জন্মগ্রহণ করিয়াছেন এবং ২০০০ নবীর দোয়া কবুল করা হইয়াছে। (রযীন)

হাদীস ঃ হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ যে ব্যক্তি আশুরার রোজা রাখিল, সে যেন ৬০ বৎসর দিনে রোজা ও রাত্রিতে ইবাদত করিবার সওয়াব লাভ করিল।

হাদীস ঃ হাদীস শরীফে বর্ণিত আছে, কোন এক সময় হযরত রাসূলুল্লাহ (সঃ) আশুরার দিবসে রোজা রাখিয়াছিলেন এবং অন্যান্য সাহাবীগণকেও রোজা রাখিতে বলিলেন। অতঃপর সাহাবীগণ আরজ করিলেন, ইয়া রাসূলাল্লাহ ! (সঃ)! এই দিবসে ইহুদীগণ রোজা রাখিয়া থাকে, তবে কি আমরা তাহাদের অনুকরণ

করিব ? রাসূলুল্লাহ (সঃ) এরশাদ করিলেন, আমি জীবিত থাকিলে আগামী বৎসর আশুরার পূর্বের দিনও রোজা রাখিব।

হাদীস ঃ হযরত রাসূলুল্লাহ (সঃ) এরশাদ করিয়াছেন ঃ যে ব্যক্তি আশুরার দিবসে নিজ পরিবারবর্গের খাওয়া পরার জন্য বেশী অর্থ খরচ করিবে, আল্লাহ তাআ'লা তাহাকে সে বৎসরের রিযিক কামাইতে ততধিক বরকত দান করিবেন।

সফর মাসের ইবাদতের বিবরণ

সফর মাসের ১লা তারিখে মাগরিবের পরে এশার নামাযের পূর্বে দুই রাকআতের নিয়তে মোট চারি রাকআত নামায কেহ প্রতি রাকআতে সূরা ফাতিহার পরে ১১ বার করিয়া সূরা এখলাস পাঠ এবং নামাযের পর নিম্নের দুইটি দরূদ শরীফ হইতে যে কোন একটি দরূদ শরীফ এক হাজার বার পাঠ করিলে, আল্লাহ তাআ'লা তাহার পূর্বকৃত গুনাহ ক্ষমা করিয়া দিবেন এবং হযরত নবী করীম (সঃ)এর স্বপ্নের মাধ্যমে তাহার যেয়ারত নসীব করিবে।

প্রথম দরূদ শরীফ এই ঃ

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدِنِ النَّبِيِّ الْاُمِّيِّ وَ اٰلِهٖ وَسَلِّمْ۔

উচ্চারণ ঃ আল্লাহুম্মা সাল্লি আ'লা মুহাম্মাদিনিন্ নাবিয়্যিল উম্মিয়্যি ওয়া আলিহী ওয়া সাল্লিম।

দ্বিতীয় দরূদ শরীফ এই ঃ

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ عَبْدِكَ وَ حَبِيْبِكَ النَّبِيِّ الْاُمِّيِّ وَسَلِّمْ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা সাল্লি আ'লা মুহাম্মাদিন্ আ'বদিকা ওয়া হাবীবিকান্ নাবিয়্যিল্ উম্মিয়্যি ওয়া সাল্লিম।

বর্ণিত আছে, সফর মাসের প্রথম সপ্তাহ অত্যধিক ফযীলতপূর্ণ ও বরকতময়। কেহ যদি প্রথম সপ্তাহের বৃহস্পতিবার দিনগত জুমআর রাত্রিতে এশার নামাযের পরে চারি রাকআত নামায আদায় করতঃ হস্তদ্বয় তুলিয়া স্বীয় মকসুদ পূর্ণের জন্য দোয়া' করে, তবে আল্লাহ তাআ'লা তাহার প্রার্থনা কবুল করিবেন ও তাহাকে নেক কাজে উদ্বুদ্ধ করিবেন।

আখেরী চাহার শোম্বার ফযীলত

আখেরী চাহার শোম্বার অর্থ সফর মাসের শেষ বুধবার। এই দিনটি মুসলিম জাহানে খুশীর দিন হিসাবে পালিত হইয়া আসিতেছে। ইহার কারণ, হযরত নবী করীম (সঃ) দুনিয়া হইতে বিদায় নিবার পূর্ববর্তী সফর মাসের শেষ সপ্তাহে ভীষণভাবে রোগে অক্রান্ত হন, অতঃপর তিনি এই মাসের শেষ বুধবার দিন সুস্থ হইয়া গোসল করতঃ কিছু খানা খাইয়া মসজিদে নববীতে হাযির হইয়া নামাযের ইমামতী করিয়াছিলেন। ইহাতে উপস্থিত সাহাবীগণ অত্যধিক আনন্দিত হন। আর খুশীর কারণে অনেকে অনেক দান খয়রাত করিয়াছিলেন। বর্ণিত আছে, হযরত আবু বকর (রাঃ) খুশীতে ৭ সহস্র দীনার, হযরত ওমর ইবনে খাত্তাব (রাঃ) ৫ সহস্র দীনার, হযরত ওসমান (রাঃ) ১০ সহস্র দীনার। হযরত আলী (রাঃ) ৩ সহস্র দীনার এবং হযরত আব্দুর রহমান ইবনে আওফ (রাঃ) ১০০ উট এবং ১০০ ঘোড়া আল্লাহর ওয়াস্তে দান করিয়াছিলেন। তৎপর হইতে মুসলমানগণ সাহাবীগণের নীতি অনুকরণ ও অনুসরণের জন্য পৃথিবীময় এই আখেরী চাহার শোম্বা দিবসটি প্রতি বৎসর উদযাপন করিয়া আসিতেছে। হযরত নবী করীম (সঃ) এর এই দিনের গোসলই জীবনের শেষ গোসল ছিল। ইহার পর আর তিনি জীবিতকালে গোসল করেন নাই। তাই সকল মুসলমানের জন্য এই দিবসে অজু-গোসল করতঃ ইবাদত বন্দেগী করা উচিত এবং হযরত নবী করীম (সঃ)-এর প্রতি দরূদ শরীফ পাঠ করতঃ সওয়াব রেছানী করা কর্তব্য। আর নিম্নে লিখিত নিয়মে নফল নামায পড়া উচিত। ইহাতে অনেক সওয়াব লাভ হইবে।

"জাওয়াহেরে গায়েবী" কেতাবে বর্ণিত আছে, সফর মাসের শেষ বুধবারে চাশ্‌তের ওয়াক্তে দুই রাকআত নামায নিম্ন নিয়মে আদায় করিলে, আল্লাহ তাআ'লা নামাযি ব্যক্তির অন্তর প্রশস্ত করিয়া দিবেন এবং রুজি রোজগার বাড়াইয়া দিবেন। নিয়ম এই যে, প্রতি রাকয়াতে সূরা ফাতিহার পরে তিনবার করিয়া সূরা এখলাস পাঠ করিবে। আর নামাযের পরে সূরা আলাম নাশরাহ্, সূরা ওয়াত্বীনি, সূরা ইযাজাআ ও সূরা এখলাস ৮০ বার করিয়া পাঠ করিয়া আল্লাহর দরবারে দোয়া প্রার্থনা করিবে।

আর এক বর্ণনায় আছে এই দিবসে প্রত্যেক ওয়াক্ত ফরজ নামাযের পরে নিম্নোক্ত সাত সালাম পড়িয়া শরীরে দম করিতে হয় এবং এই সাত সালাম একটি পানের উপর লিখিয়া পানি দ্বারা ধুইয়া সেই পানি পান করিলে আল্লাহর রহমতে

সে ব্যক্তি সর্বপ্রকার রোগ-ব্যাধি হইতে মুক্ত থাকিবে, এবং তাহার প্রতি আল্লাহর রহমত বর্ষিত হইবে। **সাত সালাম এই ঃ**

(١) سَلَامٌ قَوْلًا مِّنْ رَّبٍّ الرَّحِيْمِ ـ (٢) سَلَامٌ عَلٰى نُوْحٍ فِى الْعٰلَمِيْنَ ـ (٣) سَلَامٌ عَلٰى اِبْرَاهِيْمَ ـ (٤) سَلَامٌ عَلٰى مُوْسٰى وَهَارُوْنَ ـ (٥) سَلَامٌ عَلٰى اِلْيَاسِيْنَ ـ (٦) سَلَامٌ عَلَيْكُمْ طِبْتُمْ فَادْخُلُوْهَا خٰلِدِيْنَ ـ (٧) سَلَامٌ هِىَ حَتّٰى مَطْلَعِ الْفَجْرِ ـ

উচ্চারণ ঃ (১) সালামুন্ ক্বাওলাম্ মির রাব্বির রাহীম। (২) সালামুন আ'লা নূহিন ফিল্ আ'লামীন, (৩) সালামুন আ'লা ইব্রাহীম, (৪) সালামুন আ'লা মূসা ওয়া হারুন, (৫) সালামুন আ'লা ইলইয়াসীন, (৬) সালামুন আ'লাইকুম ত্বিবতুম ফাদ্খুলুহা খালিদ্বীন, (৭) সালামুন হিয়া হাত্তা মাত্বলায়ি'ল ফাজরি।

রবিউল আউয়াল মাসের ইবাদতের বিবরণ

রবিউল আউয়াল মাসের ১২ তারিখ রহমাতুল্লিল্ আ'লামীন, সায়্যিদুল মুরসালীন, খাতামুন্নাবীয়্যীন হযরত মুহাম্মদ (সঃ) পৃথিবীর মাঝে তাশরীফ আনিয়াছিলেন এবং ৬৩ বৎসর বয়সে এই মাসে এই তারিখেই দুনিয়ার মায়া ত্যাগ করতঃ আল্লাহ পাকের দরবারে গমন করিয়া ছিলেন। তাই এই বরকতময় দিবসটির গুরুত্ব অত্যধিক।

সারা জাহানের মুসলমানদের নিকট এই দিনটি খুশীর দিন হিসাবে পালিত হইয়া আসিতেছে। যেহেতু আল্লাহ তাঁহার প্রিয় হাবীবকে তিনি এই দিন ধরায় রহমত স্বরূপ প্রেরণ করিয়াছিলেন। এই দিনে পৃথিবীর মুসলিম সমাজ হযরতের জীবন চরিত আলোচনা করিয়া থাকে, অনেকে দরূদ শরীফ, মীলাদ শরীফ, কোরআন খতম, তসবীহ্-তাহলীল ইত্যাদি নফল ইবাদত করতঃ হযরত রাসূলে করীম (সঃ)-এর প্রতি সওয়াব রেছানী করিয়া থাকেন। তবে এই মাসের প্রত্যেক দিবসেই উপরোক্ত ইবাদতসমূহ করা যায় এবং উহার কিছু কিছু নিয়ম এখানে উল্লেখ করিলাম।

বর্ণিত আছে, এই মাসের ১২ তারিখে বুজুর্গ তাবেয়ী'গণ হযরত রাসূলে করীম (সঃ)এর রূহের মাগ্ফিরাতের জন্য ২০ রাকআ'ত নফল নামায দুই দুই

রাকআ'তের নিয়তে আদায় করিতেন এবং প্রত্যেক রাকআ'তে সূরা ফাতিহার পরে ১১ বার করিয়া সূরা এখলাস পড়িতেন। নামায শেষে আল্লাহর হাবীবের প্রতি সওয়াব রেছানী করিতেন। তাহারা ইহার বরকতে স্বপ্নে হযরত রাসূলুল্লাহ (সঃ)-কে দর্শন এবং দোজাহানের খায়ের ও বরকত লাভ করিতেন।

অন্য এক রেওয়ায়েতে আছে যে, যদি কোন মু'মিন ব্যক্তি নিম্নের দরূদ শরীফ এই মাসের যে কোন তারিখে এশার নামাযের পরে ১১২৫ বার পাঠ করিলে আল্লাহর রহমতে সে হযরত নবী করীম (সঃ)এর স্বপ্নে দর্শন লাভ করিবে।

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلٰى اِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা সাল্লি আ'লা মুহাম্মাদিওঁ ওয়া আ'লা আলি মুহাম্মাদিন্ কামা সাল্লাইতা আ'লা ইব্রাহীমা ওয়া আ'লা আলি ইব্রাহীমা ইন্নাকা হামীদুম্ মাজীদ।

রবিউস-সানী মাসের ইবাদতের বিবরণ

"জাওয়াহেরে গায়েবী" কিতাবে বর্ণিত আছে, রবিউস-সানী মাসের প্রথম তারিখে রাত্রিবেলা চারি রাকআত নফল নামায আদায় করিতে হয়। প্রতি রাকয়াতে সূরা ফাতিহার পরে সূরা এখলাস পড়িতে হয়। এই নামায আদায়কারীর আমলনামায় ৯০ হাজার বৎসরের সওয়াব লিখা হইবে এবং ৯০ হাজার বৎসরের গুনাহ মাফ করিয়া দেওয়া হইবে।

আর এক বর্ণনায় আছে, এই মাসের শেষ রাত্রে দুই রাকআ'তের নিয়তে চারি রাকআত নফল নামায প্রত্যেক রাকআতে সূরা ফাতিহার পরে তিনবার করিয়া সূরা এখলাস পড়িতে হয়। আল্লাহ্ তা'আলা নামাযীর কবর আজাব মাফ করিয়া দিবেন এবং দুনিয়ার জিন্দেগীতে সুখ-শান্তি লাভ করিবে।

অন্য এক রেওয়ায়েতে আছে, কোন ব্যক্তি যদি এই মাসের প্রথম সপ্তাহে যে কোন দিন দুই রাকআতের নিয়তে মোট চারি রাকআত প্রত্যেক রাকআতে সূরা ফাতিহার পরে ১১ বার সূরা এখলাস দ্বারা পাঠ করিবে এবং নামাযের পরে নিম্নের দরূদ শরীফ ১০০০ বার পাঠ করিবে, আল্লাহ তাআ'লা নামাযি ব্যক্তির শত্রু দমন করিয়া দিবেন এবং তাহার ধনসম্পদ বাড়াইয়া সৌভাগ্যশালী করিবেন।

দ রূদ শরীফ এই ঃ

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدِنِ النَّبِيِّ الْاُمِّيِّ الصَّادِقِ الْاَمِيْنِ وَعَلٰى اٰلِهٖ وَاَصْحَابِهٖ وَبَارِكْ وَسَلِّمْ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা সাল্লি আ'লা মুহাম্মাদিনিন্ নাবিয়্যিল উম্মিয়্যিচ্ছাদিক্বিল্ আমীনি ওয়া আ'লা আলিহী ওয়া আসহাবিহী ওয়া বারিক ওয়া সাল্লিম।

জমাদিউল আউয়াল মাসের ইবাদতের বিবরণ

বর্ণিত আছে, কোন ব্যক্তি যদি এই মাসের প্রথম তারিখে দিনের বেলা দুই রাকআ'তের নিয়তে মোট ৮ রাকআত নামায আদায় করিবে এবং উহার প্রত্যেক রাকআ'তে সূরা ফাতিহা ১১ বার করিয়া সূরা এখলাস দ্বারা আদায় করিবে, আল্লাহ তাআ'লা উক্ত নামাযিকে অসংখ্য সাওয়াব দান করিবেন এবং তাঁহার দিলের নেক নিয়ত পূর্ণ করিয়া দিবেন।

আরও বর্ণিত আছে, হযরত রাসূলে করীম (সঃ)এর সাহাবীগণ এই মাসের প্রথম তারিখে দুই রাকআতের নিয়তে মোট ২০ রাকআ'ত নামায আদায় করিতেন এবং ইহার প্রত্যেক রাকআ'তে সূরা ফাতিহার পরে একবার করিয়া সূরা এখলাস এবং নামাযের পরে নিম্নের দরূদ শরীফ ১০০ বার পাঠ করিতেন। এই নামায়ীর আমলনামায় অসংখ্য নেকী লিখা হইবে এবং তাহার সমস্ত নেক নিয়ত পূর্ণ করা হইবে। **দরূদ শরীফ এই ঃ**

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلٰى اِبْرٰهِيْمَ وَعَلٰى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা সাল্লি আ'লা মুহাম্মাদিওঁওয়া আ'লা আলি মুহাম্মাদিন কামা সাল্লাইতা আ'লা ইব্রাহীমা ওয়া আ'লা আলি ইব্রাহীমা ইন্নাকা হামীদুম মাজীদ।

জমাদিউস সানী মাসের ইবাদতের বিবরণ

জমাদিউস-সানী মাসের নফল ইবাদত সম্পর্কে কয়েকটি নিয়ম নিম্নে উল্লেখ করা হইল। বর্ণিত আছে, জমাদিউস-সানী মাসের পহেলা তারিখে হযরত আদ্

বকর সিদ্দীক (রাঃ) এবং অন্যান্য সাহাবীগণ দুই রাকয়াতের নিয়তে মোট ১২ রাকআত নামায আদায় করিতেন। ইহার প্রত্যেক রাকআতে সূরা ফাতিহার পরে ১১ বার করিয়া সূরা এখলাস পড়িতেন। কেহ কেহ সূরা এখলাসের পরে ৩বার আয়াতুল কুরসী পাঠ করিতেন। এই নামাযে অসংখ্য নেকী লাভ হয়।

অন্য এক বর্ণনায় আছে, যদি কোন ব্যক্তির সংসার জীবনে অশান্তি বিশৃংখলা লাগিয়া থাকে, শান্তির কোন আলামত দেখা না যায়, তবে সে এই মাসে দৈনিক ফজর ও মাগরিব নামাযের পরে নিম্নোক্ত তসবীহ্ দুইটি ১০০ বার করিয়া পাঠ করিলে আল্লাহর রহমতে তাহার সর্বপ্রকার সাংসরিক অশান্তি বিশৃংখলা দূর হইয়া শান্তি বিরাজ করিবে এবং আল্লাহর রহমত ও বরকত নাজিল হইতে থাকিবে। **তসবীহ দুইটি এই ঃ**

(১) هُوَالْحَىُّ الْقَيُّوْمُ ـ (হুওয়াল হাইউল কাইয়ূমু)

(২) هُوَ الْغَنِىُّ الْمَتِيْنُ ـ (হুওয়াল গানিয়ুল মাতীনু)

আরও বর্ণিত আছে, এই মাসের ১৩/১৪ ও ১৫ তারিখে রাত্রিবেলা দুই রাকআতের নিয়তে চারি রাকআত নামায আদায় করিলে প্রত্যেক রাকআ'তে সূরা ফাতিহার পরে সূরা এখলাছ ১৫ বার করিয়া পাঠ করিবে। আল্লাহ্ তাআলা তাহার আমলনামায় অশেষ সওয়াব প্রদান করিবেন।

রজব মাসের ইবাদতের বিবরণ

হযরত আনাস ইবনে মালিক (রাঃ) হইতে বর্ণিত আছে, হযরত রাসূলুল্লাহ্ (সঃ) যখন রজব মাসের চাঁদ দেখিতেন, তখন হস্ত মোবারকদ্বয় তুলিয়া এই দোয়া পড়িতেন ঃ

اَللّٰهُمَّ بَارِكْ لَنَا فِىْ رَجَبَ وَشَعْبَانَ وَبَلِّغْنَا اِلٰى شَهْرِ رَمَضَانَ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা বারিক লানা ফী রজাবা ওয়া শা'বানা ওয়া বাল্লিগ্না ইলা শাহরি রামাদ্বান।

অর্থ ঃ হে আল্লাহ ! রজব ও শা'বান মাসে আমাদেরকে বরকত দান করুন এবং আমাদিগকে রমজান মাস নসীব করুন।

"খোলাছাতুল আখবার" কিতাবে উল্লেখ আছে, রজব মাসের প্রথম, পনর ও

শেষ তারিখ যে ব্যক্তি প্রাপ্ত হইবে এবং উক্ত দিবসে গোসল করিবে, সে ব্যক্তি তাহার সকল গুনাহ হইতে পবিত্র হইয়া যাইবে। সেই ব্যক্তি ঐ দিবসের ন্যায় পবিত্র হইয়া যাইবে, যেই দিবসে সে তাহার মায়ের উদর হইতে ভূমিষ্ঠ হইয়াছিল।

হযরত ওয়ায়েছ ক্বরনী (রাঃ) হইতে বর্ণিত আছে, তিনি বলেন, রজব মাসের দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম ১৪ ১৫ ও ১৭ তারিখে এবং ২৩ , ২৪ ও ২৫ শা তারিখে রোজা রাখিবে। এবং উক্ত দিনসমূহে রোজাবস্থায় চাশতের ওয়াক্তে গোসল করতঃ কাহারো সঙ্গে কথাবার্তা না বলিয়া চারি রাকআ'তের নিয়তে মোট ১২ রাকআ'ত নামায প্রথম চারি রাকায়া'তে সূরা ফাতিহার পর সূরা ক্বদর তিনবার এবং নামায শেষে নিম্নোক্ত দোয়া' ৭০ বার পাঠ করিবে। **দোয়াটি এই ঃ**

لَااِلٰهَ اِلَّا اللّٰهُ الْمَلِكُ الْحَقُّ الْمُبِيْنُ ـ

উচ্চারণ ঃ লা ইলাহা ইল্লাল্লাহুল্ মালিকুল্ হাক্কুল্ মুবীন।

অতঃপর দ্বিতীয় চারি রাকয়াতের নিয়ত করতঃ সূরা ফাতিহার পরে সূরা নসর তিনবার এবং নামায শেষে নিম্নোক্ত দোয়া'টি ৭০ বার পাঠ করিবে।

দোয়া'টি এই ঃ

اِنَّكَ قَوِىٌّ مُّعِيْنٌ وَّاحِدِىٌّ دَلِيْلٌ بِحَقِّ اِيَّاكَ نَعْبُدُ وَاِيَّاكَ نَسْتَعِيْنُ ـ

উচ্চারণ ঃ ইন্নাকা ক্বাবিয়্যুম্ মুঈ'নুওঁ ওয়াহিদিয়্যুন্ দলীলুন্ বিহাক্কি ইয়্যাকা না'বুদু ওয়া ইয়্যাকা নাস্তায়ী'ন।

তারপর তৃতীয় চারি রাকআতে সূরা ফাতিহার পর তিনবার করিয়া সূরা এখলাস এবং নামায শেষে বুকের উপর হাত রাখিয়া সূরা "আলাম্ নাশ্‌রাহ্ লাকা" ৭০ বার পাঠ করিবে, অতঃপর হাত তুলিয়া আল্লাহ্ পাকের দরবারে যাহাই প্রার্থনা করিবে, তিনি তাহা কুবল করিবেন ইনশা আল্লাহ্।

লাইলাতুর্ রাগায়িবের বিবরণ

মশহুর মাশায়েখগণ রজব মাসের প্রথম বৃহস্পতিবারের রাত্রিকে "লাইলাতুর রাগায়িব" বলিয়া অভিহিত করিয়াছেন। এই রাত্রিতে মাগরিব নামাযের পরে দুই

রাকআতের নিয়তে মোট ১২ রাকআত নামায আদায় করিবে। প্রতি রাকআতে সূরা ফাতিহার পরে সূরা ক্বদর তিনবার এবং সূরা এখলাস দশবার এবং নামায শেষে নিম্নের দরূদ শরীফ ৭০ বার পড়িবে। **দরূদ এই ঃ**

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدِنِ النَّبِيِّ الْاُمِّيِّ وَعَلٰى اٰلِهٖ وَسَلِّمْ۔

উচ্চারণ ঃ আল্লাহুম্মা সাল্লি আ'লা মুহাম্মাদিনিন্ নাবিয়্যিল্ উম্মিয়্যি ওয়া আ'লা আলিহী ওয়া সাল্লিম।

অতঃপর 'আল্লাহু আকবার' বলিয়া সেজদায় যাইবে এবং নিম্নের দোয়া' ৭০ বার পড়িবে। **দোয়া'টি এই ঃ**

سُبُّوْحٌ قُدُّوْسٌ رَبُّنَا وَرَبُّ الْمَلٰئِكَةِ وَالرُّوْحِ۔

উচ্চারণ ঃ সুব্বুহুন্ কুদ্দূসুন্ রাব্বুনা ওয়া রাব্বুল মালায়িকাতি ওয়াররূহ্।

তৎপর সেজদা হইতে উঠিয়া নিম্নের দোয়া' ৭০ বার পড়িবে।

দোয়া'টি এই ঃ

رَبِّ اغْفِرْ وَارْحَمْ وَتَجَاوَزْ عَمَّا تَعْلَمُ فَاِنَّكَ اَنْتَ الْعَلِيُّ الْعَظِيْمُ۔

উচ্চারণ ঃ রাব্বিগ্ফির্ ওয়ারহাম্ ওয়া তাজাওয়ায্ আ'ম্মা তা'লামু ফাইন্নাকা আন্তাল্ আ'লিয়ূল্ আ'যীম।

অতঃপর পুনরায় সেজদায় যাইয়া দ্বিতীয় দোয়া'টি ৭০ বার। সেজদা হইতে উঠিয়া তৃতীয় দোয়া'টি ৭০ বার পড়িবে। এখন আল্লাহর দরবারে হাত তুলিয়া যাহাই প্রার্থনা করিবে, তিনি তাহাই কবুল করিবেন।

শবে এস্তেফ্তাহ্ এর বিবরণ

রজব মাসের ১৫ তারিখের রাত্রকে আওলিয়া মাশায়েখগণ "শবে এসতেফ্তাহ্" বলিয়া অভিহিত করিয়াছেন। এই মহান রাত্রের নফল ইবাদতে অনেক মুমিন বান্দার মনের আকাঙখা পূর্ণ হয় এবং ভাগ্য খুলিয়া যায়। এই রাত্রির নফল ইবাদতের কতিপয় নিয়ম নিম্নে উল্লেখ করা হইল ঃ

১। রজব মাসের ১৫ তারিখ রাত্রিতে অজু গোসল করতঃ পাক পবিত্র পোশাক পরিধান করতঃ দুই দুই রাকয়াতের নিয়তে মোট আট রাকআ'ত নামায প্রত্যেক রাকআতে সূরা ফাতিহার পরে তিনবার করিয়া সূরা এখলাস দ্বারা আদায় করিবে। এই নামাযি ব্যক্তি অসংখ্য সওয়াবের এবং দুনিয়াবী জীবনে সৌভাগ্যশালী ও মান-সম্মানের অধিকারী হইবে।

২। বর্ণিত আছে, এই রাত্রিতে তাহাজ্জুদ নামায আদায়ের পরে দুই দুই রাকআতের নিয়তে মোট ৫০ রাকআত নামায আদায় করিবে। ইহার প্রত্যেক রাকআতে সূরা ফাতিহার পরে তিনবার করিয়া সূরা এখলাস পাঠ করিবে অথবা অন্য যে কোন সূরা মিলাইয়া পড়িবে। এই নামাযের বরকত ও ফজীলত অত্যধিক, যথা ঃ (১) এই নামাযি ব্যক্তি নামায শেষে আল্লাহর দরবারে যাহাই প্রার্থনা করিবে তিনি তাহাই কবুল করিবেন। (২) এই নামাযির সকল গুনাহ্ আল্লাহ্ মাফ করিয়া দিবেন। (৩) এই নামাযির কবর অত্যধিক উজ্জল হইবে (৪) এই নামাযি ব্যক্তি রোজ কেয়ামতে মুত্তাকী, নেকবখ্ত ও শহীদানের শামিল হইবে এবং আম্বিয়াগণের সঙ্গে জান্নাতে দাখিল হইবে।

৩। হাদীসে বর্ণিত আছে, হযরত রাসূলুল্লাহ্ (সঃ) ফরমাইয়াছেন ঃ রজব মাসের ভিতরে একটি নির্দিষ্ট সময় (তারিখ) রহিয়াছে, সেই তারিখে নফল নামায পড়িলে তাহার তকদীরে ১০০ বৎসরের নফল নামাযের সওয়াব লাভ হইবে। তবে বুজুর্গ ব্যক্তিগণ ধারণা করিয়াছেন, এই সৌভাগ্য শীল রাত্রটি হইতেছে ১৫ই রজবের রাত্র, যাহা "শবে এস্তেফ্তাহ্" নামে আখ্যায়িত।

৪। বর্ণিত আছে, ১৫ রজবের রাত্রিবেলা দুই দুই রাকআতের নিয়তে মোট ৭০ রাকআত নফল নামায আদায় করিবে। ইহার প্রত্যেক রাকআতে সূরা ফাতিহা চারিবার পরে তিনবার করিয়া সূরা এখলাস পাঠ করিবে। এই নামাযি ব্যক্তির আমলনামায় দুনিয়ার বৃক্ষসমূহের সংখ্যানুযায়ী সওয়াব লিখা হইবে।

শবে মি'রাজ-এর বিবরণ

রজব মাসের সাতাইশ তারিখের রাত্রটি শবে মি'রাজ নামে বিখ্যাত। এই রাত্রিতে হযরত রাসূলে করীম (সঃ) মর্তলোক হইতে বোরাকে চড়িয়া ঊর্ধ্বলোকে গমন করতঃ আল্লাহ তা'আলার দীদার লাভ করিয়া সপ্ত আসমানসহ ঊর্ধ্বলোকে মহা শূন্যের বহু অলৌকিক ঘটনা ও বস্তু সমূহ দর্শন করতঃ সর্বোত্তম ইবাদত

নামাযকে উপঢৌকন হিসাবে লাভ করিয়া পুনরায় পৃথিবীতে প্রত্যাবর্তন করিয়াছিলেন। এই রাত্রটি বহুত বরকতময় ও ফযীলতপূর্ণ রাত্র। এই রাত্রের নফল ইবাদত ও নামায অত্যাধিক সওয়াবের বিষয়। এই সম্পর্কে নিম্নে কিছু আলোচনা করা হইল ঃ

জলীলুল ক্বদর সাহাবী হযরত আবু সাঈদ খুদরী (রাঃ) বর্ণনা করেন, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ রজব মাস প্রাপ্ত হইলে তোমরা এই মাসে বেশী পরিমাণে নফল ইবাদত করিও। হযরত রাসূলে করীম (সঃ) নিম্নের দোয়াটি অনেকবার পাঠ করিতেন। **দোয়া'টি এই ঃ**

اَللّٰهُمَّ بَارِكْ لَنَا فِىْ رَجَبَ وَشَعْبَانَ وَبَلِّغْنَا اِلٰى شَهْرِ رَمَضَانَ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা বারিক লানা ফী রজাবা ওয়া শা'বানা ওয়া বাল্লিগ্‌না ইলা শাহ্‌রি রমাদ্বান।

আর এক বর্ণনায় বর্ণিত আছে, শবে মি'রাজের রাত্রিতে দুই রাকয়া'তের নিয়তে চার রাকআত নফল নামায আদায় করিবে। ইহার প্রত্যেক রাক্‌য়াতে সূরা ফাতিহার পরে তিনবার করিয়া সূরা এখলাস পাঠ করিবে। এবং দুই রাকয়াতের পর ২০০ বার দরূদ শরীফ পাঠ করিবে এবং হাত তুলিয়া আল্লাহর দরবারে মুনাজাত করিবে। এই নামাযি ব্যক্তি অসংখ্য সওয়াব লাভ করিবে, তাহার ঈমান মজবুত হইবে এবং আল্লাহর রহমত বর্ষিত হইতে থাকিবে।

অন্য এক বর্ণনায় বর্ণিত হইয়াছে, শবে মি'রাজের রজনীতে দুই রাকয়াতের নিয়তে মোট চার রাকআত নামায আদায় করিবে। এই নামাযের প্রত্যেক রাকয়াতে সূরা ফাতিহার পরে যে কোন সূরা মিলাইয়া পাঠ করিবে। নামায শেষ করতঃ কালেমায়ে তামজীদ, দরূদ শরীফ ও তওবায়ে ইস্তিগ্‌ফার প্রত্যেকটি ১০০ বার করিয়া পাঠ করিবে। অতঃপর সেজদায় যাইয়া আল্লাহ্ তা'আলার দরবারে যেই সমস্ত বিষয় নেক আকাঙ্খা করিবে, তিনি তাহা কবুল করিবেন।

শা'বান মাসের ইবাদতের বিবরণ

বৎসরের বার মাসের মধ্যে অন্যান্য মাসের তুলনায় শা'বান মাসের মর্যাদা ও ফযীলত অত্যধিক বেশী। এই মাসের মধ্যে "শবে বরাত" নামে একটি রাত্র আছে, যাহার ফযীলত সম্পর্কে কুরআন শরীফে ও হাদীস শরীফে বর্ণিত

হইয়াছে। এই রজনীভর জাগরিত থাকিয়া নফল ইবাদত বন্দেগী করিলে অসংখ্য সওয়াব লাভ হয়। এই ইবাদত সম্পর্কে কয়েকটি নিয়ম নিম্নে উল্লেখ করা হইল ঃ

"ফাজায়েলে শুহুর" নামক কিতাবে বর্ণিত আছে, এই মাসের পহেলা রজনীতে দুই রাকয়া'তের নিয়তে মোট ১২ রাকআ'ত নামায আদায় করিবে। ইহার প্রত্যেক রাকয়া'তে সূরা ফাতিহার পরে ১৫ বার করিয়া সূরা এখলাস পাঠ করিবে। এই নামাযির আমলনামায় অশেষ পুণ্য লিপিবদ্ধ করা হইবে।

আর এক রেওয়ায়েতে হযরত আবুল কাসেম সফ্ফার (রাঃ) বর্ণনা করেন, এই রজনীতে এক নিয়তে ৮ রাকআ'ত নামায আদায় করিবে। এই নামাযের প্রত্যেক রাকয়াতে সূরা ফাতিহার পরে ১১ বার করিয়া সূরা এখলাস পাঠ করিবে। নামায শেষে ইহার সওয়াব হযরত ফাতেমা জোহরা (রাঃ) এর রুহ্ মোবারকের প্রতি বখশিশ করিবে। হযরত ফাতেমা (রাঃ) বলিয়াছেন, এই নামাযি ব্যক্তির শাফায়া'ত না করিয়া আমি বেহেশতে গমন করিব না।

হাদীস শরীফে বর্ণিত আছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন, শাবান মাসের যে কোন জুমুআ'র দিবসে দুই রাকয়া'তের নিয়াতে মোট চার রাকয়াত নামায আদায় করিবে। এই নামাযের প্রত্যেক রাকয়া'তে সূরা ফাতিহার পরে ৩০ বার করিয়া সূরা এখলাস পাঠ করিবে। নামাযের পরে ১০০ বার দরূদ শরীফ পাঠ করিবে। এই নামাযি ব্যক্তি একটি হজ্জ ও একটি ওমরার তুল্য সওয়াব লাভ করিবে।

হাদীসে বর্ণিত আছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ যদি কোন ব্যক্তি শা'বান মাসে খুলুছিয়াতের সহিত ৩০০০ বার দরূদ শরীফ পাঠ করে, তবে তাহার শাফায়া'তের দায়িত্ব আমার উপর বর্তাইবে। দরূদ শরীফের মধ্যে এই দরূদ শরীফটি অন্যতম। দরূদ শরীফ ঃ

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلٰى اِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ ـ
اَللّٰهُمَّ بَارِكْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلٰى اِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা সাল্লি আ'লা সাইয়্যিদিনা মুহাম্মাদিওঁ ওয়া আ'লা আলি সাইয়্যিদিনা মুহাম্মাদিন কামা সল্লাইতা আ'লা ইব্রাহীমা ওয়া আ'লা আলি ইব্রাহীমা ইন্নাকা হামীদুম্ মাজীদ। আল্লাহুম্মা বারিক আ'লা সাইয়্যিদিনা মুহাম্মাদিওঁ ওয়া আ'লা আলি সাইয়্যিদিনা মুহাম্মাদিন কামা বারাকতা আ'লা ইব্রাহীমা ওয়া আ'লা আলি ইব্রাহীমা ইন্নাকা হামীদুম্ মাজীদ।

শবে বরাতের মর্যাদা ও ফজীলত

শবে বরাতের ফযীলত সম্পর্কে হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ

طُوْبٰى لِمَنْ يَّعْمَلُ فِىْ لَيْلَةِ النِّصْفِ مِنْ شَعْبَانَ خَيْراً ـ

উচ্চারণ ঃ তূবা লিমাইয়্যা'মালু ফী লাইলাতিন্ নিছ্ফি মিন্ শা'বানা খাইরান।

অর্থ ঃ যাহারা শা'বান মাসের ১৫ই তারিখের রাত্রিতে ইবাদত করিবে, তাহাদের জন্যই সৌভাগ্য ও আনন্দ।

অন্য হাদীসে বর্ণিত আছে, হযরত রাসূলুল্লাহ্ (সঃ) এরশাদ করিয়াছেন ঃ

مَنْ صَامَ خَامِسَ عَشَرَ مِنْ شَعْبَانَ لَمْ تَمَسَّهُ النَّارُ اَبَداً ـ

উচ্চারণ ঃ মান ছ্বামা খামিসা আ'শারা মিন্ শা'বানা লাম্ তামাচ্ছাহুন্ নারু আবাদা।

অর্থ ঃ যেই ব্যক্তি শা'বান মাসের ১৫ই তারিখে রোজা রাখিবে, তাহাকে জাহান্নামের আগুন কখনও স্পর্শ করিবে না।

আর এক হাদীসে হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ

اِنَّ اللّٰهَ يَرْحَمُ عُصَاةَ اُمَّتِىْ فِىْ لَيْلَةِ النِّصْفِ مِنْ شَعْبَانَ بِعَدَدِ شُعُوْرِ اَنْعَامِ بَنِىْ كَلْبٍ وَبَنِىْ رَبِيْعَ وَمُضَرَ

উচ্চারণ ঃ ইন্নাল্লাহা ইয়ারহামু উ'ছাতা উম্মাতী ফী লাইলাতিন্ নিছ্ফি মিন্ শা'বানা বিআ'দাদি শুউ'রি আন্য়া'মি বনী কিলাবিওঁ ওয়া বনী রবীআ' ওয়া মুদ্বার।

অর্থ ঃ নিশ্চয়ই আল্লাহ তা'আলা শা'বান মাসের ১৫ই তারিখের রাত্রিতে বনী কেলাব, বনী রবী' ও বনী মুদ্বার কওমের ভেড়া ও বকরীর পশমের সংখ্যা পরিমাণ গুনাহগার উম্মতগণকে ক্ষমা করিয়া দেন।

আর এক রেওয়ায়েতে আছে ঃ

عَنْ اَبِىْ بَكْرِنِ الصِّدِّيْقِ رَضِىَ اللّٰهُ تَعَالٰى عَنْهُ قَالَ قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ قُوْمُوْا لَيْلَةَ النِّصْفِ مِنْ شَعْبَانَ فَاِنَّهَا لَيْلَةٌ مُّبَارَكَةٌ فَاِنَّ اللّٰهَ يُنَادِىْ فِيْهَا هَلْ مِنْ مُّسْتَغْفِرٍ فَاغْفِرْهُ ـ

উচ্চারণ ঃ আ'ন্ আবী বাক্‌রিনিছ্ ছিদ্দীক্ব রাদ্বী আল্লাহু তাআলা ক্বালা, ক্বালা রাসূলুল্লাহি ছল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লামা, ক্বুমূ লাইলাতান্ নিছ্‌ফি মিন্ শা'বানা ফাইন্নাহা লাইলাতুম্ মুবারকাতুন্ ফাইন্নাল্লাহা ইয়ুনাদী ফীহা হাল্ মিম্ মুস্‌তাগ্‌ফিরিন্ ফাগ্‌ফিরহু।

অর্থ ঃ হযরত অবু বকর (রাঃ) হইতে বর্ণিত, হযরত রাসূলুল্লাহ (সঃ) ইরশাদ করিয়াছেন ঃ তোমরা শা'বান মাসের ১৫ই তারিখের রাত্রিতে জাগরিত থাকিয়া ইবাদতে মগ্ন হও। যেহেতু ঐ রাত্রটি বরকতময় ও ফযীলতপূর্ণ। ঐ রাত্রিতে আল্লাহ তা'আলা ডাকিয়া বলেন ঃ তোমাদের মধ্যে কেহ ক্ষমা প্রার্থী আছে কি ? আমি তাহাকে ক্ষমা করিয়া দিব।

অন্য এক হাদীসে বর্ণিত আছে, হযরত রাসূলুল্লাহ্ (সঃ) এরশাদ করিয়াছেনঃ বরাতের রাত্রিতে ইবাদতের নিয়তে সন্ধ্যার পরে যেই ব্যক্তি ভালভাবে গোসল করিবে, তাহার গোসলের পানির প্রত্যেকটি ফোটার পরিবর্তে ৭০০ রাকআত নামাযের তুল্য সওয়াব লাভ হইবে।

শবে বরাতের নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ لَيْلَةِ الْبَرَاٰتِ النَّفْلِ ـ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ উছাল্লিয়া লিল্লাহি তা'আলা রাকআ'তাই ছলাতি লাইলাতিল বারায়াতিন্ নাফ্‌লি, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল্ কা'বাতিশ্ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলায় নিয়ত ঃ আমি কেবলামুখী হইয়া আল্লাহর উদ্দেশ্যে শবে বরাতের দুই রাকআত নফল নামায আদায় করিবার নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

শবে বরাতের রাত্রিতে দুই দুই রাকয়া'তের নিয়তে যত বেশী সম্ভব নামায আদায় করিবে। এই নামাযের প্রতি রাকয়া'তে সূরা ফাতিহার পরে সূরা এখলাস তিন বার, ১০ বার, ২১ বার, ২৭ বার, ৩৩ বার কিংবা ৫০ বার পর্যন্ত পড়া যায়। তবে কম সূরা পড়িয়া বেশী নামায আদায় করিবার চেষ্টা করিবে। এই পবিত্র রজনীতে নামায ব্যতীত অন্যান্য ইবাদত করিলেও অধিক সওয়াব পাওয়া যাইবে। যেমন ঃ কুরআন শরীফ তেলাওয়াত করা, তসবীহ্-তাহ্লীল, যিকির আয্কার, দোয়া ও দরূদ শরীফ, তওবায়ে ইস্তেগ্ফার ইত্যাদি পাঠ করা। ইহা ব্যতীত গরীবদিগকে দান খয়রাত করা, খাদ্য ও মিষ্টান্ন বিতরণ করায় বহুত সওয়াব পাওয়া যাইবে। সমস্ত রাত্র ব্যাপী ইবাদত বন্দেগীতে কাটাইয়া ফজরের নামায আদায় করতঃ নিদ্রা যাওয়া উচিৎ। আর নফল ইবাদত করতঃ যাহাতে ফজরের নামায কাজা না হয় সে দিকে খেয়াল রাখিতে হইবে।

শবে বরাত উপলক্ষে বেদয়াতী রুসম-রেওয়াজ পরিহার করিতে হইবে। যেমন ঃ পটকা ফুটানো, আঁতশবাজি করা, বেহুদা কবর স্থানে মোমবাতি জ্বালানো ইত্যাদি বর্জন করা কর্তব্য। ইহাতে সওয়াবের পরিবর্তে গুনাহ হইবে। খবরদার এই সমস্ত বেদয়াতী কার্যাদি হইতে দূরে থাকিতে হইবে।

রমজান মাসের ইবাদতের বিবরণ

আল্লাহ তা'আলা পুরা রমজান মাসব্যাপী মুসলমানদের প্রতি রোজা রাখা ফরজ করিয়া দিয়াছেন। এই রোজা সম্পর্কে আল্লাহ তা'আলা পবিত্র কুরআন শরীফে বলেন ঃ

يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ـ

উচ্চারণ ঃ ইয়া- আইয়্যুহাল্লাযী-না আ-মানূ কুতিবা আ'লাইকুমুছ্ ছিয়া-মু কামা- কুতিবা আ'লাল্লাযী-না মিন্ ক্বাব্লিকুম্ লাআ'ল্লাকুম্ তাত্তাকু-ন।

অর্থ ঃ হে বিশ্বাসীগণ ! তোমাদের উপর রোজা ফরজ করা হইয়াছে, যেমন উহা তোমাদের পূর্ববর্তীগণের উপরও ফরজ করা হইয়াছিল। যাহাতে তোমরা আল্লাহকে ভয় কর।

এই রোজার মধ্যে দুইটি ফরজ আদায় হইয়া থাকে, একটি আল্লাহর হুকুম ফরজ রোজা রাখা এবং দ্বিতীয়টি রোজার নিয়ত করা। অতএব প্রত্যেক আকেল বালেগ সুস্থ মুমিনবান্দাকে রোজা রাখিবার জন্য সচেতন থাকিতে হইবে।

রোজা সম্পর্কে হযরত রাসূলে করীম (সঃ) ফরমাইয়াছেন ঃ

مَنْ صَامَ رَمَضَانَ اِيْمَانًا وَّاِحْتِسَابًا خَرَجَ مِنْ ذُنُوْبِهٖ كَيَوْمِ وَلَدَتْهُ اُمُّهٗ وَفِىْ رِوَايَةٍ مَنْ صَامَ رَمَضَانَ اَوَّلَهٗ اِلٰى اٰخِرِهٖ خَرَجَ مِنْ ذُنُوْبِهٖ كَيَوْمٍ وَّلَدَتْهُ اُمُّهٗ ـ

উচ্চারণ ঃ মান্ ছ্বামা রামাদ্বানা ঈমানাওঁ ওয়া ইহ্তিসাবান্ খারাজা মিন্ যুনূবিহী কাইয়াওমিওঁ ওয়ালাদাত্হু উম্মুহূ। ওয়া ফী রিওয়াইয়াতিন্ মান্ ছ্বামা রামাদ্বানা আউয়্যালাহু ই'লা আখিরিহী খারাজা মিন যুনূবিহী কাইয়ামিওঁ ওয়ালাদাত্হু উম্মুহূ।

অর্থ ঃ যেই ব্যক্তি পূর্ণ বিশ্বাস ও আল্লাহর সন্তুষ্টি লাভের আকাঙ্খায় রমজান মাসে রোজা রাখিবে, সেই ব্যক্তি গুনাহ হইতে এমনিভাবে নিষ্পাপ হইয়া যাইবে, যেমনিভাবে মাতৃউদর হইতে জন্ম হইবার পর নিষ্পাপ ছিল। আর এক রেওয়ায়েতে আছে যে, যেই ব্যক্তি রমজান মাসের রোজা প্রথম হইতে শেষ পর্যন্ত সঠিকভাবে পালন করিবে, সেই ব্যক্তি গুনাহ হইতে এমনিভাবে নিষ্পাপ হইয়া যাইবে, যেমনিভাবে সে মাতৃগর্ভ হইতে ভূমিষ্ঠ হইবার দিন নিষ্পাপ ছিল।

আর এক হাদীসে বর্ণিত হইয়াছে ঃ

اِذَا جَاءَ رَمَضَانُ فُتِحَتْ اَبْوَابُ الْجَنَّةِ وَغُلِّقَتْ اَبْوَابُ النَّارِ وَصُفِّدَتِ الشَّيٰطِيْنُ ـ

উচ্চারণ ঃ ইযা জায়া রামাদ্বানু ফুতিহাত্ আব্ওয়াবুল জান্নাতি ওয়া গুল্লিক্বাত আব্ওয়াবুন্ নারি ওয়া ছুফ্ফি দ্বতিশ্ শাইয়াত্বীন।

অর্থ ঃ যখন রমজান মাস আগমন করিয়া থাকে, তখন জান্নাতের দরজা খুলিয়া দেওয়া হয় এবং জাহান্নামের দরজা বন্ধ করিয়া দেওয়া হয়, আর শয়তানকে বাঁধিয়া রাখা হয়।

অন্য আরও এক হাদীসে বর্ণিত হইয়াছে ঃ

اِنَّ اَبْوَابَ الْجَنَّةِ وَاَبْوَابَ السَّمَاءِ لَتُفْتَحُ الاوَّلَ لَيْلَةٍ مِّنْ شَهْرِ رَمَضَانَ وَلاَتُغْلَقُ اِلاَّ اٰخِرِلَيْلَةٍ ـ

উচ্চারণ ঃ ইন্না আব্ওয়াবাল্ জান্নাতি ওয়া আব্ওয়াবাস্ সামায়ি লাতুফ্তাহুল্ আউয়্যালি লাইলাতিম্ মিন্ শাহ্রি রমাদ্বানা ওয়া লা-তুগ্লাকু ইল্লা আখিরি লাইলাতিন্।

অর্থ ঃ নিশ্চয়ই রমজান মাসের প্রথম রাত্রিতেই জান্নাত ও আসমান সমূহের দরজা সমূহ উন্মুক্ত করা হইয়া থাকে এবং উহা মাস শেষ না হওয়া পর্যন্ত বন্ধ করা হইবে না। আর এক হাদীসে বর্ণিত হইয়াছে ঃ

اِذَا دَخَلَ شَهْرُ رَمَضَانَ مَرْحَبًا بِشَهْرٍ خَيْرِ كُلِّهِ صِيَامِ نَهَارِهِ وَقِيَامِ لَيَالِهِ وَالنَّفْقَةَ فِىْ سَبِيْلِ اللّٰهِ ـ ،

উচ্চারণ ঃ ইযা দাখালা শাহ্রু রামাদ্বানা মার্হাবান্ বিশাহ্রিন্ খাইরি কুল্লিহী সিয়ামী নাহারিহী ওয়া ক্বিয়ামী লাইয়ালিহী ওয়ান্ নাফ্ক্বাতা ফী সাবীলিল্লাহ্।

অর্থ ঃ যখন রমজান মাস আগমন করিয়া থাকে, তখন আনন্দ খুশী ও উৎফুল্লতাও আগমন করিয়া থাকে। এই মাস সম্পূর্ণই পুণ্যময়। রাত্রিবেলা নামায ও ইবাদতে জাগরিত থাকা এবং দিনের বেলা রোজা রাখা আর পরিবারবর্গের জন্য ধন-সম্পদ ব্যয় করা ; ইহা সমস্তই আল্লাহর রাস্তায় দানের মর্যাদা লাভ করিয়া থাকে। আর এক হাদীসে বর্ণিত হইয়াছে ঃ

اِذَا كَانَ مِنْ اَوَّلِ لَيْلَةٍ مِّنْ شَهْرِ رَمَضَانَ نَظَرَاللّٰهُ اِلٰى خَلْقِهِ وَاِذَا نَظَرَ اِلٰى عَبْدٍ لَّمْ يُعَذِّبْهُ اَبَدًا ـ

উচ্চারণ ঃ ইযা কানা মিন্ আউয়্যালি লাইলাতিম্ মিন্ শাহ্রি রামাদ্বানা নাযারাল্লাহু ইলা খালাক্বিহী ওয়া ইযা নাযারা ইলা আ'বদিন লাম্ ইয়ু'আজ্জিবহু আবাদা।

অর্থ ঃ যখন রমজান মাসের প্রথম রাত্রি উপস্থিত হয়, তখন আল্লাহ তা'আলা মাখলুকাতের প্রতি রহমতের দৃষ্টিপাত করেন, আর আল্লাহ তা'আলার রহমতের দৃষ্টি যাহার উপর পতিত হয়, সে কোন সময় শাস্তি ভোগ করিবে না।

অন্য এক হাদীসে আরও বর্ণিত আছে ঃ

اَلصَّوْمُ نِصْفُ الصَّبْرِ وَالصَّبْرُ نِصْفُ الْاِيْمَانِ ـ

উচ্চারণ ঃ আস-সওমু নিস্‌ফুস্ সুব্‌রি ওয়াছ্ সব্‌রু নিসফুল ঈমান।

অর্থ ঃ রোজা হইতেছে ধৈর্যের অর্ধাংশ এবং ধৈর্য হইতেছে ঈমানের অর্ধাংশ স্বরূপ।

হাদীসে কুদসীতে বর্ণিত আছে, আল্লাহ তা'আলা বলিয়াছেন ঃ

اَلصَّوْمُ لِىْ وَ اَنَا اَجْزِىْ بِهٖ ـ

উচ্চারণ ঃ আস-সওমু লী ওয়া আনা আজ্‌যী বিহী।

অর্থ ঃ রোজা শুধুমাত্র আমারই সন্তুষ্টির জন্য এবং আমি নিজেই উহার প্রতিদান প্রদান করিব।

রোজার প্রকারভেদ

রোজা চার প্রকার, যথা ঃ (১) ফরজ রোজা, (২) ওয়াজিব রোজা, (৩) নফল রোজা, (৪) মাকরূহ্ রোজা।

(১) ফরজ রোজা ঃ রমজান মাসের রোজা এবং উহার কাজা ও কাফ্‌ফারার রোজা। যে ব্যক্তি এই রোজাকে অস্বীকার করিবে, সে কাফের হইবে।

(২) ওয়াজিব রোজা ঃ নির্দিষ্ট বা অনির্দিষ্ট মান্নত রোজা।

(৩) নফল রোজা ঃ উপরোক্ত রোজা ব্যতীত অন্যান্য রোজা, যথা শাওয়াল মাসের ৬ রোজা, আইয়্যাম বিজের রোজা। প্রতি মাসের ১৩/১৪ ও ১৫ তারিখের রোজা, জিলহজ্জ মাসের প্রথম ৯ দিনের রোজা, মহররম মাসের আশুরার রোজা। শবে বরাতের রোজা, প্রতি বৃহস্পতি ও শুক্রবারের রোজা ইত্যাদি।

(৪) মাকরূহ রোজা ঃ দুই ঈদের দিনে রোজা রাখা এবং কুরবানী ঈদের পরের তিন দিন রোজা রাখা হারাম।

যে সব কারণে রোজার কাজা ও কাফ্ফারা উভয় ওয়াজিব হয়

(১) ইচ্ছাকৃতভাবে সহবাস করিলে বা করাইয়া লইলে, (২) সিঙ্গা লাগাইয়া রোজা ভঙ্গ হইয়াছে ধারণা করতঃ স্বেচ্ছায় পানাহার করিলে, (৩) স্বেচ্ছায় বীর্য বাহির করিলে, (৪) সুস্থ অবস্থায় ইচ্ছাপূর্বক রোজা না রাখিলে।

বৎসরে পাঁচ দিন রোজা রাখা হারাম

ঈদুল ফিতেরের দিন, কোরবানীর দিন ও তাহার পরের তিন দিন।

রোজার নিয়ত

نَوَيْتُ اَنْ اَصُوْمَ غَدًا مِّنْ شَهْرِ رَمَضَانَ الْمُبَارَكِ فَرْضًا لَّكَ يَا اَللّٰهُ فَتَقَبَّلْ مِنِّىْ اِنَّكَ اَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ۔

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ আছূমা গাদাম্ মিন শাহ্রি রামাদ্বানাল মুবারাকি ফারদ্বাল্লাকা ইয়া আল্লাহু ফাতাক্বাব্বাল মিন্নী ইন্নাকা আন্তাস্ সামীউ'ল আ'লীম।

ইফতারির ফযীলত

সারাদিন রোজা রাখিবার পরে সূর্যাস্তের সঙ্গে সঙ্গে ইফতার করা অনেক সওয়াবের বিষয়। ইফতার দ্বারা যেভাবে সমস্ত দিবসের ক্ষুধা-তৃষ্ণা দূরীভূত হইয়া যায়, তদ্রূপ অসংখ্য সওয়াব লাভ হইয়া থাকে। হাদীস শরীফে বর্ণিত হইয়াছে ঃ

مَنْ اَفْطَرَ صَائِمًا كَانَ مَغْفِرَةً لِّذُنُوْبِ وَعِتْقًا مِّنَ النَّارِ بِرَحْمَةٍ مِّنَ اللّٰهِ۔

উচ্চারণ ঃ মান্ আফ্তারা ছায়িমান কানা মাগ্ফিরাতাল্ লিজ্জুনূবি ওয়া ই'ত্বক্বাম্ মিনান্নারি বিরাহ্মাতিম্মিনাল্লাহি।

অর্থ ঃ কোন ব্যক্তি যদি রমজানে কোন রোজাদার ব্যক্তিকে ইফতার করায়, তবে তাহার সমস্ত গুনাহ মাফ হইয়া যায়। আর সেই ব্যক্তি জাহান্নামের অগ্নি হইতে আল্লাহর রহমতে নাজাত পাইবে।

অন্য এক হাদীসে বর্ণিত হইয়াছে, রমজান মাসে কোন ব্যক্তি যদি কোন রোজাদারকে খেজুর কিংবা মিষ্টি, শরবত অথবা অল্প পরিমাণ দুধ দ্বারাও ইফতারী করায়, তবে তাহার জন্য রমজান মাসের প্রথম অংশে আল্লাহর রহমত ও করুণা, দ্বিতীয় অংশে ক্ষমা এবং তৃতীয় অংশে জাহান্নামের আজাব হইতে নাজাতের সুসংবাদ রহিয়াছে।

ইফতারের দোয়া

اَللّٰهُمَّ لَكَ صُمْتُ وَتَوَكَّلْتُ عَلٰى رِزْقِكَ وَ اَفْطَرْتُ بِرَحْمَتِكَ يَااَرْحَمَ الرّٰحِمِيْنَ۔

উচ্চারণ ঃ আল্লাহুম্মা লাকা ছুম্‌তু ওয়া তাওয়াক্কালতু আ'লা রিয্‌ক্বিকা ওয়া আফ্‌তারতু বিরাহ্‌মাতিকা ইয়া আরহামার রাহিমীন।

অর্থ ঃ হে আল্লাহ ! আমি তোমার জন্য রোজা রাখিয়াছি এবং তোমার দেওয়া রুজীর উপর ভরসা করিয়াছি এবং তোমার রহমতের উপর ইফতার করিতেছি। হে সর্বোচ্চ দয়ালু ও দয়াময়।

তারাবীহ্ নামাযের বিবরণ

রমজান মাসে এশার নামাযের পরে বেতের নামাযের পূর্বে বিশ রাকআত তারাবীর নামায একাকী অথবা জামায়াতের সহিত আদায় করিতে হয়। এই নামায সুন্নাতে মুয়াক্কাদাহ্। ইহা দুই দুই রাকয়াতের নিয়তে আদায় করিতে হয়।

তারাবীহ্ নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوتِ التَّرَابِيْحِ سُنَّةُ رَسُوْلِ اللّٰهِ تَعَالٰى مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ۔

উচ্চারণ ঃ নাওয়াইতু আন উছাল্লিয়া লিল্লাহি তা'আলা রাক্‌আতাই ছালাতিত তারাবীহি সুন্নাতু রাসূলিল্লাহি তাআ'লা, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলা নিয়ত ঃ অমি কেবলামুখী হইয়া আল্লাহর উদ্দেশ্যে দুই রাকআত তারাবীহ্‌র সুন্নত নামায আদায় করিবার নিয়ত করিলাম, আল্লাহু আকবার।

জামায়াতের সহিত আদায় করিলে ঃ "এই ইমামের পিছনে একতেদা করিলাম" বলিতে হইবে। দুই দুই রাকয়াতের পরে যে কোন একটি দরূদ শরীফ পড়িতে হয়। আর চার রাকয়া'তের পরে দোয়া পড়িতে হয়।

তারাবীহর দোয়া'

سُبْحَانَ ذِى الْمُلْكِ وَالْمَلَكُوْتِ ـ سُبْحَانَ ذِى الْعِزَّةِ وَالْعَظْمَةِ وَالْهَيْبَةِ وَالْقُدْرَةِ وَالْكِبْرِيَاءِ وَالْجَبَرُوْتِ ـ سُبْحَانَ الْمَلِكِ الْحَىِّ الَّذِى لَايَنَامُ وَلَايَمُوْتُ اَبَدًا اَبَدًا ـ سُبُّوْحٌ قُدُّوْسٌ رَبُّنَا وَرَبُّ الْمَلَائِكَةِ وَالرُّوْحِ

উচ্চারণ ঃ সুব্হানা যিল্ মুলকি ওয়াল মালিকূতি, সুব্হানা যিল্ ইজ্জাতি ওয়াল্ আ'যমাতি ওয়াল হাইবাতি ওয়াল্ কুদরাতি ওয়াল্ কিব্রিয়ায়ি ওয়াল্ জাবারূতি, সুবহানাল্ মালিকিল হাইয়্যিল্লাযী লা-ইয়ানামু ওয়া লা-ইয়ামূতু আবাদান আবাদা। সুব্বুহুন্ কুদ্দূসুন্ রাব্বুনা ওয়া রাব্বুল মালায়িকাতি ওয়ার্রূহ্।

তারাবীহ্ নামাযের মুনাজাত

اَللّٰهُمَّ اِنَّا نَسْئَلُكَ الْجَنَّةَ وَنَعُوْذُبِكَ مِنَ النَّارِ ـ يَاخَالِقَ الْجَنَّةِ وَالنَّارِ ـ بِرَحْمَتِكَ يَا عَزِيْزُ يَاغَفَّارُ يَاكَرِيْمُ يَاسَتَّارُ يَارَحِيْمُ يَاجَبَّارُ يَاخَالِقُ يَا بَارُّ ـ اَللّٰهُمَّ اَجِرْنَا مِنَ النَّارِ ـ يَا مُجِيْرُ يَا مُجِيْرُ يَا مُجِيْرُ بِرَحْمَتِكَ يَآ اَرْحَمَ الرّٰحِمِيْنَ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা ইন্না নাসয়ালুকাল্ জান্নাতা ওয়া নাউ'যুবিকা মিনান্নারি, ইয়া খালিক্বাল জান্নাতি ওয়ান্নারি। বিরাহমাতিকা ইয়া আ'যীযু ইয়া গাফ্ফারু ইয়া কারীমু ইয়া ছাত্তারু ইয়া রাহীমু ইয়া জাব্বারু ইয়া খালিক্বু ইয়া বাররু। আল্লাহুম্মা আজিরনা মিনান্নারি। ইয়া মুজীরু, ইয়া মুজীরু, ইয়া মুজীরু, বিরাহ্মাতিকা ইয়া আরহামার রাহিমীন।

শবে কদরের ফযীলত ও নামাযের বিবরণ

পবিত্র রমজান মাসের মধ্যে সর্বোত্তম একটি রাত্র রহিয়াছে বিধায় এই মাসের ফযীলত অনেক বেশী। কিন্তু এই দিন কোন্ তারিখে ইহা নিয়া মতভেদ রহিয়াছে। তবে অধিকাংশ মুহাক্কিক ওলামা ও ইমামগণের ধারণা এই যে, রমজান মাসের ২৭ তারিখের রাত্রটিই ক্বদরের রাত্রি। এই ক্বদরের রাত্রি সম্পর্কে আল্লাহ তা'আলা পাক কালামে মজীদে একটি পূর্ণাঙ্গ সূরা নাযিল করিয়াছেন, যাহার নাম সূরা ক্বদর। আল্লাহ বলেন ঃ

اِنَّآ اَنْزَلْنَاهُ فِىْ لَيْلَةِ الْقَدْرِ ـ وَمَآ اَدْرٰكَ مَا لَيْلَةُ الْقَدْرِ ـ لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِّنْ اَلْفِ شَهْرٍ ـ تَنَزَّلُ الْمَلٰٓئِكَةُ وَالرُّوْحُ فِيْهَا بِاِذْنِ رَبِّهِمْ مِنْ كُلِّ اَمْرٍ سَلَامٌ ـ هِىَ حَتّٰى مَطْلَعِ الْفَجْرِ ـ

উচ্চারণ ঃ ইন্না আনযালনাহু ফী লাইলাতিল ক্বাদ্‌রি, ওয়ামা আদ্‌রাকা মা-লাইলাতুল ক্বাদরি। লাইলাতুল্ ক্বাদ্‌রি খাইরুম্ মিন্ আল্‌ফি শাহ্‌র, তানাযযালুল্ মালায়িকাতু ওয়াররূহু ফীহা বিইযনি রাব্বিহিম মিন কুল্লি আম্‌রিন্ সালাম; হিয়া হাত্তা মাত্বলাঈ'ল্ ফাজ্‌রি।

অর্থ ঃ নিশ্চয়ই আমি ক্বদরের রাত্রিতে কুরআনকে নাযিল করিয়াছি। আপনি (হে রাসূল) জানেন কি ক্বদরের রাত্রটি কি ? ক্বদরের রাত্রটি হাজার মাস হইতেও উত্তম। এই রাত্রে ফেরেশতাগণ ও রূহ্‌সমূহ আল্লাহর হুকুমে দুনিয়ার সর্বত্র অবতীর্ণ হইয়া থাকে এবং প্রভাত হওয়া পর্যন্ত তাঁহারা শান্তি ও সালামতির সহিত বিরাজিত থাকে।

অর্থাৎ কোন মুমিন ব্যক্তি যদি এই ক্বদরের রাত্রিতে জাগরিত থাকিয়া নফল ইবাদত করে, তবে সে হাজার মাস নফল ইবাদতের সওয়াব হইতেও বেশী সওয়াব লাভ করিবে। আর আল্লাহর নির্দেশে ফেরেশতা মণ্ডলী তাঁহার অশেষ রহমত নিয়া দুনিয়ায় অবতীর্ণ হইয়া ইবাদতকারী নেক বান্দাগণের মাঝে উহা বিতরণ করিয়া থাকেন এবং ঐ রাত্রিতে প্রভাত পর্যন্ত আল্লাহর রহমত ও শান্তি দুনিয়ার বুকে বিরাজ করিয়া থাকে আর ইবাদতকারী মু'মিন বান্দাগণ জাহান্নামের আজাব হইতে নাজাত পাইয়া থাকে। এই বিষয়ে হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ

اِنَّ اللّٰهَ تَعَالٰى زَيَّنَ الَّيَالِىَ بِلَيْلَةِ الْقَدْرِ ـ

উচ্চারণ ঃ ইন্নাল্লাহা তা'আলা যাইয়্যানাল্ লাইয়ালিয়া বিলাইলাতিল্ ক্বাদ্‌রি।

অর্থ ঃ নিশ্চয়ই আল্লাহ তা'আলা দুনিয়ার রাত্রসমূহকে ক্বদরের রাত্রি দ্বারা সৌন্দর্যমণ্ডিত করিয়াছেন।

অন্য এক হাদীসে হযরত রাসূলুল্লাহ (সঃ) এরশাদ করিয়াছেন ঃ

مَنْ اَدْرَكَ لَيْلَةَ الْقَدْرِ رَفَعَ اللّٰهُ قَدْرَهُ يَوْمَ الْقِيٰمَةِ ـ

উচ্চারণ ঃ মান আদ্‌রকা লাইলাতুল্ ক্বাদ্‌রি রাফাআ'ল্লাহু ক্বাদ্‌রাহু ইয়াওমাল্ ক্বিয়ামাতি।

অর্থ ঃ যেই ব্যক্তি ক্বদরের রাত্রি পাইবে (এবং ইবাদতের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি লাভের জন্য নিজেকে উৎসর্গ করিয়া দিবে) মহান প্রতিপালক আল্লাহ তা'আলা কেয়ামতের দিবসে তাহার মর্যাদা অত্যাধিক পরিমাণে বাড়াইয়া দিবেন। অন্য আর এক হাদীসে হযরত রাসূলে করীম (সঃ) ইরশাদ ফরমাইয়াছেন ঃ

اَفْضَلُ اللَّيَالِىْ لَيْلَةُ الْقَدْرِ ـ

উচ্চারণ ঃ আফ্‌দ্বালুল্ লাইয়ালী - লাইলাতুল ক্বাদ্‌রি।

অর্থ ঃ সমস্ত রাত্রির ভিতরে ক্বদরের রাত্রই সর্বোত্তম।"

যেহেতু এই রাত্রির ইবাদতে যেই পরিমাণ সওয়াব পাওয়া যায় অন্য যে কোন রাত্রির ইবাদতে সেই পরিমাণ সওয়াব পাওয়া যায় না, তাই এই রাত্রটি সর্বশ্রেষ্ঠ রাত্রি।

আর এক হাদীসে হযরত রাসূলুল্লাহ (সঃ) ইরশাদ ফরমাইয়াছেন ঃ যেই ব্যক্তি পূর্ণ বিশ্বাস ও এ'তেকাফের সহিত ক্বদরের রাত্রিতে আল্লাহর নৈকট্য লাভের আশায় ইবাদত করিবে, আল্লাহ তা'আলা তাহার জীবনের সমস্ত গুনাহ ক্ষমা করিয়া দিবেন।

অন্য এক হাদীসে হযরত রাসূলে করীম (সঃ) ইরশাদ করিয়াছেন ঃ যে ব্যক্তি ক্বদরের রাত্রি পাইবার পর ঐ রাত্রিতে ইবাদত বন্দেগী করিবে, মহান আল্লাহ তা'আলা তাহার প্রতি জাহান্নামের অগ্নি হারাম করিয়া দিবেন।

ক্বদরের নামায আদায়ের নিয়ম

হাদীসে বর্ণিত আছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ যেই ব্যক্তি চার রাকয়াত নামায ক্বদরের রাত্রিতে আদায় করিবে এবং উক্ত নামাযের প্রতি রাকয়াতে সূরা ফাতিহার পরে ২১ বার করিয়া সূরা এখলাস পাঠ করিবে, আল্লাহ তা'আলা ঐ ব্যক্তিকে সদ্য ভূমিষ্ঠ শিশুর ন্যায় নিষ্পাপ করিয়া দিবেন এবং বেহেশতের মধ্যে এক সহস্র মনোমুগ্ধকর মহল তৈয়ার করিয়া দিবেন।

আর এক হাদীসে বর্ণিত হইয়াছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) এরশাদ করিয়াছেন, যেই ব্যক্তি ক্বদরের রজনীতে চার রাকআত নামায আদায় করিবে এবং উহার প্রতি রাকয়াতে সূরা ফাতিহার পরে সূরা ক্বদর ও সূরা এখলাস তিনবার করিয়া পাঠ করিবে। নামায শেষে সেজদায় যাইয়া নিম্নের দোয়া'টি কিছু সময় পাঠ করিয়া আল্লাহর দরবারে যাহাই প্রার্থনা করিবে তিনি তাহাই কবুল করিবেন এবং তাহার প্রতি অসংখ্য রহমত বর্ষিত করিবেন। **দোয়াটি এই ঃ**

سُبْحَانَ اللّٰهِ وَالْحَمْدُ لِلّٰهِ وَلَا اِلٰهَ اِلَّااللّٰهُ وَاللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ সুব্হানাল্লাহি ওয়াল্ হাম্দু লিল্লাহি ওয়া লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আকবার।

অন্য এক হাদীসে বর্ণিত আছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) এরশাদ করিয়াছেন, যেই ব্যক্তি রমজান মাসের ২৭ তারিখের রজনীকে জীবিত রাখিবে, (অর্থাৎ সমস্ত রজনী ইবাদতে কাটাইয়া দিবে) তাহার আমলনামায় আল্লাহ তা'আলা ২৭ হাজার বৎসরের ইবাদতের তুল্য সওয়াব প্রদান করিবেন এবং বেহেশতের মধ্যে অসংখ্য মনোরম বালাখানা নির্মাণ করিবেন যাহার সংখ্যা আল্লাহ ব্যতীত কেহই অবগত নন।

ক্বদরের রাত্রিতে নামায আদায়ের নিয়ম এই যে, এশার নামাযের পরে তারাবীহ নামায আদায় করতঃ বেতের নামায বাদ রাখিয়া দুই দুই রাকয়া'তের নিয়তে যত বেশী সম্ভব নামায আদায় করিবে। সেহ্রীর পূর্বে বিতের নামায আদায় করিয়া সেহরী খাইয়া কিছু সময় তসবীহ-তাহলীল ও যিকির করিবে। তৎপর ফজরের নামায আদায় করিবে।

এই রাত্রিতে প্রতি চার রাকআত অন্তর নিম্নের দোয়া'টি ১০০ বার করিয়া পাঠ করিবে। **দোয়া'টি এই ঃ**

اَللّٰهُمَّ اِنَّكَ عَفُوٌّ تُحِبُّ الْعَفْوَ فَاعْفُ عَنِّىْ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা ইন্নাকা আ'ফুয়্যুন্ তুহিব্বুল আ'ফ্ওয়া ফা'ফু আ'ন্নী।

আর এক বর্ণনায় আছে যে, ক্বদরের রজনীতে প্রতি চার রাকআত নামাযের পরে নিম্নের দোয়া'টিও ১০০ বার পাঠ করিলে অসংখ্য সওয়াব লাভ হইবে। **দোয়া'টি এই ঃ**

اَللّٰهُمَّ اَنْتَ عَفُوٌّ تُحِبُّ الْعَفْوَ ـ فَاعْفُوْا عَنِّىْ يَاغَفُوْرُ يَاغَفُوْرُ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা আন্তা আ'ফুয়্যুন্ তুহিব্বুল আফওয়া ফা'ফূ আ'ন্নী ইয়া গাফূরু ইয়া গাফূরু।

সমস্ত রাত্রি নামায ব্যতীত অন্যান্য নফল ইবাদতেও অসংখ্য সওয়াব লাভ হইবে। যেমন কুরআন শরীফ তিলওয়াত করা, দরূদ শরীফ পাঠ করা এবং যিকির-আযকার ও তাওবায়ে ইস্তিগফার পাঠ করা।

ক্বদরের নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ لَيْلَةِ الْقَدْرِ ـ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা রাক্আ'তাই ছালাতি লাইলাতিল কাদরি, মুতাওয়াজ্জিহান ইল' জিহাতিল্ কা'বাতিশ শারীফাতি আল্লাহু আকবার।

বাংলায় নিয়ত ঃ আমি কেবলামুখী হইয়া আল্লাহর উদ্দেশ্যে দুই রাকআত ক্বদরের নফল নামায আদায় করিতেছি, আল্লাহু আকবার।

এ'তেকাফের বিবরণ

রমজান মাসের শেষ দশদিনে এ'তেকাফে বসা সুন্নাতে মুয়াক্কাদাহ্। এ'তেকাফ তিন প্রকার, যথা ঃ (১) ওয়াজিব এ'তেকাফ, (২) সুন্নাতে মুয়াক্কাদাহ্ এ'তেকাফ, এবং (৩) মুস্তাহাব এ'তেকাফ।

ওয়াজিব এ'তেকাফ হইতেছে, যদি কোন ব্যক্তি এ'তেকাফে বসিবার জন্য মান্নত করিলে, ইহা আদায় করা মান্নতকারীর উপর ওয়াজিব হইয়া যায়।

সুন্নাতে মুয়াক্কাদাহ্ এ'তেকাফ হইতেছে, ইবাদতের নিয়তে নির্জন স্থানে মসজিদের মধ্যে রমজানের শেষ দশ দিনে এ'তেকাফে বসা।

আর এই প্রকার এ'তেকাফ ব্যতীত (রমজান মাসের শেষ দশ দিন বাদে) বৎসরের অন্য যে কোন সময় এ'তেকাফে বসাকে মুস্তাহাব (নফল) এ'তেকাফ বলা হয়। এ'তেকাফের জন্য তিনটি বিষয়ের দরকার হয়, প্রথম– মসজিদ হইতে হইবে, দ্বিতীয়– এ'তেকাফের নিয়ত করিতে হইবে, তৃতীয় জানাবাত ও হায়েজ নেফাস হইতে পাক হইতে হইবে।

মহিলারা এ'তেকাফে বসিতে ইচ্ছা করিলে, তাহাদের মসজিদে যাইতে হইবে না, তাহারা নিজ নিজ গৃহের নির্জন স্থানে এ'তেকাফে বসিবে। মহিলারা এ'তেকাফ করিতে হইলে স্বামীর এজাযত লইতে হইবে। এ'তেকাফের কিছু মাসয়ালা নিম্নে উল্লেখ করা হইল।

মাসয়ালা ঃ এ'তেকাফে বসিবার জন্য ইফতারীর পূর্বে মসজিদে প্রবেশ করিতে হইবে এবং এ'তেকাফের দিন-ক্ষণ শেষে ইফতারীর পরে মসজিদ হইতে বাহির হইতে হইবে।

মাসয়ালা ঃ এ'তেকাফে বসিবার সময় হইতেছে রমজানের শেষ দশ দিনে কমের পক্ষে একদিন এক রাত্রি এবং বেশীর পক্ষে দশ দিন দশ রাত্রি। তবে ৩ দিন, ৫ দিন বা ৭ দিনও এ'তেকাফে বসা জায়েয আছে। কমের পক্ষে তিন দিন তিন রাত্রি এ'তেকাফে বসা সুন্নাতে মুয়াক্কাদাহ্।

মাসয়ালা ঃ এ'তেকাফের সময় দুনিয়াবী কোন কথা-বার্তা বলিতে পারিবে না। একমাত্র আল্লাহ তা'আলার বিভিন্ন ইবাদত-বন্দেগীতে মশগুল থাকিতে হইবে। এ'তেকাফের সময় চুপ করিয়া বসিয়া থাকা ঠিক নয়।

মাসয়ালা ঃ এ'তেকাফের সময় নফল নামায আদায় করা, কুরআন শরীফ তেলাওয়াত করা, মাসলা মাসায়িল সম্পর্কে আলোচনা করা বা কিতাব পড়া, যিকির-আযকার করা, তসবীহ-তাহ্লীল পাঠ করা এবং দোয়া' ও দরূদ পাঠ করা ইত্যাদি ইবাদতে সর্বদা রত থাকিতে হইবে।

মাসয়ালা ঃ এ'তেকাফ হইতে দুনিয়াবী কোন কাজের জন্য মসজিদ হইতে

বাহির হইতে পারিবে না, তবে প্রস্রাব-পায়খানা ও অজু গোসলের জন্য বাহির হওয়া দুরুস্ত আছে। দরকারী সময়টুকুর চাইতে অযথা বেশী সময় বাহিরে থাকিলে এ'তেকাফ নষ্ট হইয়া যাইবে।

শাওয়াল মাসের ইবাদতের বিবরণ

হাদীস শরীফে আছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ যেই ব্যক্তি শাওয়াল মাসে নিজেকে গুনাহের কার্য হইতে বিরত রাখিতে সক্ষম হইবে, আল্লাহ তা'আলা তাহাকে বেহেশতের মধ্যে মনোরম বালাখানা দান করিবেন।

অন্য এক হাদীসে বর্ণিত হইয়াছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) এরশাদ করিয়াছেন ঃ যেই ব্যক্তি শাওয়াল মাসের প্রথম রাত্রিতে বা দিনে দুই রাকয়াতের নিয়তে চার রাকয়াত নামায আদায় করিবে এবং উহার প্রতি রাকয়াতে সূরা ফাতিহার পর ২১ বার করিয়া সূরা এখলাস পাঠ করিবে ; করুণাময় আল্লাহ তা'আলা তাহার জন্য জাহান্নামের ৭টি দরজা বন্ধ করিয়া দিবেন এবং জান্নাতের ৮টি দরজা উন্মুক্ত করিয়া দিবেন। আর মৃত্যুর পূর্বে সে তাহার বেহেশতের নির্দিষ্ট স্থান দর্শন করিয়া লইবে।

ছয় রোজা

হযরত আনাস ইবনে মালেক (রাঃ) বর্ণনা করেন, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ যেই ব্যক্তি শাওয়াল মাসে ছয়টি রোজা রাখিবে, আল্লাহ তায়ালা তাহাকে শাস্তির শৃংখল এবং কঠোর জিঞ্জিরের আবেষ্টনী হইতে নাজাত দিবেন।

অন্য এক হাদীসে বর্ণিত হইয়াছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) এরশাদ ফরমাইয়াছেন ঃ যেই ব্যক্তি শাওয়াল মাসের ৬টি রোজা রাখিবে, তাহার আমলনামায় প্রত্যেক রোজার পরিবর্তে সহস্র রোজার সওয়াব লিখা হইবে।

অন্য আর এক হাদীসে বর্ণিত আছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেনঃ যেই ব্যক্তি শাওয়াল মাসে মৃত্যুবরণ করিবে সেই ব্যক্তি শহীদানের মর্যদায় ভূষিত হইবে।

ঈদুল ফিতরের নামাযের বিবরণ

এক মাস ব্যাপী পবিত্র রোজা পালন করিবার পর পহেলা শাওয়াল বিশ্বব্যাপী মুসলমানদের অন্তরে নামিয়া আসে এক অনাবিল আনন্দের মহাসমারোহ "ঈদুল

ফিতর"। মুসলিম জাহানের সর্ববৃহৎ আনন্দোৎসবের মহামিলনের দিন এই 'ঈদুল ফিতর'। পবিত্র রমজান মাসের কঠোর সাধনা ও আত্মোৎসর্গের পরে এই দিবসে ধনী-গরীব, আমীর ও ফকীর নির্বিশেষে সকলের গৃহে দেখা যায় আনন্দের মেলা। এই দিনে সকালবেলা ঈদের নামাযের পূর্বে ধনী ব্যক্তিরা গরীবের মাঝে 'সদ্‌কাতুল ফিতর' বন্টন করিয়া থাকেন বিধায় এই দিবসের নাম 'ঈদল ফিতর' হিসাবে আখ্যায়িত হইয়াছে।

পহেলা শাওয়াল দুপুরের পূর্বে মুসলমানগণ মসজিদে বা ময়দানে হাযির হইয়া জামায়াতের সহিত ছয় তাকবীরের সাথে দুই রাকআত নামায আদায় করিয়া থাকেন। এই নামায ওয়াজিব। নামাযের পরে ইমাম সাহেব দুইটি খুতবা পাঠ করিয়া মুসল্লীদেরকে নিয়া আল্লাহর দরবারে হাত তুলিয়া কায়মনোবাক্যে আল্লাহ্ পাকের শোকর গুজারী করতঃ মুসলিম জাহানের নাজাত ও উন্নতিকল্পে এবং গুনাহ্ রাশি মার্জনার উদ্দেশ্যে দোয়া ও মুনাজাত করিয়া থাকেন। এই দিবসে রোজা রাখা হারাম। বরং এই দিবসের খানা পিনা ও দান খয়রাতের মধ্যে অশেষ রহমত বরকত রহিয়াছে।

ঈদুল ফিতরের দিন সকালবেলা অজু গোসল করতঃ পাক পবিত্র হইয়া নতুন বা পরিষ্কার পরিচ্ছন্ন পোশাক পরিধান করতঃ নিজেরা মিষ্টান্ন খাইয়া এবং অপরকে খাওয়াইয়া অবসর হইয়া নিম্নের তাকবীরে তাশরীক পাঠ করিতে করিতে ঈদগাহে যাইবে। অতঃপর নামায শেষে খুশীর মিলন ভাইয়ে ভাইয়ে বুকে বুক মিলাইয়া মোয়া'নাকা করতঃ একে অপরকে ক্ষমা করতঃ 'তাকবীর' পাঠ করিতে করিতে অন্য পথ দিয়া গৃহে গমন করিবে। **তাকবীর এই ঃ** اَللّٰهُ اَكْبَرُ اَللّٰهُ اَكْبَرُ اَللّٰهُ اَكْبَرُ لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاللّٰهُ اَكْبَرُ اَللّٰهُ اَكْبَرُ وَلِلّٰهِ الْحَمْدُ۔

উচ্চারণ ঃ আল্লাহু আকবার আল্লাহু আকবার, লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আকবার, আল্লাহু আকবার, ওয়া লিল্লাহিল হাম্‌দ।

ঈদুল ফিতরের নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ الْعِيْدِ الْفِطْرِ مَعَ سِتَّةِ تَكْبِيْرَاتِ وَاجِبُ اللّٰهِ تَعَالٰى ۔ اِقْتَدَيْتُ بِهٰذَا الْاِمَامِ ۔ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ۔

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা রাকআ'তাই ছালাতিল্ ঈ'দিল্ ফিত্‌রে, মাআ'ছিত্তাতি তাক্‌বীরাতি ওয়াজিবুল্লাহি তাআ'লা, মুতাদাইতু বিহাযাল্ ইমামি, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ্ শারীফাতি, আল্লাহু আকবার।

বাংলা নিয়ত ঃ আমি কেব্‌লামুখী হইয়া আল্লাহর উদ্দেশ্যে ঈদুল ফিতরের দুই রাকআত ওয়াজিব নামায ছয় তাকবীরের সহিত এই ইমামের পিছনে আদায় করিতেছি, আল্লাহু আকবার।

যিলক্বদ মাসের ইবাদতের বিবরণ

যিলক্বদ মাসের ইহতিরাম সম্পর্কে হযরত রাসূলল্লাহ (সঃ) ফরমান ঃ

اَكْرِمُوْا ذِى الْقَعْدَةِ فَاِنَّهٗ اَوَّلُ مِنْ شُهُوْرِالْحَرَامِ ـ

উচ্চারণ ঃ আকরিমূ যিল্ ক্বা'দাতি ফাইন্নাহূ আউয়ালু মিন্ শুহুরিল হারাম।

অর্থ ঃ তোমরা যিলক্বদ মাসকে সম্মান করিবে, যেহেতু ইহা মর্যাদাবান মাস সমূহের মধ্যে প্রথম মাস।

এই মাসের মধ্যে ঝগড়া-বিবাদ, মারামারি, কাটাকাটি যুদ্ধ বিগ্রহ করা হারাম। আল্লাহ তা'আলার অপছন্দনীয় কার্যাদি বর্জন করতঃ এই মাসে তাহার ইবাদত করাই প্রধান কাজ। এই মাসের ইবাদতের বদলা অসংখ্য।

হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ

مَنْ صَامَ يَوْمًا فِىْ ذِى الْقَعْدَةِ كَتَبَ اللّٰهُ لَهٗ بِكُلِّ سَاعَةٍ مِّنْهُ ثَوَابُ الْحَجِّ ـ

উচ্চারণ ঃ মান ছুমা ইওমান্ ফী যিল্ ক্বা'দাতি কাতাবাল্লাহু লাহূ বিকুল্লি সাআ'তিম্ মিন্হু সাওয়াবুল হাজ্জি।

অর্থ ঃ যেই ব্যক্তি যিলক্বদ মাসের ভিতরে একদিন রোজা রাখিবে, আল্লাহ তা'আলা উহার প্রতি ঘন্টার পরিবর্তে একটি হজ্জের সওয়াব তাহাকে দান করিবেন।

অন্য হাদীসে বর্ণিত হইয়াছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ যে ব্যক্তি এই মাসের যে কোন জুময়ার দিবসে দুই দুই রাকয়াতের নিয়তে চার রাকআত নামায আদায় করিবে, যাহার প্রতি রাকয়া'তে সূরা ফাতিহার পরে ১০ বার করিয়া সূরা এখলাস পাঠ করিবে, আল্লাহ তা'আলা তাহাকে একটি হজ্জ ও একটি ওমরার সওয়াব দান করিবেন।

আর এক হাদীসে বর্ণিত আছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) এরশাদ করিয়াছেন ঃ যেই ব্যক্তি যিলক্বদ মাসের প্রত্যেক রজনীতে দুই রাকআত করিয়া নামায আদায় করিবে এবং ইহার প্রতি রাকয়াতে সূরা ফাতিহার পর সূরা এখলাস তিনবার করিয়া পাঠ করিবে। আল্লাহ তা'আলা সেই ব্যক্তির আমলনামায় একজন হাজী ও একজন শহীদের পুণ্যের তুল্য সওয়াব দান করিবেন এবং রোজ কেয়ামতে সেই ব্যক্তি আল্লাহর আরশের ছায়ায় স্থান লাভ করিবে।

অতএব, হেলায় সময় অতিবাহিত না করিয়া আমাদের কর্তব্য হইতেছে এই যিলক্বদ মাসে বেশী বেশী ইবাদত করা এবং আল্লাহর রেজামন্দী হাসিল করা। আল্লাহ আমাদিগকে এই মাসে বেশি বেশি ইবাদত করিবার তাওফিক দান করুন।

যিলহজ্জ মাসের ইবাদতের বিবরণ

যিলহজ্জ মাসের ফযীলত সম্পর্কে হযরত রাসূলুল্লাহ (সঃ) ইরশাদ ফরমাইয়াছেন ঃ

سَيِّدُ الشُّهُوْرِ شَهْرُ رَمَضَانَ ـ وَاَعْظَمُهَا كُرْمَةً ذِى الْحَجَّةِ

উচ্চারণ ঃ সায়্যিদুশ্ শুহূরে শাহ্রু রামাদ্বানা, ওয়া আ'যামুহা কুরমাতুন্ যিল্ হাজ্জাহ্।

অর্থ ঃ মাস সমূহের সর্দার হইতেছে রমজান মাস এবং উহার মধ্যে যিলহজ্জ মাসের শ্রেষ্ঠত্ব ও সম্মান সবচাইতে বেশী।

যিলহজ্জ মাসের ফযীলত ও মর্যদা অন্যান্য মাস হইতে অত্যধিক বেশী। যেহেতু এই মাসে ইসলামের পঞ্চবেনার অন্যতম বেনা হজ্জ পর্ব আদায় হইয়া থাকে। এই মাসের মধ্যে তিনটি দিবস অত্যধিক মর্যাদাশালী ও ফযীলতপূর্ণ রহিয়াছে। যথা ঃ (১) ইয়াওমে তারাবিয়াহ্ অর্থাৎ যেই দিনে হযরত ইব্রাহীম

(আঃ) আল্লাহর নিকট হইতে হযরত ইসমাঈল (আঃ)-কে কুরবানী করিবার আদেশ প্রাপ্ত হইয়া ছিলেন। (২) ইয়াওমুন্ নহর, অর্থাৎ কুরবানীর দিন এবং (৩) ইয়াওমে আরাফাহ্ অর্থাৎ হজ্জের দিন। ইহা ব্যতীত আইয়্যামে তাশরীফের তিন দিন অর্থাৎ কুরবানীর পরের তিন দিনও অতি ফযীলতপূর্ণ ও মর্যাদাশালী।

যিলহজ্জ মাসের নফল রোজা

হাদীস শরীফে বর্ণিত হইয়াছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ (১) যে ব্যক্তি যিলহজ্জ মাসের প্রথম দিন রোজা রাখিবে, সেই ব্যক্তি যেন বিরামহীনভাবে পরিশ্রান্ত হইয়া দুই সহস্র বৎসর যাবত আল্লাহর রাস্তায় জিহাদে অংশ গ্রহণ করিল। (২) আর যেই ব্যক্তি এই মাসের তৃতীয় দিন রোজা রাখিল, সে যেন বনী ইসরাঈল কাওমের তিন সহস্র গোলাম আজাদ করিয়া দিল। (৩) আর যেই ব্যক্তি এই মাসের চতুর্থ দিনে রোজা রাখিল, সে যেন ৪০০ বৎসর আল্লাহর ইবাদতের সওয়াব লাভ করিল। (৪) আর যে ব্যক্তি এই মাসের পঞ্চম দিনে রোজা রাখিল, সেই যেন পাঁচ সহস্র বস্ত্রহীনকে বস্ত্র দান করিবার সওয়াব লাভ করিল। (৫) আর যেই ব্যক্তি ষষ্ঠ দিবসে রোজা রাখিল, সে যেন ৬ সহস্র শহীদানের সওয়াব লাভ করিল। (৬) আর সপ্তম দিনের রোজা দ্বারা ব্যক্তির জন্য সাত জাহান্নামের দরজা হারাম হইয়া গেল। (৭) আর অষ্টম দিনের রোজাদারের জন্য আটটি জান্নাতের দরজা খুলিয়া গেল।

অন্য এক হাদীসে বর্ণিত হইয়াছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) বলিয়াছেন ঃ যে ব্যক্তি যিলহজ্জ মাসের প্রথম দিন রোজা রাখিবে, সেই ব্যক্তি ৬৬ হাজার বার কুরআন খতমের সওয়াব লাভ করিবে। আর যেই ব্যক্তি এই মাসে ৪টি রোজা রাখিবে, সেই ব্যক্তি তাহার সমস্ত গুনাহ হইতে পাক হইয়া যাইবে। আর যেই ব্যক্তি এই মাসে ৫টি রোজা রাখিবে, তাহার আমলনামায় ৫০ বৎসরের ইবাদতের সওয়াব লিখা হইবে। আর যেই ব্যক্তি ৬টি রোজা রাখিবে, তাহার আমলনামায় ৬ হাজার আম্বিয়াদের সওয়ার্ব লিখা হইবে। আর যেই ব্যক্তি ৭টি রোজা রাখিবে, তাহার আমল নামায় ৭০ সহস্র ফেরেশতার তুল্য সওয়াব লিখা হইবে। আর যেই ব্যক্তি এই মাসের মধ্যে ১০ দিন দান-খয়রাত করিবে, তাহাকে আল্লাহ তা'আলা জাহান্নামের আজাব হইতে নাজাত দিবেন।

যিলহজ্জ মাসের নফল নামায

হাদীস শরীফে বর্ণিত হইয়াছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ যদি কোন ব্যক্তি যিলহজ্জ মাসের প্রথম দিন হইতে দশম দিন পর্যন্ত প্রত্যহ বেতের নামাযের পরে দুই রাকআত করিয়া নফল নামায আদায় করিবে এবং উহার প্রতি রাকয়া'তে সূরা ফাতিহার পরে তিনবার করিয়া সূরা কাওছার ও সূরা এখলাস পাঠ করিবে, তাহা হইলে আল্লাহ তা'আলা তাহাকে 'ইল্লিন' নামক শান্তিময় বেহেশত দান করিবেন। এবং তাহার আমলনামায় মস্তকের চুলের সংখ্যার সহস্র গুণ বেশী সওয়াব ও সমপরিমাণ দান-খয়রাতের সওয়াব লিখিয়া দিবেন।

অন্য এক হাদীসে বর্ণিত আছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) ইরশাদ করিয়াছেন, যেই ব্যক্তি যিলহজ্জ মাসের জুময়ার দিবসে দুই দুই রাকয়াতের নিয়তে মোট ছয় রাকআত নামায আদায় করিবে এবং উহার প্রত্যেক রাকয়াতে সূরা ফাতিহার পরে সূরা এখলাস ১৫ বার করিয়া পাঠ করিবে এবং নামাযের পরে নিম্নের দোয়া'টি ১৫ বার পাঠ করিয়া তৎপরবর্তী দরূদ শরীফ ১০ বার পাঠ করিয়া আল্লাহর দরবারে প্রার্থনা করিবে আল্লাহ তা'আলা ঐ ব্যক্তিকে সর্বাগ্রে বেহেশতে প্রবেশ করাইবেন এবং আখেরাতে তাহার মর্যাদা বহুগুণে বাড়াইয়া দিবেন।

দোয়াটি এই ঃ لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ الْمَلِكُ الْحَقُّ الْمُبِيْنُ ـ

উচ্চারণ ঃ লা - ইলাহা ইল্লাল্লাহুল্ মালিকুল্ হাক্কুল্ মুবীন।

দরূদ শরীফ এই ঃ

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدِنِ النَّبِيِّ الْاُمِّيِّ وَعَلٰى اٰلِهٖ وَاَصْحَابِهٖ وَبَارِكْ وَسَلِّمْ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা সাল্লি আ'লা সাইয়িদিনা মুহাম্মাদিনিন্ নাবিয়্যিল উম্মিয়্যি ওয়া আ'লা আলিহী ওয়া আছ্হাবিহী ওয়া বারিক ওয়া সাল্লিম।

শবে তারাবিয়ার ফযীলত

শবে তারাবিয়াহ ঐ রাত্রিকে বলা হয়, যেই রাত্রিতে হযরত ইব্রাহীম (আঃ) স্বপ্নের মাধ্যমে হযরত ইসমাঈল (আঃ)-কে কুরবানী করিবার হুকুম লাভ

করিয়াছিলেন। এই রাত্রটি ছিল যিলহজ্জ মাসের অষ্টম তারিখের রাত্র। এই রাত্রটির অত্যধিক ফযীলত ও মর্তবা রহিয়াছে। এই সম্পর্কে হযরত নবী করীম (সঃ) এর কিছু হাদীস নিম্নে উল্লেখ করা হইল ঃ

হাদীস শরীফে বর্ণিত আছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) বলিয়াছেন ঃ যেই ব্যক্তি যিলহজ্জ মাসের তারাবিয়াহের দিবসে রোজা রাখিবে এবং ইহা কাহাকেও প্রকাশ না করিলে আল্লাহ তা'আলা তাহার জন্য বেহেশতে প্রবেশ হওয়া ওয়াজিব করিয়া দিবেন।

অন্য এক হাদীসে আছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ যেই ব্যক্তি যিলহজ্জ মাসের তারাবিয়াহের রজনীতে ইবাদত বন্দেগীতে কাটাইয়া দিবে, সেই ব্যক্তি শবে ক্বদরের ইবাদতের ফযীলত লাভ করিবে এবং এই ব্যক্তি শহীদের সমসংখ্যক পুণ্য লাভ করিবে আর তাহার জন্য বেহেশতের দরজা চিরদিনের জন্য উম্মুক্ত হইয়া যাইবে।

অন্য আর এক হাদীসে বর্ণিত হইয়াছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) ইরশাদ করিয়াছেন ঃ যেই ব্যক্তি শবে তারাবিয়াহকে জীবিত রাখিবে (অর্থাৎ সারা রাত্রি ইবাদত করিবে) তাহার জন্য জান্নাত ওয়াজিব হইয়া যাইবে।

আরাফার দিবসের ফযীলত

হযরত রাসূলে করীম (সঃ) ফরমাইয়াছেন ঃ আরাফার দিবসে যে কোন বান্দা আল্লাহ তা'আলার নিকট যাহাই প্রার্থনা করিবে, তিনি তাহা কবুল করিবেন এবং প্রার্থনাকারীর জন্য ৭০টি রহমতের দরজা খুলিয়া দিবেন।

অন্য এক হাদীসে বর্ণিত হইয়াছে, হযরত রাসুলুল্লাহ (সঃ) বলিয়াছেন, যেই ব্যক্তি আরাফার দিবসে সূর্যাস্তের সময় নিম্নের এই দোয়া'টি পাঠ করিবে, আল্লাহ পাক ফেরেশতাগণকে হুকুম দিবেন, ঐ ব্যক্তিকে যেন আদর-যত্ন সহকারে বেহেশতে প্রবেশ করানো হয়। **দোয়াটি এই ঃ**

بِسْمِ اللّٰهِ مَاشَاءَ اللّٰهُ لَا حَوْلَ وَلَاقُوَّةَ اِلَّا بِاللّٰهِ الْعَلِيِّ الْعَظِيْمِ ـ

উচ্চারণ ঃ বিস্‌মিল্লাহি মা-শা-য়াল্লাহু লা- হাওলা ওয়া লা-কুওয়্যাতা ইল্লা বিল্লাহিল্ আ'লিয়্যিল আ'যীম।

আরাফার রাত্রির ফযীলত

হাদীস শরীফে বর্ণিত আছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ যে ব্যক্তি আরাফার রাত্রিতে ১০০ রাকয়াত নামায আদায় করিবে, যাহার প্রতি রাকয়াতে সূরা ফাতিহার পরে তিনবার করিয়া সূরা এখলাস পাঠ করিবে, তবে তাহার সমস্ত গুনাহ আল্লাহ তা'আলা ক্ষমা করিয়া দিবেন এবং তাহার জন্য বেহেশতে লাল বর্ণের ইয়াকুত পাথরের একটি বালাখানা নির্মাণ করিয়া দিবেন।

অন্য আর এক হাদীসে বর্ণিত হইয়াছে, হযরত রাসূলুল্লাহ্ (সঃ) ইরশাদ করিয়াছেন ঃ যেই ব্যক্তি আরাফার রাত্রিতে দুই রাকআ'ত নামায আদায় করিবে, যাহার প্রথম রাকয়া'তে সূরা ফাতিহার পরে ১০০ বার সূরা এখলাস পাঠ করিবে এবং দ্বিতীয় রাকয়া'তে ৫০ বার পাঠ করিবে, তবে আল্লাহ তা'আলা এই নামাযির সমস্ত গুনাহ ক্ষমা করিয়া দিবেন এবং তাহার পরিবারের ৭০ জন লোকের গুণাহ্ মাফ করিয়া দিবেন।

শবে নাহারের ফজীলত

শবে নাহার কুরবানীর দিনের পূর্ব রাত্রিকে বলা হয়। এই রাত্রির ফযীলত সম্পর্কে হযরত নবী করীম (সঃ)-এর কিছু হাদীস নিম্নে উল্লেখ করা হইল ঃ

হাদীস শরীফে বর্ণিত আছে, হযরত রাসুলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ যেই ব্যক্তি শবে নাহারে দুই দুই রাকয়া'তের নিয়াতে ১২ রাকআ'ত নামায আদায় করিবে, যাহার প্রতি রাকয়াতে সূরা ফাতিহার পরে ১৫ বার করিয়া সূরা এখলাস পাঠ করিবে, তবে আল্লাহ তা'আলা তাহার সমস্ত গুনাহ্ মা'ফ করিয়া দিবেন এবং তাহার আমল নামায় ৭০ বৎসরের ইবাদতের পুণ্য লিখিয়া দিবেন।

ইয়াওমে নাহার বা কুরবানীর দিনের ফযীলত

ইয়াওমে নাহার বলা হয় কুরবানীর দিনকে। এই দিনের ফযীলত অপরীসীম। এই দিনে দুই রাকআত ঈদের ওয়াজিব নামায ব্যতীত আরও অনেক নফল নামায রহিয়াছে। এই সম্পর্কে হযরত রাসূলে করীম (সঃ) এর কিছু হাদীস উল্লেখ করা হইল ঃ

হাদীসে বর্ণিত আছে, হযরত রাসলূল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ যদি কোন ব্যক্তি কুরবানীর দুই রাকআত ওয়াজিব নামায আদায় করিবার পরে চার

রাকআত নামায আদায় করে, যাহার প্রথম রাকআতে সূরা ফাতিহার পরে সূরা "ছাব্বিহিস্‌মা রব্বিকা" এবং দ্বিতীয় রাকআতে সূরা "ওয়াশ্‌শামছি" এবং তৃতীয় রাকআ'তে সূরা "ওয়াল্লাইলি" এবং চতুর্থ রাকআ'তে সূরা "ওয়াদ্দোহা" পাঠ করিবে, তবে তাহার আমল নামায় আল্লাহ তা'আলা সমস্ত আসমানী কিতাব তেলাওয়াতের সওয়াব প্রদান করিবেন।

অন্য এক হাদীসে বর্ণিত হইয়াছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ ঈদুল আযহা নামাযের পরে মসজিদে অথবা গৃহে বসিয়া যদি কেহ দুই রাকআত নামায আদায় করে যাহার প্রত্যেক রাকআতে সূরা "ওয়াশ শামছি" পাঁচ বার করিয়া পাঠ করে, তবে তাহার আমল নামায় অসংখ্য হাজীদের সমতুল্য সওয়াব লিখা হইবে এবং কুরবানীর পশুর পশমের সমপরিমাণ সওয়াবও লিখা হইবে। ইহা শ্রবণ করতঃ সাহাবীগণ আরজ পেশ করলেন ঃ ইয়া রাসূলাল্লাহ ! যাহার কুরবানী করিবার সঙ্গতি নাই, তাঁহার কি হইবে ? তখন হযরত (সঃ) ইরশাদ করিলেন ঃ সেই ব্যক্তি ঈদের নামায আদায় করতঃ গৃহে ফিরিয়া দুই রাকআত নামায আদায় করিবে, যাহার প্রতি রাকআতে সূরা ফাতিহার পরে তিনবার করিয়া সূরা "কাওছার" পাঠ করিবে। তবে আল্লাহ তা'আলা অসংখ্য উট কুরবানী করিবার সওয়াব তাহার আমলনামায় লিখিয়া দিবেন।

আর এক হাদীসে বর্ণিত আছে, হযরত রাসূলুল্লাহ (সঃ) বলিয়াছেন ঃ যেই লোক ঈদুল আযহার নামায আদায়ের উদ্দেশ্যে নতুন পোষাক পরিধান করিবে এবং পুরাতন পোশাক গরীবদিগকে দান করিয়া দিবে, তবে আল্লাহ তা'আলা তাহাকে কেয়ামতের দিবসে ৭০ প্রকার নূরের পোশাকে সজ্জিত করিবেন এবং রাসূলুল্লাহ (সঃ) এর ঝাণ্ডার নীচে স্থান নসীব হইবে। অন্য এক বর্ণনায় আছে যে, "যেই ব্যক্তি কুরবানীর নামাযের পূর্বে গোসল করিবে, সে যেন আল্লাহর রহমতের সমুদ্রে গোসল করিল।"

তাকবীরে তাশ্‌রীক পড়িবার নিয়ম

যিলহজ্জ মাসের নয় তারিখ অর্থাৎ হজ্জের দিন ফজরের নামাযের পর হইতে ১৩ ই যিলহজ্জ আছর পর্যন্ত তাকবীরে তাশরীক পাঠ করা ওয়াজিব। ঈদুল আযহার দিবসে জোরে জোরে শব্দ করতঃ তাকবীরে তাশরীক পড়িতে পড়িতে এক পথ দিয়া ঈদের ময়দানে যাইবে এবং নামায শেষে অন্য পথে গৃহে প্রত্যাবর্তন করিবে। ঈদুল আযহার দিবসে নামাযের পূর্বে কিছু না খাওয়া সুন্নত।

বরং কুরবানী করতঃ উহার গোশ্‌ত দ্বারা খানা খাওয়া সুন্নত। আর ঈদুল ফিত্‌রের দিবসে নামাযের পূর্বে মিষ্টান্ন খাওয়া সুন্নত।

তাকবীরে তাশরীক এই ঃ

اَللّٰهُ اَكْبَرُ اَللّٰهُ اَكْبَرُ لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاللّٰهُ اَكْبَرُ اَللّٰهُ اَكْبَرُ وَلِلّٰهِ الْحَمْدُ ـ

উচ্চারণ ঃ আল্লাহু আকবার আল্লাহু আকবার, লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আকবার আল্লাহু আকবার, ওয়া লিল্লাহিল হামদ্‌।

কুরবানীর দিন দেরী না করিয়া সকাল সকাল ঈদুল আদ্‌হা নামায আদায় করা উচিৎ। যেহেতু নামাযের পরে কুরবানী দিয়া উহার গোশ্‌ত গরীব মিসকীনদিগকে দান করিতে হয় এবং আত্মীয়গণকে হাদিয়া দিতে হয়। এবং নামাযের পূর্বে কিছু না খাইয়া কুরবানীর গোশত দ্বারা খাওয়া সুন্নত। তাই কুরবানীর নামায যত তাড়াতাড়ি সম্ভব আদায় করা উচিৎ।

ঈদুল আযহা নামাজের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّيَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَيْ صَلٰوةِ عِيْدِ الْاَضْحٰى مَعَ سِتَّةِ تَكْبِيْرَاتِ وَاجِبُ اللّٰهِ تَعَالٰى ـ اِقْتَدَيْتُ بِهٰذَا الْاِمَامِ ـ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন উছাল্লিয়া লিল্লাহি তা'আলা রাকআ'তাই ছালাতি ঈদিল আদ্‌হা মায়া' ছিত্তাতি তাকবীরাতি ওয়াজিবুল্লাহি তা'আলা, ইক্‌তাদাইতু বিহাজাল ইমামি, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ্‌ শারীফাতি আল্লাহু আকবার।

নিয়ত বাঁধিয়া সুব্‌হানাকা পড়িবার পরে ইমাম সাহেব অতিরিক্ত তিনটি তাকবীর বলিবেন, মুক্তাদীগণও ইমামের সহিত হস্তদ্বয় কান পর্যন্ত উঠাইয়া তাকবীর বলিবে। অতঃপর ইমাম সাহেব সূরা কেরায়াত পড়িয়া যথারীতি রুকু সেজদা করতঃ প্রথম রাকআত শেষ করিয়া দাঁড়াইয়া সূরা কেরায়াত শেষ করতঃ পুনঃ তিনটি তাকবীর বলিবেন, মুক্তাদীগণও সঙ্গে সঙ্গে হস্তদ্বয় তুলিয়া তিন

তাকবীর বলিবে। ইমাম সাহেব চতুর্থ তাকবীর বলিয়া রুকুতে যাইবে। রুকুর পরে সেজদা করতঃ বৈঠকে বসিয়া, তাশাহুদ, দরূদ ও দোয়া মাসূরা পড়িয়া নামায শেষ করিয়া দুইটি খুতবা পাঠ করিবেন। অতঃপর সমাগত মুসল্লীদেরকে নিয়া মুনাজাত করিবেন। তারপর মুসল্লিরা গৃহে প্রত্যাবর্তন করতঃ নিজ নিজ কুরবানী করিবেন।

কুরবানীর নিয়ত ও দোয়া

اَللّٰهُمَّ مِنْكَ وَاِلَيْكَ اِنَّ صَلٰوتِىْ وَنُسُكِىْ وَمَحْيَاىَ وَمَمَاتِىْ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ـ لَاشَرِيْكَ لَهٗ وَبِذٰلِكَ اُمِرْتُ وَاَنَا اَوَّلُ الْمُسْلِمِيْنَ ـ اَللّٰهُمَّ تَقَبَّلْ مِنْ فُلَانِ بْنِ فُلَانٍ ـ بِسْمِ اللّٰهِ اَللّٰهُ اَكْبَرْ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা মিন্‌কা ওয়া ইলাইকা ইন্না ছলাতী ওয়া নুসুকী, ওয়া মাহ্‌ইয়াইয়া ওয়া মামাতী, লিল্লাহি রাব্বিল্ আ'লামীন। লাশারীকালাহু ওয়া বিযালিকা উমিরতু ওয়া আনা আউয়্যালুল মুসলিমীন। আল্লাহুম্মা তাক্বাব্বাল মিন্ ফুলানিবনি ফুলানিন্। বিস্‌মিল্লাহি আল্লাহু আকবার।

কুরবানীর অংশ ও গোশত বন্টন

ভেড়া, বকরী ও দুম্বা এক নামে একটি দিতে হইবে। আর উট, গরু ও মহিষ একটিতে সাত নামে কুরবানী করা দুরুস্ত আছে। তবে সাত নামের কম অংশেও ইহা কুরবানী করা দুরুস্ত হইবে। কুরবানীর অংশের সহিত আক্বীক্বার অংশ দেওয়াও দুরুস্ত আছে।

কুরবানীর গোশতের তিনের এক অংশ গরীবদিগকে দান করিবে। আর তিনের এক অংশ আত্মীয়স্বজনকে দিবে, বাকী এক অংশ নিজের জন্য রাখিবে, তবে প্রয়োজনে ইহার ব্যতিক্রম করা দুরুস্ত আছে।

কুরবানীর পশুর চামড়া পাকা করিয়া জায়নামায স্বরূপ ব্যবহার করা জায়েয আছে, তবে উহা বিক্রি করিয়া গরীবদিগকে দান করিয়া দেওয়া উত্তম। আর মান্নত কুরবানীর গোশত নিজেরা খাইবে না। উহা গরীবদিগকে বন্টন করিয়া দিবে অথবা রান্না করিয়া তাহাদিগকে খাওয়াইয়া দিবে। কোন ধনী লোককে দিবে না, ইহা জায়েয নাই।

আক্বীক্বার বিবরণ

সন্তান ভূমিষ্ঠ হইবার পরে সপ্তম দিনে, অথবা চৌদ্দ দিনে কিংবা একুশ দিনের দিন সন্তানের মস্তক মুণ্ডাইয়া চুলের পরিমাণ স্বর্ণ বা রৌপ্য গরীবের মাঝে দান করিয়া দেওয়া উত্তম। আর পুত্র সন্তান হইলে দুইটি এবং কন্যা সন্তান হইলে একটি বকরী বা ভেড়া কিংবা দুম্বা জবেহ করিয়া আক্বীক্বা করা উচিৎ, ইহা মুস্তাহাব। মাথা মুণ্ডণ করতঃ সন্তানের মাথায় জাফরান মাখাইয়া দেওয়া উচিৎ। আক্বীক্বার দ্বারা সন্তানের প্রতি আল্লাহর রহমত বর্ষিত হয় এবং রোগ-ব্যাধি ও বালা-মুসীবত দূর হইয়া যায়। আক্বীক্বার গোশত পিতা-মাতা, গরীব-ধনী সকলেই খাইতে পারে।

আক্বীক্বার দোয়া

اَللّٰهُمَّ هٰذِهٖ عَقِيْقَةُ ابْنِىْ فُلَانٍ دَمُهَا بِدَمِهٖ وَلَحْمُهَا بِلَحْمِهٖ وَعَظْمُهَا بِعَظْمِهٖ وَجِلْدُهَا بِجِلْدِهٖ وَشَعْرُهَا بِشَعْرِهٖ ـ اَللّٰهُمَّ اجْعَلْهَا فِدَاءً لِّابْنِىْ مِنَ النَّارِ ـ بِسْمِ اللّٰهِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা হাযিহী আক্বীক্বাতুব্‌নী ফুলানিন্ দামুহা বিদামিহী ওয়া লাহ্‌মুহা বিলাহ্‌মিহী ওয়া আয্‌মুহা বিআয্‌মিহী ওয়া জিল্‌দুহা বিজিল্‌দিহী ওয়া শা'রুহা বিশা'রিহী। আল্লাহুম্মাজআ'লহা ফিদায়াল্ লিইব্‌নী মিনান্নারি। বিস্‌মিল্লাহি আল্লাহু আকবার।

মৃত্যুর বিবরণ

মৃত্যু সম্পর্কে আল্লাহ তা'আলা কুরআন শরীফে বলেন ঃ

كُلُّ نَفْسٍ ذَآئِقَةُ الْمَوْتِ ـ

উচ্চারণ ঃ কুল্লু নাফ্‌সিন্ যায়িক্বাতুল মাওত।

অর্থ ঃ প্রত্যেক প্রাণীই মরণশীল।

হাদীস শরীফে বর্ণিত হইয়াছে, হযরত যায়েদ ইব্‌নে আসলাম (রাঃ) বর্ণনা করেন, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ মৃত্যুর সময় নেককার মুমিন বান্দার নিকট একদল ফেরেশতা হাজির হইয়া মুমূর্ষ তাহাকে চির শান্তিময়

বেহেশতের সুসংবাদ প্রদান করেন এবং বলেন, চল! যেই স্থান হইতে আসিয়াছ সেই স্থানে ফিরিয়া যাইতে হইবে। ইহকাল ও উহার অধিবাসীদের নিকট হইতে বিদায় নিয়া পরকালে যাইবার জন্য দুঃখ করিও না।

মৃত্যুকালে করণীয় কাজ

হযরত ওমর ইব্নে খাত্তাব (রাঃ) হইতে বর্ণিত, হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ আমি এমন একটি কালেমা জানি যাহা মুমূর্ষ বান্দা পাঠ করিলে তাহার জান কবজ আল্লাহর রহমতে অতি আসানীর সহিত হইবে।

কালেমাটি এই ঃ لَاإِلٰهَ إِلَّا اللّٰهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ .

উচ্চারণ ঃ লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাহ।

জান কবজের পরে কর্তব্য কাজ

কাহারো জান কবজের পরে তাহার চক্ষুদ্বয় ও ঠোঁট খোলা থাকিলে বুজাইয়া দিতে হইবে। হস্তদ্বয় ও পদদ্বয় সোজা করিয়া দিতে হইবে। মুর্দারের হাত-পায়ের অঙ্গুলী বাঁকা থাকিলে উহা সোজা করিয়া দিবে এবং উত্তর শিয়রী করিয়া চাদর দ্বারা সর্বশরীর ঢাকিয়া দিবে। শব্দ করিয়া কান্নাকাটি করিবে না, ইহাতে মুর্দারের কষ্ট হয়। আর আগরবাতি ও লোবান জ্বালাইবে।

মুর্দারকে গোসল করাইবার নিয়ম

মুর্দারকে গোসল দেওয়া ফরজে কেফায়া। ইহা দুই-চারি জন লোকে সমাধা করিলে সকলের পক্ষ হইতে ফরজ আদায় হইয়া যাইবে। মুর্দারকে ঘর হইতে বাহির করিবার সময় মাথার দিক আগে বাহির করিবে। গোসলের স্থানে মশারী কিংবা চাদর দ্বারা পর্দা করিয়া লইতে হইবে। গোসলের খাটের উপর মুর্দারকে রাখিয়া চাদর দ্বারা ঢাকিয়া মাথা উত্তর দিকে এবং পা দক্ষিণ দিক করিয়া রাখিবে। পূর্বেই বরই পাতা দিয়া পানি গরম করিয়া লইবে। পুরুষের গোসল পুরুষে, স্ত্রীলোকের গোসল স্ত্রীলোকে দিবে। গোসলদাতা ও তাহার সাহায্যকারী ২/৩ জন বাদে অতিরিক্ত লোক থাকিবে না। গোসল শুরু করিবার পূর্বে মুর্দারের কান ও নাকের ছিদ্রে এবং মলদ্বারে কাপড়ের টুকরা দিয়া লইবে যাহাতে ভিতরে পানি প্রবেশ করিতে না পারে।

অতঃপর সর্বাগ্রে গোসলদাতা ডান হাতে নেকড়া জড়াইয়া মুর্দারের প্রস্রাব পায়খানার স্থানে সাবান লাগাইয়া ডলিয়া পানি দ্বারা পরিষ্কার করিবে। তারপর মুর্দারকে অজু করাইবে, কিন্তু নাকে মুখে পানি দিবার পরিবর্তে ভিজা নেকড়া দ্বারা পরিষ্কার করিয়া লইবে। অতঃপর মুর্দারের সর্বশরীরে সাবান লাগাইয়া আস্তে আস্তে ঢলিয়া পানি ঢালিয়া পরিষ্কার করিবে। ইহার পর মুর্দারকে বসাইয়া পেটে চাপ দিবে, ইহাতে ময়লা বাহির হইলে পরিষ্কার করিয়া ফেলিবে। তারপর মুর্দারকে প্রথমে ডানে ও পরে বামে কাত করিয়া পানি ঢালিয়া পরিষ্কার করতঃ চিৎ করিয়া সর্বশরীরে পানি দিয়া গোসলের কাজ সমাধা করিবে। তারপর কাপড় দ্বারা সর্বশরীর মুছিয়া ফেলিয়া পরিষ্কার পাক কাপড় দ্বারা ঢাকিয়া রাখিবে। মহিলা মুর্দারের স্বামী কোন অবস্থায়ই স্ত্রীকে স্পর্শ করিতে পারিবে না। কিন্তু ঠেকাবশতঃ স্ত্রী স্বামীকে গোসল করাইতে পারিবে এবং দেখিতেও পারিবে। গোসলদাতাও পরে গোসল করিতে হইবে।

মুর্দারকে কাফন পরাইবার নিয়ম

গোসলের পরে মুর্দারকে কাফন পরাইতে হয়। পুরুষের জন্য তিন খানা এবং স্ত্রীলোকের জন্য পাঁচখানা সুন্নত।

পুরুষের জন্য কাফন তিনখানা, যথা ঃ (১) পিরহান, ইহা গলা হইতে হাঁটুর নীচ পর্যন্ত হইতে হইবে। (২) ইজার বা পায়জামা, ইহা দ্বারা মাথা হইতে পা পর্যন্ত ঢাকিতে হইবে। (৩) লেফাফা বা চাদর, ইহা ইজার হইতে একটু লম্বা হইবে। ইহা দ্বারা ইজারের ন্যায় সর্বশরীর মাথা হইতে পা পর্যন্ত ঢাকিয়া দিবে। এইভাবে ইজার ও লেফাফা দ্বারা কাফন দুরুস্ত আছে।

স্ত্রীলোক মুর্দারের জন্য পাঁচখানা কাফন যথা ঃ (১) পিরহান, পুরুষের ন্যায়, (২) ইজার, ইহাও পুরুষের ন্যায়, (৩) লেফাফা চাদর, ইহাও পুরুষ মুর্দারের ন্যায় হইতে হইবে। (৪) ছেরবন্ধ বা ওড়না, ইহা দুই ভাগ করিয়া পেঁচাইয়া দুই কাঁধের উপর দিয়া শরীরের উপর রাখিযা দিতে হয়। ইহা লম্বায় তিন হাত এবং চওড়ায় এক হাত হইতে হইবে। (৫) সিনাবন্দ বা দামানী, ইহা দ্বারা মহিলা মুর্দারের সিনা বাঁধিয়া দিতে হয়। অভাবের জন্য ইজার, লেফাফা ও সিনাবন্দ দ্বারা কাফন দেওয়া জায়েয হইবে।

পুরুষের কাফন দিতে খাটের উপর প্রথমে চাদর বিছাইবে, তারপর ইজার বিছাইবে, তারপর পিরহান রাখিবে। অতঃপর তাহার উপর পর্দার সহিত মুর্দারকে রাখিয়া সর্বাগ্রে পিরহান পরাইবে; তারপর ইজার, তারপর লেফাফা পরাইবে।

স্ত্রীলোকের কাফন দিতে প্রথমে খাটের উপর সিনাবন্দ রাখিবে, তারপর লেফাফা, তারপর ইজার, তারপর পিরহান, তারপর ছেরবন্ধ রাখিবে। প্রথমে পিরহান পরাইয়া তারপর ছেরবন্দ দুই ভাগ করিয়া পেঁচাইয়া দুই কাঁধের উপর দিয়া শরীরের উপর রাখিয়া দিবে, তারপর ইজার লেপটাইবে, তারপর লেফাফা বা চাদর লেপটাইয়া সর্বশেষে সিনাবন্দ লেপটাইয়া কাফনের কাজ শেষ করিবে। কাফন পরাইবার পূর্বে মুর্দারের শরীরে কর্পুর এবং কাফনের পরে আতর লাগাইয়া দেওয়া যায়, ইহা উত্তম।

জানাযার নামাযের বিবরণ

জানাযা নামাযের ফযীলত সম্পর্কে হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইয়াছেন ঃ

হাদীস ঃ যে ব্যক্তি জানাযার নামাযে শরীক হয়, তাহার এক 'কেরাত' পরিমাণ সওয়াব হয় এবং জানাযার পরে যে ব্যক্তি দাফন কার্যে শরীক হয় তাহার দুই 'কেরাত' সওয়াব লাভ হয়। জনৈক ব্যক্তি আরজ করিল, ইয়া রাসূলুল্লাহ্ ! "দুই কেরাত" পরিমাণে কত হইবে ? জবাবে তিনি বলিলেন ঃ দুইটি বৃহৎ পাহাড়ের ন্যায়। (বুখারী)

হাদীস ঃ যেই মুর্দারের জানাযায় তিন কাতার মুসলমান হাজির হয়, তাহার জন্য বেহেশত ওয়াজিব হইয়া যায়। (আবু দাউদ)

জানাযার নামায ফরজে কেফায়া, ইহা চারি তাকবীরের সহিত আদায় করিতে হয়। এই নামাযে রুকু, সেজদা ও বৈঠক নাই এবং স্ত্রীলোক জানাযার নামায পড়া দুরুস্ত নাই।

জানাযার নামাযের কয়েকটি শর্ত ঃ

(১) জানাযা নামায আদায়কারী মুসলমান হইতে হইবে, (২) পাক পবিত্র হইতে হইবে, (৩) সতর ঢাকা থাকিতে হইবে, (৪) ইমাম প্রাপ্ত বয়স্ক হইতে হইবে, (৫) কাফন পাক হইতে হইবে, (৬) কেবলামুখী হইয়া নামায পড়িতে হইবে, (৭) মুর্দারের খাট মাটির উপর রাখিতে হইবে, (৮) মুর্দারের নামাযিদের

সম্মুখে খাট রাখিতে হইবে, (৯) মুর্দার পুরুষ না মহিলা উহা নামাযের পূর্বে লোকদিগকে জানাইয়া দিতে হইবে।

জানাযা নামাযের মধ্যে ফরজ ২টি ঃ (১) দাঁড়াইয়া নামায পড়া এবং (২) চারিটি তাকবীর বলা।

জানাযা নামাযে ওয়াজিব ১টি ঃ (১) মাইয়্যেতের জন্য দোয়া প্রার্থনা করা। **জানাযার সুন্নত ৩টি, যথা ঃ** (১) সানা (সুবহানাকা) পড়া, (২) দরূদ পড়া এবং (৩) দোয়া পাঠ করা।

জানাযার নামায পড়িবার নিয়ম

মেয়েলোকের জানাযা হইলে খাটের উপর পর্দা করিতে হইবে। জানাযা উত্তর শিয়রী রাখিয়া ইমাম সাহেব মাইয়্যেতের সিনা বরাবর কেবলা মুখী দাড়াইয়া নিয়ত করিয়া উচ্চঃআওয়াজে তাকবীরে তাহরীমা বলিয়া হাত বাধিয়া সানা পড়িবে। মুক্তাদীরাও নিয়ত করিয়া ইমামের সহিত চুপে চুপে তাকবীর বলিয়া সানা পাঠ করিবে। অতঃপর ইমাম শব্দ করিয়া মুক্তাদিরা চুপে চুপে দ্বিতীয় তাকবীর বলিয়া দোয়া পাঠ করিবে। অতঃপর ইমাম উচ্চ শব্দে এবং মুক্তাদীরা চুপ করিয়া তৃতীয় তাকবীর বলিয়া দরূদ পাঠ করিবে। অতঃপর মুক্তাদীরা নিঃশব্দে এবং ইমাম শব্দ করিয়া চতুর্থ তাকবীর বলিয়া সালাম ফিরাইয়া নামায শেষ করিবে। জানাযার নামাযে শুধু প্রথম তাকবীরে কান পর্যন্ত হাত উঠাইতে হয়। পরবর্তী তাকবীরে উঠাইতে হয় না।

জানাযার নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُوَدِّىَ اَرْبَعَ تَكْبِيْرَاتِ صَلٰوةِ الْجَنَازَةِ فَرْضِ الْكِفَايَةِ اَلثَّنَاءُ لِلّٰهِ تَعَالٰى وَالصَّلٰوةُ عَلَى النَّبِيِّ وَالدُّعَاءُ لِهٰذَا الْمَيِّتِ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ.

বাংলা উচ্চারণ ঃ নাওয়াইতু আন উয়াদ্দিয়া আরবাআ তাকবীরাতি সালাতিল জানাযাত ফারদ্বিল কিফাইয়াতি আচ্ছানাউ লিল্লাহি তায়ালা ওয়াস সালাতু আলান্ নাবিইয়্যি ওয়াদ দুয়া'উ লিহাজাল মাইয়্যিতি মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ শারিফাতি আল্লাহু আকবার।

বিঃদ্রঃ যদি মুর্দার মহিলা হয় তবে لِهٰذَا الْمَيِّتِ-এর স্থলে لِهٰذِهِ الْمَيِّتِ পড়িতে হইবে।

বাংলা নিয়ত ঃ আমি কেবলামুখী হইয়া এই ইমামের পিছনে ফরজে কেফায়া জানাযার নামায চারি তাকবীরের সহিত আল্লাহর প্রশংসা, নবীর প্রতি দরূদ ও এই মুর্দারের জন্য দোয়া প্রার্থনা করিয়া আরম্ভ করিলাম, আল্লাহু আকবার।

জানাযার সানা

سُبْحَانَكَ اَللّٰهُمَّ وَبِحَمْدِكَ وَتَبَارَكَ اسْمُكَ وَتَعَالٰى جَدُّكَ وَجَلَّ ثَنَائُكَ وَلَا اِلٰهَ غَيْرُكَ ـ

বাংলা উচ্চারণ ঃ সুবহানাকা আল্লাহুম্মা ওয়াবি হামদিকা. ওয়াতাবা-রাকাছমুকা ওয়া তা'আলা জাদ্দুকা ওয়া জাল্লা ছানাউকা ওয়া লাইলাহা গাইরুক্।

জানাযা নামাযের দরূদ শরীফ

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَسَلَّمْتَ وَبَارَكْتَ وَرَحِمْتَ وَتَرَحَّمْتَ عَلٰى اِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা সাল্লি আলা মুহাম্মাদিওঁ ওয়া আ'লা আলি মুহাম্মাদিন কামা সাল্লাইতা ওয়াছাল্লামতা ওয়া বারাকতা ওয়া রাহিমতা ওয়া তারাহামতা আ'লা ইব্রাহীমা ওয়া আ'লা আলি ইব্রাহীমা ইন্নাকা হামীদুম্ মাজীদ্।

জানাযার দোয়া

اَللّٰهُمَّ اغْفِرْ لِحَيِّنَا وَمَيِّتِنَا وَشَاهِدِنَا وَغَائِبِنَا وصغِيرِنَا وَكَبِيْرِنَا وَذَكَرِنَا وَاُنْثٰنَا اَللّٰهُمَّ مَنْ اَحْيَيْتَهٗ مِنَّا فَاَحْيِهٖ عَلَى الْاِسْلَامِ وَمَنْ تَوَفَّيْتَهٗ مِنَّا فَتَوَفَّهٗ عَلَى الْاِيْمَانِ ـ بِرَحْمَتِكَ يَااَرْحَمَ الرّٰحِمِيْنَ ـ

বাংলা উচ্চারণ ঃ আল্লাহুম্মাগফিরলি হাইয়্যিনা ওয়ামাইয়্যিতিনা ওয়া শাহিদিনা ওয়া গাইবিনা ওয়া ছাগিরিনা ওয়া কাবিরিনা ওয়া জাকারিনা ওয়া উনছানা, আল্লাহুম্মা মান আহ্ইয়াইতাহু মিন্না ফাআহয়িহী আ'লাল ইসলামি ওয়ামান তাওয়াফ্ফাইতাহু মিন্না ফাতাওয়াফ্ফাহু আলাল ঈমানী, বিরাহ্মাতিকা ইয়া আরহামার রাহিমীন্।

নাবালেগ বালকের জানাযার দোয়া

اَللّٰهُمَّ اجْعَلْهُ لَنَا فَرَطًا وَّاجْعَلْهُ لَنَا اَجْرًا وَّذُخْرًا وَّاجْعَلْهُ لَنَا شَافِعًا وَّمُشَفَّعًا ـ

বাংলা উচ্চারণ ঃ আল্লাহুম্মাজআ'লহু লানা ফারতাওঁ ওয়াজ আলহু লানা আজরাওঁ ওয়া জুখরাওঁ ওয়াজ আলহু লানা শাফিআওঁ ওয়া মুশাফ্ফাআ।

নাবালেগা বালিকার জানাযার দোয়া

اَللّٰهُمَّ اجْعَلْهَا لَنَا فَرَطًا وَّ اجْعَلْهَا لَنَا اَجْرًا وَّذُخْرًا وَّاجْعَلْهَا لَنَا شَافِعَةً وَّمُشَفَّعَةً ـ

বাংলা উচ্চারণ ঃ আল্লাহুম্মাজ আলহা লানা ফারতাওঁ ওয়াজ আলহা লানা আজরাওঁ ওয়া জুখরাওঁ ওয়াজ আলহা লানা শাফিআতাওঁ ওয়া মুশাফ্ফাআ।

মুর্দার দাফন করিবার নিয়ম

জানাযার পরে মুর্দারের কয়েকজন ঘনিষ্ঠ আত্মীয় খাট ধরিয়া কাঁধে তুলিয়া কবরস্থানের দিকে রওয়ানা করিবে। খাটের চারি কোণায় চারিজন নির্দিষ্ট আত্মীয় থাকিবে, কিছু দূর যাইবার পর ডান দিক হইতে লোক বদল করিবে। এই প্রকারে তিনবার বদল করিবে। পথিমধ্যে সকলে কালেমা তাইয়্যেবা ও কালেমা শাহাদত পাঠ করিতে থাকিবে। মুর্দার শিশু হইলে হাতে করিয়া নিয়া যাইবে। কবরস্থানে পৌছিয়া মুর্দারের খাট উত্তর শিয়রী করিয়া কবরের পশ্চিম পার্শ্বে রাখিবে।

অতঃপর মুর্দারের পুত্র সন্তান, ভাই বা নিকট আত্মীয়েরা লাশ ধরাধরি করিয়া উত্তর দিকে মাথা রাখিয়া কবরের মধ্যে রাখিবে এবং চেহারা কেবলামুখী করিয়া দিবে। কাফনের উভয় দিকে বাঁধা থাকিলে খুলিয়া দিবে। মহিলার লাশ

হইলে মোহরেম আত্মীয়েরা পর্দার সহিত লাশ কবরে নামাইবে। কবরে লাশ ইবার সময় সকলেই এই দোয়া'টি পাঠ করিবে–

بِسْمِ اللّٰهِ وَعَلٰى مِلَّةِ رَسُوْلِ اللّٰهِ ـ

উচ্চারণ ঃ বিস্‌মিল্লাহি ওয়া আ'লা মিল্লাতি রাসূলিল্লাহ্।

মুর্দার কবরে রাখিবার পরে যাহারা কবরে নামিয়াছিল, তাহারা উপরে উঠিয়া আসিবে। তৎপর কবরের উপরে বাঁশ বিছাইয়া চাটাই ইত্যাদি দ্বারা ঢাকিয়া দিবে, তারপর উপস্থিত সকলে তিন মুষ্টি করিয়া মাটি দিবে। প্রথম মুষ্টি দিবার সময় বলিবে مِنْهَا خَلَقْنٰكُمْ (মিনহা খালাক্বনাকুম) অর্থাৎ এই মাটি দ্বারাই তোমাদিগকে সৃষ্টি করিয়াছি। দ্বিতীয় মুষ্টি দিবার সময় পাঠ করিবে وَفِيْهَا نُعِيْدُكُمْ (ওয়াফীহা নুয়ী'দুকুম) অর্থাৎ আবার এই মাটির মধ্যেই তোমাদিগকে ফিরাইয়া আনিয়াছি। তৃতীয় মুষ্টি দিবার সময় পাঠ করিবে وَمِنْهَا نُخْرِجُكُمْ تَارَةً اُخْرٰى (ওয়া মিন্‌হা নুখ্‌রিজুকুম্ তারাতান্ উখরা) অর্থাৎ পুনরায় এই মাটি হইতেই তোমাদিগকে উত্থিত করিব।

মাটি দিবার পরে কবরের মাঝখান উচুঁ করিয়া চতুর্দিকে ঢালু রাখিয়া সুন্দরভাবে মাছের পিঠের ন্যায় করিয়া কবরের কাজ শেষ করতঃ উত্তর ও দক্ষিণ দিকে তাজা বৃক্ষের দুইখানা ডাল মাঝ বরাবর পুঁতিয়া রাখিবে। তারপর সকলে তাহারা কুল ও দোয়া' দরূদ পাঠ করিয়া মুর্দারের মাগফিরাত কামনা করতঃ কবরস্থান হইতে চলিয়া আসিবে।

কবর যিয়ারতের ফযীলত

হযরত রাসূলে করীম (সঃ) হযরত আবুযর (রাঃ)-কে ফরমাইলেন, কবর যিয়ারত করিও, ইহাতে আখেরাতের কথা স্মরণ হয়। মুর্দারকে গোসল করাইও, একটি বিরাট শিক্ষণীয় বিষয় এবং জানাযার নামায পড়াইবে, ইহাতে হয়ত তোমার অন্তরে ভাবনার উদ্রেক হইবে। এই প্রকার বান্দা আল্লাহর রহমতের ছায়া লাভ করিবে। (হাকেম)

অন্য এক হাদীসে বর্ণিত হইয়াছে, হযরত নবী করীম (সঃ) মুর্দার দাফনের পর তাহার জন্য মাগফিরাত কামনা করিয়া দোয়া' করিতেন এবং অন্যকেও করিতে বলিতেন। তিনি বলিতেন এই সময়টা হিসাব নিকাশের সময়, তোমার ভাইয়ের দৃঢ় ঈমানের জন্য দোয়া কর এবং তাহার মাগফিরাত প্রার্থনা কর। (আবু দাউদ)

আর এক হাদীসে আছে, একদা সাহবীরা এক মৃত লোকের সম্পর্কে ভাল বলিল এবং তাহার প্রশংসা করিল, ইহা শ্রবণ করতঃ হযরত রাসূলুল্লাহ (সঃ) ফরমাইলেন ঃ তাহার জন্য বেহেশত ওয়াজিব হইয়া গিয়াছে। হে লোকসকল ! তোমরা আল্লাহর প্রতিনিধিরূপে পৃথিবীতে (সব কিছুর) সাক্ষী। তোমরা যাহার সম্পর্কে ভাল মন্তব্য করিবে, আল্লাহ পাক তাহাকে বেহেশত দান করিবেন। (বুখারী ও মুসলিম)

এই হাদীস দ্বারা বুঝা যাইতেছে, দুনিয়ায় থাকিয়া মু'মিন ব্যক্তিরা যদি মৃত ব্যক্তির প্রশংসা করে, তবে ইহা তাহার মুক্তি ও নাজাতের উসিলা হইয়া থাকে।

কবর যিয়ারতের দোয়া

اَلسَّلَامُ عَلَيْكُمْ يَا اَهْلَ الْقُبُوْرِ مِنَ الْمُسْلِمِيْنَ وَالْمُسْلِمَاتِ وَالْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنَاتِ اَنْتُمْ لَنَا سَلَفٌ وَّنَحْنُ لَكُمْ تَبَعٌ وَّاِنَّا اِنْ شَآءَ اللّٰهُ بِكُمْ لَاحِقُوْنَ۔

উচ্চারণ ঃ আচ্ছালামু আ'লাইকুম ইয়া আহ্লাল্ কুবূরি মিনাল্ মুস্লিমীনা ওয়াল মুসলিমাতি ওয়াল্ মু'মিনীনা ওয়াল মু'মিনাতি, আন্তুম্ লানা সালাফুওঁ ওয়া নাহ্নু লাকুম তাবাউ'ন্ ওয়া ইন্না ইন্ শা-আল্লাহু বিকুম লাহিকূন।

অর্থ ঃ হে কবরবাসী মুসলমান নর-নারী ও মুমিন নর-নারীগণ। তোমাদের প্রতি শান্তি বর্ষিত হউক, তোমরা পরকালে আমাদের অগ্রগামী আর আমরা তোমাদের অনুগামী। ইনশাআল্লাহ্ নিশ্চয়ই আমরা তোমাদের সহিত মিলিত হইব।

এই দোয়া পাঠ করিবার পরে সূরা ফাতিহা, সূরা কাফিরূন, আয়াতুল কুরসী একবার করিয়া পাঠ করিবে। অতঃপর ১১ বার দরূদ শরীফ পাঠ করিয়া ইহার সওয়াব কবরস্থানের মুর্দারগণের রূহের প্রতি পৌঁছাইবে।

আর এইরূপে মুনাজাত করিবে– হে আল্লাহ ! আমাকে, আমার পিতা-মাতাকে, মু'মিন মুসলমান নর-নারীদিগকে এবং তাহাদের মধ্যে যাহারা জীবিত আছে এবং যাহারা মৃত্যুবরণ করিয়াছে, সকলকে ক্ষমা করিয়া দাও। নিশ্চয়ই তুমি দোয়া-প্রার্থনা কবুলকারী। হে দয়াময় প্রভু ! তুমি আমার পিতা-মাতাকে রহম কর, যেইরূপে তাহারা আমাকে শিশুকালে স্নেহের সহিত লালন-পালন করিয়াছেন। হে আল্লাহ ! সৃষ্টির সেরা সাইয়্যিদুল মুরসালীন খাতামুন্ নাবিয়্যীন হযরত মুহাম্মাদ (সঃ) ও তাঁহার বংশধরগণ এবং সাহাবীগণের প্রতি রহম করুন। সমস্ত প্রশংসা হে আল্লাহ! তোমার জন্য। সমস্ত জগদ্বাসীর প্রতিপালক, উহাদিগকে ও আমাদিগকে ক্ষমা করুন। আমীন।

তওবার বিবরণ

মানুষের দ্বারা গুনাহের কাজ সংঘটিত খুবই সম্ভব, যেহেতু ইবলিস শয়তান সর্বদা মানুষকে বিপথে পরিচালনার জন্য বিরামহীনভাবে চেষ্টা করিতেছে। তাই মু'মিন ব্যক্তি দ্বারা গুনাহের কাজ হওয়া কোন আশ্চর্যজনক বিষয় নয়। তবে বার বার গুনাহের কাজ করা মু'মিনের পক্ষে শোভা পায় না। যদি কোন সময় শয়তানের চক্রান্তে পতিত হইয়া গুনাহের কাজ করিয়া ফেলে, তবে অতি শীঘ্র আল্লাহর দরবারে তওবা করা উচিত। কোন প্রকারেই দাম্ভিকতা হঠকারিতা করা ঠিক নয়। যেহেতু ইহাতে মানুষ ধ্বংস হইয়া যায়। তাই গুনাহ করিবার সঙ্গে সঙ্গে তওবা করা কর্তব্য। এই সম্পর্কে হযরত নবী করীম (সঃ) বলেন ঃ

হযরত আনাস (রাঃ) হইতে বর্ণিত, হযরত রাসূলুল্লাহ্ (সঃ) বলেন ঃ প্রত্যেক মানুষই গুনাহ্গার ও অপরাধী। উত্তম গুনাহগার লোক তাহারা যাহারা খুব বেশী পরিমাণে তওবা করিয়া থাকে।

তওবা বা এস্তেগ্ফার

اَسْتَغْفِرُ اللّٰهَ رَبِّىْ مِنْ كُلِّ ذَنْبٍ وَّاَتُوْبُ اِلَيْهِ ـ لَا حَوْلَ وَلَاقُوَّةَ اِلَّابِاللّٰهِ الْعَلِيِّ الْعَظِيْمِ ـ

উচ্চারণ ঃ আস্তাগ্ফিরুল্লাহা রাব্বী মিন্ কুল্লি যাম্বিওঁ ওয়া আতূ-বু ইলাইহি, লা-হাওলা ওয়া লা-কুওয়্যাতা ইল্লা বিল্লাহিল্ আ'লিয়্যিল্ আ'যীম।

পবিত্রতা ঈমানের অঙ্গ

পবিত্রতা সম্পর্কে আল্লাহ তা'আলা কুরআন শরীফের সূরা নিসা এর ৪৩তম আয়াতে বলেন–

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَاتَقْرَبُوا الصَّلٰوةَ وَاَنْتُمْ سُكٰرٰى حَتّٰى تَعْلَمُوْا مَاتَقُوْلُوْنَ وَلَاجُنُبًا اِلَّا عَابِرِىْ سَبِيْلٍ حَتّٰى تَغْتَسِلُوْا ط وَاِنْ كُنْتُمْ مَرْضٰى اَوْ عَلٰى سَفَرٍ اَوْجَآءَ اَحَدٌ مِّنْكُمْ مِّنَ الْغَآئِطِ اَوْ لٰمَسْتُمُ النِّسَآءَ فَلَمْ تَجِدُوْا مَآءً فَتَيَمَّمُوْا صَعِيْدًا طَيِّبًا فَامْسَحُوْا بِوُجُوْهِكُمْ وَاَيْدِيْكُمْ ط اِنَّ اللّٰهَ كَانَ عَفُوًّا غَفُوْرًا ـ

উচ্চারণ ঃ ইয়া আইয়্যুহাল্লাযীনা আ-মানূ লা-তাক্বরাবূ-ছ্ ছ্বলা-তা ওয়া আংতুম্ সুকা-রা-হাত্তা- তাঅ'লামূ- মা-তাক্বূ-লূনা ওয়া লা জুনুবান্ ইল্লা আ'বিরী-সাবী-লিন্ হাত্তা-তাগ্তাসিলূ ; ওয়া ইং কুংতুম্ মারদ্বা- আও আ'লা সাফারিন্ আও জা-য়া আহাদুম্ মিংকুম্ মিনাল্ গ্বায়িত্বি আও লা-মাস্তুমুন্ নিসা-য়া ফালাম্ তাজিদূ মা-য়ান্ ফাতাইয়াম্মামূ ছ্বয়ী-দান্ ত্বয়্যিবান্ ফাম্সাহ্ বিউজূহিকুম্ ওয়া আইদীকুম ; ইন্নাল্লা-হা কা-না আ'ফুয়্যান্ গাফূ-রা।

অর্থ ঃ "হে ঈমানদারগণ ! তোমরা নেশাগ্রস্ত অবস্থায় নামাযের নিকটেও যাইবেনা, যতক্ষণ না বুঝিতে পারিবে তোমরা যাহা বলিতেছ এবং নাপাক অবস্থায়ও। তবে সফরের সময়ের কথা আলাদা-গোসল না করা পর্যন্ত। আর যদি তোমরা অসুস্থ কিংবা সফরে থাক অথবা তোমাদের মধ্য হইতে কেহ বাহ্যাদি ত্যাগ করিয়া থাকে অথবা তোমরা যদি স্ত্রীদিগকে সম্ভোগ করিয়া থাক, তখন যদি পানি না পাও তাহা হইলে পাক মাটি দ্বারা তাইয়্যাম্মুম করিয়া লইবে। উহাতে নিজেদের চেহারা ও হস্ত মুসেহ্ করিবে। নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল ও পাপ মোচনকারী।"

আল্লাহ তা'আলা পবিত্রতা সম্পর্কে সূরা মুদ্দাচ্ছির এর চতুর্থ ও পঞ্চম আয়াতে বলেন ঃ وَثِيَابَكَ فَطَهِّرْ ـ وَالرُّجْزَ فَاهْجُرْ ـ

উচ্চারণ ঃ ওয়া ছিয়া-বাকা ফাত্বাহ্হির। ওয়াররুজ্যা ফাহ্জুর।

অর্থ ঃ "তোমার কাপড় (পরিচ্ছদ) পবিত্র রাখ এবং অপবিত্রতা হইতে দূরে থাক।"

আল্লাহ তা'আলা পবিত্রতা সম্পর্কে কুরআন শরীফের সূরা 'শাম্ছ' -এর মধ্যে নবম ও দশম আয়াতে এরশাদ করেন ঃ

قَدْ اَفْلَحَ مَنْ زَكّٰهَا ۔ وَقَدْ خَابَ مَنْ دَسّٰهَا ۔

উচ্চারণ ঃ ক্বাদ্ আফ্লাহা মান্ যাক্কাহা-। ওয়া ক্বাদ্ খা-বা মান্ দাছ্ছাহা-।

অর্থ ঃ নিশ্চয়ই যে আত্মাকে পরিশুদ্ধ করিয়াছে সে সফলকাম হইয়াছে। আর যে উহাকে অপরিচ্ছন্ন (অপবিত্র) করিয়াছে সে ক্ষতিগ্রস্ত হইয়াছে।"

উপরোক্ত আয়াত সমূহ দ্বারা প্রমাণিত হইয়াছে যে, মানুষের পবিত্রতা লাভ করা অবশ্য কর্তব্য। পাক পবিত্রতা হাছিল না করিলে আল্লাহর দরবারে কোন ইবাদতই কবুল হইবে না সুতরাং সর্বদা পাক পবিত্র অবস্থায় থাকিতে হইবে এবং পবিত্রতার জন্য যথাসাধ্য চেষ্টা করিতে হইবে।

অযু সংক্রান্ত কতিপয় আয়াত ও হাদীস

অযু সম্পর্কে আল্লাহ তা'আলা সূরা মায়েদাহ-এর ৬ষ্ঠ আয়াতে বলেন ঃ

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا قُمْتُمْ اِلَى الصَّلٰوةِ فَاغْسِلُوْا وُجُوْهَكُمْ وَاَيْدِيَكُمْ اِلَى الْمَرَافِقِ وَامْسَحُوْا بِرُءُوْسِكُمْ وَ اَرْجُلَكُمْ اِلَى الْكَعْبَيْنِ ط وَ اِنْ كُنْتُمْ جُنُبًا فَاطَّهَّرُوْا ط وَاِنْ كُنْتُمْ مَّرْضٰٓى اَوْعَلٰى سَفَرٍ اَوْ جَآءَ اَحَدٌ مِّنْكُمْ مِّنَ الْغَآئِطِ اَوْلٰمَسْتُمُ النِّسَآءَ فَلَمْ تَجِدُوْا مَآءً فَتَيَمَّمُوْا صَعِيْدًا طَيِّبًا فَامْسَحُوْا بِوُجُوْهِكُمْ وَاَيْدِيْكُمْ مِّنْهُ ط مَا يُرِيْدُ اللّٰهُ لِيَجْعَلَ عَلَيْكُمْ مِّنْ حَرَجٍ وَّلٰكِنْ يُّرِيْدُ لِيُطَهِّرَكُمْ وَلِيُتِمَّ نِعْمَتَهٗ عَلَيْكُمْ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ۔

উচ্চারণ ঃ ইয়া আইয়্যুহাল্লাযী-না আ-মানূ- ইযা কুম্তুম্ ইলাচ্ছালা-তি ফাগসিলূ-উজূ-হাকুম্ ওয়া আইদিয়াকুম্ ইলাল মারা-ফিক্বি ওয়াম্সাহূ

বিরুউ-সিকুম ওয়া আরজুলাকুম্ ইলাল কাআ'বাইন। ওয়া ইং কুংতুম্ জুনুবান্ ফাত্তাহ্হারূ- ওয়া ইং কুংতুম্ মারদ্বা- আও আ'লা সাফারিন আও জা-আ আহাদুম্ মিন্কুম্ মিনাল গা-য়িতি আওলা মাস্তুমুন্ নিসা-আ ফালাম তাজিদূ মা-য়ান্ ফাতাইয়াম্মামূ-ছ্বায়ী'দান্ ত্বয়্যিবান্ ফামসাহূ বিউজূ-হিকুম্ওয়া আইদীকুম্ মিনহু; মা-ইয়ুরীদুল্লাহু লিইয়াজ আ'লা আ'লাইকুম্ মিন্ হারাজিওঁ ওয়া লাকিইঁ ইয়ূরী-দু লিইয়ুত্বাহ্হিরাকুম্ ওয়া-লিইয়ুতিম্মা নি'মাতাহূ-আ'লাইকুম্ লাআ'ল্লাকুম্ তাশ্কুরূ-ন।

অর্থ ঃ "হে ঈমানদার বান্দাগণ ! তোমরা যখন নামাযের জন্য দাঁড়াইবে, তখন তোমরা নিজেদের মুখ মণ্ডল, হস্তদ্বয় কনুই পর্যন্ত ধুইয়া লও এবং মাথা মুছিয়া লও আর পদদ্বয় ধুইয়া লও। এবং গোসলের প্রয়োজন হইলে (গোসল করিয়া) পবিত্র হইয়া লও। আর যদি তোমরা অসুস্থ কিংবা সফরে থাক, কিংবা তোমাদের মধ্যে কেহ মূত্র ত্যাগ করিয়া থাক অথবা স্ত্রীদেরকে কেহ স্পর্শ করিয়া থাক, আর পানি পাওয়া না যায়, তবে পাক মাটি দ্বারা তাইয়্যাম্মুম করিয়া লও। উহা দিয়া তোমরা নিজেদের মুখমণ্ডল ও হাতসমূহ মুছিয়া লও। আল্লাহ ইচ্ছা করেন না, যাহাতে তোমাদের কোন প্রকার অসুবিধা হইতে পারে। আল্লাহ তা'আলা ইহাই চাহেন যে, তোমাদেরকে পাক পবিত্র করুন তোমাদের জন্য তাঁহার নেয়ামত পরিপূর্ণ ভাবে দান করুন যেন তোমরা কৃতজ্ঞ হইতে পার।

হাদীস ঃ হযরত ওসমান (রাঃ) হইতে বর্ণিত, হযরত রাসূলুল্লাহ্ (সঃ) ফরমাইয়াছেন ঃ যে ব্যক্তি উত্তমরূপে অযু করিবে, তাহার পাপ সমূহ ঝরিয়া পড়িবে। এমন কি তাহার (অঙ্গুলীর) নখের নীচ হইতেও পাপ ঝরিয়া পড়িবে। (বুখারী ও মুসলিম)

মিসওয়াক করিবার তাকীদ

عَنْ اَبِىْ هُرَيْرَةَ رَضِىَ اللّٰهُ عَنْهُ قَالَ قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَوْ لَا اَنْ اَشُقَّ عَلٰى اُمَّتِىْ لَاَمَرْتُهُمْ بِتَأْخِيْرِ الْعِشَاءِ وَبِالسِّوَاكِ عِنْدَ كُلِّ صَلٰوةٍ ـ (رَوَاهُ الْبُخَارِى وَ مُسْلِمٌ)

আবূ হুরায়রা (রাঃ) হইতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলিয়াছেন, আমি যদি আমার উম্মতের উপর কষ্টের আশংকা না করিতাম, তাহা ইহলে তাহাদেরকে ইশার নামায (রাতের তৃতীয় প্রহর পর্যন্ত) দেরি করিয়া আদায় করিতে এবং প্রত্যেক নামাযের (ওযূর) সময় মিসওয়াক করিয়া লইতে (ওয়াজিব পর্যায়ের) নির্দেশ দিয়া দিতাম। (বুখারী, মুসলিম)

অর্থাৎ উম্মতের কষ্টের কথা বিবেচনা করিয়া তিনি এই দুইটি কাজকে ওয়াজিব পর্যায়ে রাখিলেন না। কিন্তু সুন্নত অবশ্যই রহিয়া গিয়াছে।

নামাযের পূর্বে মিসওয়াক করিবার ফযীলত

عَنْ عَائِشَةَ رَضِىَ اللّٰهُ عَنْهَا قَالَتْ قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ: تَفَضَّلَ الصَّلٰوةُ الَّتِىْ يَسْتَاكُ لَهَا عَلَى الصَّلٰوةِ الَّتِىْ لَا يَسْتَاكُ لَهَا سَبْعِيْنَ ضِعْفًا ـ (رَوَاهُ الْبَيْهَقِىْ)

আয়েশা (রাঃ) হইতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলিয়াছেন, যে নামাযের পূর্বে মিসওয়াক করিয়া লওয়া হয় সেই নামায বিনা মিসওয়াকে আদায়কৃত নামাযের উপর সত্তর গুণ মর্যাদা রাখে। (বায়হাকী)

মানুষের যে সকল অঙ্গ প্রত্যঙ্গ প্রায় সময়ই খোলা ও অনাবৃত থাকে, সেই গুলিতে ধুলা-বালি এবং অনেক সময় রোগ জীবানু প্রবেশের আশংকা থাকে। যেমন, হাত পা, মুখ, নাক ও চোখ ইত্যাদি। তাই ওযূর সময় এই সব অঙ্গকে ধোয়ার নির্দেশ দেওয়া হইয়াছে। অনুরূপভাবে মুখের অভ্যন্তর ভাগে খাদ্য কনা ইত্যাদি আটকাইয়া মুখে দুর্গন্ধ এবং দাঁত ও মাড়িতে রোগের সৃষ্টি হইতে পারে। তেমনিভাবে নামাযে উপস্থিত অন্যান্য মুসল্লীদেরও কষ্টের আশংকা থাকে। তাই ইসলাম মানুষের নিজের স্বার্থে এবং অন্যান্য মুসলমান ভাইদেরকে কষ্ট হইতে রক্ষা করিবার জন্য নামাযের পূর্বে ওযূর সময় মিসওয়াক করিবার নির্দেশ দিয়াছে এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই বিরাট ফযীলতের কথা উম্মতকে জানাইয়া দিয়া ইহার প্রতি উৎসাহিত করিয়াছেন।

যয়তূনের মিসওয়াক উত্তম

عَنْ مُعَاذٍ رَضِىَ اللّٰهُ عَنْهُ اَنَّ النَّبِىَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: نِعْمَ السِّوَاكُ الزَّيْتُوْنُ مِنْ شَجَرَةٍ مُّبَارَكَةٍ يُّطَيِّبُ الْفَمَ وَيُذْهِبُ بِالْحَفَرِ، وَهُوَ سِوَاكِىْ وَسِوَاكُ الْاَنْبِيَاءِ مِنْ قَبْلِىْ ـ (كَنْزُ الْعُمَّال بِرِوَايَةِ الطَّبْرَانِىْ فِىْ الْاَوْسَطِ)

মুআয (রাঃ) হইতে বর্ণিত যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলিয়াছেন, যয়তুনের মিসওয়াক কতই না উত্তম! ইহা হইতেছে পবিত্র বৃক্ষের অংশ, ইহা মুখকে দুর্গন্ধমুক্ত রাখে এবং মুখের ক্ষতও দূর করিয়া দেয়। ইহা হইতেছে আমার মিসওয়াক এবং আমার পূর্ববর্তী নবীদের মিসওয়াক।

(কানযুল উম্মালঃ তাবারানীর বরাতে)

ওযূ অবস্থায় মৃত্যুবরণ করলে শহীদের সওয়াব

عَنْ اَنَسٍ رَضِىَ اللّٰهُ عَنْهُ عَنِ النَّبِىِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: يَابُنَىَّ اِنِ اسْتَطَعْتَ اَنْ تَكُوْنَ اَبَدًا عَلٰى وُضُوْءٍ فَافْعَلْ فَاِنَّ مَلَكَ الْمَوْتِ اِذَا قَبَضَ رُوْحَ الْعَبْدِ وَهُوَ عَلٰى وَضُوْءٍ كُتِبَ لَهٗ شَهَادَةٌ ـ (كنزالعمال برواية البيهقى)

আনাস (রাঃ) সূত্রে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত। তিনি তাহাকে বলিয়াছেন, হে বৎস! তুমি যদি সর্বদা ওযূ অবস্থায় থাকিতে পার তাহা হইলে উহাই কর। কেননা, মালাকুল মওত যখন বান্দার রূহ কবজ করে আর সে ওযূ অবস্থায় থাকে তখন তাহার জন্য শাহাদতের মর্যাদা লিখিয়া দেওয়া হয়। (কানযুল উম্মালঃ বায়হাকীর বরাতে)

খতমসমূহের বিবরণ

খতমে ইউনুস

খতমে ইউনুস এর ফযীলত ঃ কোন কঠিন মুছিবত, মামলা-মোকাদ্দমা সংকটের সময় ইহা অত্যন্ত ফলপ্রদ।

কোন অসুস্থ ব্যক্তি এই দোয়া পাঠ করিলে তাহার গোনাহ মাফ হইয়া যাইবে এবং সেই ব্যক্তি আরোগ্য লাভ করিবে।

হঠাৎ কোন মুসিবত উপস্থিত হইলে মধ্য রাতে দুই রাকাত নামাজ পড়িয়া সালাম ফিরাইয়া সিজদায় যাইয়া এই দোয়া ৪০ বার পাঠ করিলে বিপদ হইতে রক্ষা পাইবে।

কোন ব্যক্তি এই দোয়া ১০০০ হাজার বার পাঠ করিলে সকল প্রকার মর্যাদা লাভ করিবে। দুঃখ কষ্ট দুর হইবে। অত্যাচারি ও জালেমগণ তাহার কোন ক্ষতি করিতে পারিবে না।

দোয়ায়ে ইউনুস (আঃ)

لَآ اِلٰهَ اِلَّآ اَنْتَ سُبْحَانَكَ اِنِّىْ كُنْتُ مِنَ الظّٰلِمِيْنَ

খতমের নিয়ম ঃ পবিত্র স্থানে কেবলামুখী হইয়া এই দোয়া ১ লক্ষ ২৫ হাজার বার পাঠ করিতে হয়। প্রত্যেক ১০০ শত বার পড়া হইলে চেহারায় পানি দিবে। ৩, ৭, বা ৪০ দিনে শেষ করাই উত্তম। মাছের পেটে এই দোয়ার জন্য লাভ করিয়াছিল বলিয়া ইহা অন্ধকারে পাঠ করিলে বেশী পরিমাণে ফল পাওয়া যায়। প্রত্যেক ১০০ বার করিয়া পাঠ করিবার পর নিম্নের এই দোয়াটি পাঠ করিতে হয়।

দোয়াটি এই–

فَاسْتَجَبْنَا لَهٗ وَنَجَّيْنٰهُ مِنَ الْغَمِّ وَكَذٰلِكَ نُنْجِى الْمُؤْمِنِيْنَ

ফাসতা জাবনা লাহু ওয়া নাজ্জাইনাহু মিনাল গম্মি ওয়াকাজালিকা নুন জিল মু'মিনিন।

অর্থ ঃ তৎপর আমি তাহার দোয়া কবুল করিয়াছিলাম এবং তাহাকে কঠিন বিপদ হইতে মুক্তি দিয়াছিলাম, এই রূপে আমি মু'মিনদেরকে উদ্ধার করিয়া থাকি। (আম্বিয়া-৬)

সাবধা ! এই দোয়া অবহেলার সহিত পাঠ করিলে মারাত্মক ক্ষতির সম্ভাবনা রহিয়াছে। কোন অসুস্থ ব্যক্তির আরোগ্য না হইলে এই দোয়া পাঠান্তে দোয়া করিলে আল্লাহর ইচ্ছা থাকিলে সেই ব্যক্তি আরোগ্য লাভ করিবে অথবা তাহাকে আল্লাহ উঠাইয়া নিবেন। এই ধরণের বহু নজীর রহিয়াছে।

খতমে তাহলীল

খতমে তাহলীলের ফযীলত ঃ যাবতীয় রোগ-শোক, বিপদ-আপদ মামলা ও বিভিন্ন নেক মকছুদে এই খতমের পাঠ বেশ উপকারী। মৃত ব্যক্তির উপর এই খতম পড়িলে তাহার মাগফেরাত পাওয়ার আশা রহিয়াছে। খতম শেষ হইলে পানিতে ফুঁক দিয়া রোগীকে পান করাইলে রোগী আরোগ্য হইবে। ইনশাল্লাহ।

খতমে তাহলীলের নিময় ঃ সম্পূর্ণ রূপে পাক-সাফ অবস্থায় কেবলামুখী হইয়া ১ লক্ষ ২৫ হাজার বার নিম্নের বাক্যটি পাঠ করিতে হইবে।

খতমে তাহলীলের দোয়া ঃ لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ

খতমে জালালী

মহান আল্লাহ তায়ালার পবিত্র নামসমূহ দুই ভাগে বিভক্ত ঃ (১) জালালী (২) জামালী। "আল্লাহ" নামক পবিত্র নামটি জালালীর অর্ন্তুক্ত। এই পবিত্র নামের খতমকে খতমে জালালী বলা হয়।

খতমে জালালীর ফযীলত ঃ ভয়াবহ কোন মুছিবত, নদী ভাঙ্গন বা এই জাতিয় কোন সমস্যার সম্মুখিন হইলে এই খতম পাঠ করিলে আল্লাহর ইচ্ছায় বিপদ হইতে মুক্তি পাওয়া যায়।

খতমে জালালী পড়িবার নিয়ম ঃ "আল্লাহু" নামটি ১লক্ষ ২৫ হাজার বার কাগজে লিখিবে এবং ১লক্ষ ২৫ হাজার ময়দা দ্বারা আটার খামিরার গুলি তৈরী করিবে। তৈরীর সময় আল্লাহর নামটি মুখে বলিতে হইবে। তার পর লিখিত কাগজগুলি একটি একটি করিয়া আটার গুলির ভিতর ভরিতে হইবে। যেই ব্যক্তি গুলিতে ভরিবে সেই ব্যক্তিই কাগজে পুরিবে। অতঃপর যেই নদী বা পুকুরে মাছ আছে সেই স্থানে এই গুলি ফেলিয়া দিবে।

সর্তকতা ঃ এই খতম পড়িবার সময় অবহেলা করিলে উপকারের চাইতে অপকারের আশংকাই বেশী রহিয়াছে।

শরীয়ত সংক্রান্ত প্রাথমিক ধারণা

ফরয ঃ যেই কাজ আল্লাহর পক্ষ হইতে সুনিশ্চিতরূপে করিবার আদেশ করা হইয়াছে, তাহাকে ফরয বলা হয়। যেমন– নামায, রোযা, হজ্ব, যাকাত ইত্যাদি।

ফরয দুই প্রকার। (ক) ফরযে আইন (খ) ফরযে কিফায়া।

ফরযে আইন ঃ ফরযে আইন উহাকে বলে, যেই কাজ প্রত্যেক বালেগ, বিবেকবান নর-নারীর উপর সমভাবে ফরয। যেমন– নামায পড়া, রোযা রাখা ইত্যাদি।

ফরযে কিফায়া ঃ ফরযে কিফায়া উহাকে বলে, যাহা কতক লোক পালন করিলে সকলেই গোনাহ হইতে বাঁচিয়া যাইবে।

কিন্তু যদি কেহই পালন না করে তাহা হইলে সকলেই ফরয তরকের গোনাহগার হইবে। যেমন– জানাযার নামায পড়া, মৃত ব্যক্তিকে কাফন-দাফন করা ইত্যাদি।

ফরয কাজ যে না করিবে, তাহাকে ফাসেক বলা হয় এবং আখেরাতে সেই ব্যক্তিকে শাস্তি দেওয়া হইবে। ফরয অস্বীকার করিলে কাফের হইয়া যাইবে।

ওয়াজিব ঃ শরীয়তের যেই সকল হুকুম দলীলে জন্নি (অকাট্য প্রমাণ) দ্বারা সাব্যস্ত হয়, সেই গুলিকে ওয়াজিব বলা হয়। ওয়াজিব কাজ ফরযের মতই অবশ্য কর্তব্য। ফরয তরক করিলে যেমনি ফাসেক ও গোনাহগার হইয়া যায়, ওয়াজিব তরক করিলেও তেমনি ফাসেক হইয়া যায় এবং শাস্তির উপযুক্ত হয়। তবে পার্থক্য এতটুকু যে, ফরয অস্বীকার করিলে কাফের হইয়া যাবে। কিন্তু ওয়াজিব অস্বীকার করিলে কাফের হইবে না বরং ফাসেক হইবে। যেমন– বেতরের নামায, কুরবানী, ফিৎরা, ঈদের নামায ইত্যাদি।

সুন্নত ঃ যেই কাজ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বা তাঁহার সাহাবাগণ করিয়াছেন, তাহাকে সুন্নত বলা হয়।

সুন্নত দুই প্রকার (ক) সুন্নতে মুয়াক্কাদাহ (খ) সুন্নতে গায়রে মুয়াক্কাদাহ।

সুন্নতে মুয়াক্কাদাহ ঃ যেই কাজ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অথবা তাঁহার সাহাবাগণ সব সময় করিয়াছেন, বিনা ওযরে কোন সময় ছাড়েন নাই, তাহাকে সুন্নতে মুয়াক্কাদাহ বলা হয়। যেমন– আযান, ইকামাত, খাতনা, নিকাহ ইত্যাদি।

সুন্নতে মুয়াক্কাদাহ আমলের দিক দিয়া ওয়াজিবের মত, অর্থাৎ– যদি কেহ বিনা ওযরে সুন্নতে মুয়াক্কাদাহ ছাড়িয়া দেয় অথবা ছাড়িয়া দেওয়ার অভ্যাস করে,

তবে সেই ব্যক্তি ফাসেক ও গোনাহগার হইবে এবং মহানবী (সঃ)-এর খাস শাফায়াত হইতে বঞ্চিত থাকিবে। কিন্তু ওয়াজিব তরকের গোনাহ অপেক্ষা কম গোনাহ হইবে এবং কখনও ওযরবশত ছুটিয়া গেলে তাহা কাযা করিতে হইবে না। ওয়াজিব ওযরবশত ছুটিলেও কাযা করিতে হইবে।

সুন্নতে গায়রে মুয়াক্কাদাহ ঃ যেই কাজ হযরত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অথবা তাঁহার সাহাবাগণ করিয়াছেন, কিন্তু ওযর ছাড়াও কোন কোন সময় ছাড়িয়া দিয়েছেন, তাহাকে সুন্নতে গায়রে মুয়াক্কাদাহ বা সুন্নতে যায়েদা বলা হয়। ইহা করিলে সাওয়াব আছে, কিন্তু না করিলে গুনাহ নাই।

মুস্তাহাব ঃ যে কাজ হযরত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বা তাঁর সাহাবাগণ করিয়াছেন, কিন্তু অধিকাংশ সময় করেন নাই, কোন কোন সময় করিয়াছেন, তাহাকে মুস্তাহাব বলে। এটা করিলে সাওয়াব আছে না করিলে গোনাহ নাই। মুস্তাহাবকে নফল বা মান্দুবও বলা হয়।

হারাম ঃ হারাম ফরযের বিপরীত। যদি কেহ হারাম কাজ অস্বীকার করে অর্থাৎ, যদি কেহ হারাম কাজকে হালাল এবং জায়েয মনে করে, তাহলে সে কাফের হইয়া যাবে। আর যদি বিনা ওযরে হারাম কাজ করে কিন্তু অস্বীকার না করে অর্থাৎ, হারামকে হালাল মনে না করে, তাহলে সে কাফের হইবে না, ফাসেক হইবে এবং শাস্তির উপযুক্ত হইবে। হারাম কাজ, যথা– যিনা, চুরি, ডাকাতি, মিথ্যা বলা, পিতা-মাতার অবাধ্য হওয়া, স্বামীর অবাধ্য হওয়া, ইলমে দ্বীন শিক্ষা না করা, নামায না পড়া, যাকাত না দেয়া, হজ্ব না করা ইত্যাদি।

মাকরূহে তাহরীমী ঃ মাকরূহে তাহরীমী ওয়াজিবের বিপরীত। মাকরূহে তাহরীমী অস্বীকার করিলে কাফের হইবে না, ফাসেক হইবে। যদি কেহ বিনা ওযরে মাকরূহে তাহরীমী কাজ করে, তাহলে সে ফাসেক হইবে এবং আযাবের উপযুক্ত হইবে।

মাকরূহে তানযিহী ঃ যে কাজ মাকরূহে তানযিহী তা না করিলে সাওয়াব আছে, করিলে গোনাহ নাই।

মুবাহ বা জায়েয ঃ যে কাজে আল্লাহ তাআলা মানুষকে স্বাধীনতা এবং এখতিয়ার দান করিয়াছেন অর্থাৎ, তাহা ইচ্ছাধীন। ইচ্ছা করিলে করিতে পারে, ইচ্ছা করিলে নাও করিতে পারে। মুবাহ কাজ, যথা– মাছ-গোশত খাওয়া, দেশ ভ্রমণ করা, আল্লাহ তাআলার সৃষ্টি দর্শন করা ইত্যাদি।

সমাপ্ত